# विलामकुष्य वार्षिश

# মনোজ বস্থ



বেঙ্গল পাবলিশাস প্রাইডেট লিমিটেড ক্লিকাডা, বারো

- ত্পান্তাসে এক বিহুদী (ত্রু সং)। সৈনিক (৭ম সং)। ওগো বধ্ স্নারী (৪৫ সং)। বকুল (ত্রু সং)। নবীন যাত্রা (ত্রু সং)। জলজঙ্গল (ত্রু সং)। শতুপক্ষের মেরে (৪৫ সং)। যুগাস্তর (২য় সং)। ভুলি নাই (২৬শ সং)। বাঁশের কেলা (৪৫ সং)। আগস্ট, ১৯৪২ (ত্রু সং)। সবুজ চিঠি (২য় সং)। বৃষ্টি, বৃষ্টি!
- সাল্প প্রাক্ত সংনাজ বন্ধর শ্রেষ্ঠ গল্প ( তয় সং )।। বনমর্মর ( ৪র্থ সং )।। উলু ( তয় সং )।। কাচেব আকাশ ( २য় সং )।। দেবী কিশোরী ( তয় সং )।। বাজ্যাত ( २য় সং )।। কুলুম ( २য় সং )।। কিংশুক ॥ পৃথিবী কাদের ? ( ৪র্থ সং )।। নরবাঁধ ( ৪র্থ সং )।। দিল্লি আনেক দূব ( २য় সং )।। জ্বং-নিশার শেষে ( তয় সং )।। একদা নিশীথকালে ( ৪র্থ সং )।।
- স্নাটক ঃ প্রাবন ( ৪র্থ সং ) ॥ নৃতন প্রভাত ( ৫ম সং ) ॥ বিপর্য ॥ রাখিবন্ধন ( ২য় সং ) ॥ বিলাসকুঞ্চ বোডিং ॥ শেষ লগ্ন ॥
- ভ্রমণ ঃ. চীন দেখে এলাম ১ম পর্ব (৭ম সং) । দিতীয় পর্ব (৩য় সং) ॥ পথ চলি ॥

প্রথম প্রকাশ: অগ্রহারণ, ১০৬০। প্রকাশক: শচীপ্রকাপ মুখোপায়ার, বেলল পাবলিলাস প্রাইভেট লিমিটেড, ১৪, বছিম চাটুজ্রে ব্লীট, কলিকাডা-১২। মুদ্রাকর: জিতেক্রমাথ বহু, দি প্রিক্ট ইন্তিয়া, ০০১, মোহনবাগান লেন, কলিকাডা-৪। প্রজ্ঞেলট-দিলী: বিনয় সরকার। রক ও প্রস্কেলগট-মুদ্রণ: ভারত কোটোটাইপ ইন্তিও, ক্রিকাডা-১২। বাঁগাই:বেলল বাইগ্রাস।

ষ্ম্প্ৰোপম ক্থাসাহিত্যিক শ্ৰীমান হরিনারায়ণ চট্টোপাধ্যায় করকমলেষ্

## চরিত্র

মহিম নামজানা উকিল নীলাজি মহিমের ছেলে

স্থানে মৃছরি

স্থীর নীলান্তির এক সমন্থের সহপাঠী

বিশিন সমীবের সঙ্গী

পরেশ এক্ছন ভদ্রলোক

কুল বিলাসকুল বোডিং-এর মালিক

বিলাস কুঞ্জের ছেলে গিরিধারী বোডিং-এর ভূতা

ভোলানাথ ডাকাব

মহামায়া মহিমের স্ত্রী

অমিতা পরেশের ভাগনী

তরঙ্গি ভোলানাথের স্ত্রী ভালা স্থামতার বান্ধবী

নীরা **অ**মিতার বান্ধবী পতিকা তর্মিণীর মেয়ে

ট্যাক্সি-ড্রাইভার, মকেলরা, ফতে সিং, ছ-জন দাবাড়ে, কথক, পুরোহিত, মিস্টার ও মিসেস রে ইত্যাদি।

#### প্রথম অঙ্ক

#### প্রথম দৃশ্য

পোড়ো বাগান। অখখ গাছ। পুরোনো মন্দিবের থানিকটা দেখা যায়।
ভাঙাচোরা চাতাল। দিগ্ব্যাপ্ত জ্যোৎক্ষা—জ্যোৎক্ষা যেন পিছলে পিছলে
পড়ছে অভিকায় অখথের পত্তপুঞ্জ থেকে। যত অন্ধকার জমেছে গিয়ে ঐ
গাছতলায়।

ত্'টি ভরুণ-ভরুণী—সমীর আর অমিতা—চোবের মতো সম্বর্গণে এসে চুকল। সমীরেব হাতে প্লাডস্টোন-ব্যাগ; অমিতার হাতে এটাচি-কেস। উত্তেজনায় থেন হাঁফ ধরেছে অমিতার। চাতালের উপর তারা ব্যাগ ও এটাচি কেস বাধল।

- সমীব—চাঁদমারি। আমরা হাতের তাক ঠিক করি এখানে। রাতে দেখা যাচ্ছে না—দিনমান হলে দেখতে, বুলেট বিঁধে বিঁধে গাছের গায়ে বসস্তর দাগ হয়েছে।
- অমিতা—আগেকার দিনে বিপ্লবারা, শুনেছি, এমনি দব জ্বায়গায় জমায়েত হতেন। স্বাধীন দেশে এখন এসবেব কি দরকার সমীর-দা ?
- সমীর—রণদেব আসছেন। তোমার রণু-কাকা। তাঁকেই বরঞ্চ জিজ্ঞাসা কোরো দরকার আছে কিনা। (একটু থেমে, তীক্ষ কঠে) সে রাত্রের কথা ভূলে গেছ অমিতা? পালিয়ে সীমাস্তের স্টেশনে এসে নামলে। জায়গানা পেয়ে, লুঠ হয়ে-যাওয়া এক দোকানদ্বরে ঢুকে পড়েছ। রাত ছুপুরে রে-রে

- করে এসে পড়ল এক'শ হ'শ লোক। দরমার বেড়া কাটছে, দমাদম কুড়ুল মারছে খুঁটিভে---
- স্মমিতা—( শিউরে উঠল ) বোলো না, বোলো না সমীর-দা। ভাবতে গেলে পাগল হয়ে উঠি। উ:, সে দিন যদি মরে যেতাম—
- সমীর—বেঁচে যেতে তাহলে। তবু ভালো যে ধরতে পারেনি।
  ভাবো দিকি, সেদিন যদি বন্দুক না থাকত রণদেবের, অব্যর্থ
  টিপ যদি না হত তাঁর হাতের ? সে টিপ এমনি-এমনি হয়
  নি—মাসের পর মাস গোপনে অনেক প্রাকৃতিশ করতে হয়েছে।
- অমিতা—চোর-ডাকাত-গুণ্ডা সে লোকগুলো; হিন্দু নয়, মুসলমানও নয়। অথচ দাঙ্গা বলে বাইরের মাতুষ জেনে গেল। সরকার কোথায় শিরোপা দেবেন রণু-কাকাকে—
- সমীর—পাঁচটা খুনের চার্জ রণদেবের নামে। এর পবে সভ্যি সভ্যি যে দাঙ্গা হল, তার সমস্ত দায় চাপাল তাঁর উপরে। স্বাধীন ভারতেও অমন মামুষটাকে আজু ফেরারি হয়ে বেড়াতে হচ্ছে।
- অমিতা-কত বছর দেখিনি ভাঁকে-
- সমীর—আজ্ব দেখবে। আর তার কাজ এই দেখতে পাচছ।
  তাঁরই নির্দেশ, মেয়েপুরুষ সবাই আত্মরক্ষা করতে শিথবে।
  সরকারকে জানিয়ে এসব হয় না। অনেক ফ্যাকড়া, অনেক
  নিয়মকায়ন—
- জমিতা—আমি বন্দুক ছোঁড়া শিথব। শেথাবে সমীর-দা ? আমার
  মুতো দরকার কারো নয়। তুশমনকে মারতে না পারি, নিজের
  বুকে অন্তত মারব।
- সমীর—(মুখে হাসি খেলে গেল। আঙ্ল দিয়ে চারিদিক দেখিয়ে দেখিয়ে জায়গাটার পরিচয় দিছে) কেমন জায়গা বেছেছি বলো। ভাঙা মন্দির—ওদিকটায় শাশানঘাট। শাশানকালীর মন্দির প্রতিষ্ঠা করেছিল কেউ এখানে। সন্ধ্যার পর জনমানব ঢোকে না, শুধু আমরাই কয়েকটি প্রাণী—

সেট খোলার আওবান। সমীর চকিতে নেশখ্যের দিকে চেরে চুশ করণ। অমিতা সাঁ করে গাছের আড়ালে সরে পেশ। সমীর—কে ?

এক হাতে টেনিস-ব্যাকেট আর এক হাতে ট্রকি, নীলাব্রি প্রবেশ করন। নীলাজি—ঠিকই ধরেছি—

ভীক্ব দৃষ্টিতে সে চাতালের উপর ব্যাগ ও এটাচি-কেনের দিকে তাকাচ্ছে।
ট্রিফ ও ব্যাকেট নামিরে রাধল দেখানে। সিগারেট ধরাল। দেশলাই-কাঠি
একটু বেশিক্ষণ জালিয়ে রাধল, নেপথাবভিনীর যদি কিছু হদিশ পাওয়া যায়।
নীলাজি—টেনিস-টুর্নামেন্টে জিতল আমাদের ক্লাব। সেকেটারির

বাড়ি খানাপিনা হৈ-হল্লা—

সমীরকে সিগারেট দিল। দেশলাই জেলে ধরিয়ে দিচ্ছে, আড়চোরে দেখবার চেষ্টা করছে অমিতাকে।

নীলাজি—তোমায় দেখতে পেয়ে এদিকে এলাম। মূখ দেখতে পাইনি, কিন্তু চলন দেখেই ঠিক ধরেছি আমাদের সমীরকুমার না হয়ে যায় না।…এখানে কি হচ্ছে ?

সমীর—চন্দ্রগ্রহণ কিনা ! রক্ষিবাহিনীর হয়ে কাজ করছি। জগতারিণী-ঘাট সামলানোর ভার দিয়েছে আমার উপর।

নীলাজি –এই শ্মশানঘাট হল জগতারিণী ?

সমীর—বলো কেন ভাই! বিশটা ভলান্টিয়ার—বিশ দিকে তাদের রোখ। ছাগল তাড়ানোর সামিল—হিমসিম হয়ে গেছি। এতক্ষণে ফুরসং পেলাম, নিরিবিলি একটু জ্বিরিয়ে যাবো—

মীলাজি—(পবিহাসতবল কঠে) ভলান্টিয়ার উনিও? কথায় কথায় দেরি করিয়ে দিলাম, তোমাদের জিরানোর অন্থবিধা হচ্ছে। ... আচ্ছা—

র্যাকেট তুলে নিয়ে নীলান্তি তাড়াতাড়ি চলে গেল, অমিতা গাছের আড়াল থেকে এগিয়ে এলো।

অমিতা—অভন্ত : মেয়েছেলের ওরা এমনি পরিচয়ই জেনে রেখেছে ৷ সমীর—কনে-বউ হয়ে গাড়িয়েছিলে। লোকে গুডে বেশি সন্দেহ করে।

অমিডা—কে বলো তো ইতর লোকটা ?

সমীর—নীলাজি চৌধ্রি—

অমিভা--নীলাজি চৌধুরি, মানে-

সমীর—ঠিকই ধরেছ। খেলোয়াড় নীলাজি। হাতে র্যাকেট—
সিঁদকাটি নিয়ে বেড়ালে চোর নয় তো সে কি ? কাগজে হরদম
ছবি বেরোয়। কলেজে ঢুকে ছ্-বছর একসঙ্গে পড়েছিলাম,
ভাবসাবও হয়েছিল—

অমিতা—তুমি ভারপরে ইস্তফা দিলে—

সমীর—ওর-ও প্রায় ইস্তফা। কলেজ-টামে খেলবে আর হস্টেলে থাকতে পাবে, ল-কলেজে সেই জন্ম নাম টেনে বেড়াচ্ছে। পাছে ছেড়ে যেতে হয়, তাই ফেল হয়ে যাচ্ছে নিয়মমতো বছরে ছ-বার করে।

চং করে অনেক দ্বে কোবার ঘড়ি বাজন। অমিতা ব্যস্ত হয়ে ওঠে।

অমিতা—এত রাত গেছে, এলেন কই রণ্-কাকা ?

সমীর—এইবারে এসে পড়বেন।

অমিতা--কোনদিকে কেউ নেই--আমার ভয় করছে।

সমীর—ভয়ের কথা, অমিতা, তোমার মতো মেয়ের মুখে মানায় না কিন্তু ৷ সে রাত্রে অতগুলো গুণ্ডার চোখ এড়িয়ে একলা একটি প্রাণী কেমন চুপিসারে পালিয়ে এলে !

অমিতা—প্রাণের দায়ে। তখন আমি আর-এক মানুষ হয়ে গিয়েছিলাম। ওসব মনে করিয়ে দিও না—ভাবতে গেলে পাগল হয়ে উঠি।

অমিতার গলা আটকে যায়, চোধ জলে ভবে আসে। শাড়ির প্রান্তে চোধ মূছে বলন।

অমিতা—ভূমি বলেছিলে সমীর-লা, আরও অনেক ছেলেমেয়ে আসবে—

দানীর—জাসবেই জো! রণদেব আসঁছেন—ভোমার একারই রণুকাকা নয়, সব ছেলেমেয়ের তিনি আপন। সেই মান্নবের সামনে
কায়দা-কসরং দেখাবে না, এদ্দিন ধরে শিখল এরা তবে কি ?
ভূটো-তিনটে মেয়ে—এই ভোমারই বয়সি—এমন ভাদের টিপ
হয়েছে, মিলিটারির ভা-বড় ভা-বড় লোক পাল্লায় পেরে উঠবে
না। আসছে ভারা—এক্লি এসে যাবে, নিজের চোখেই দেখতে
পাবে।

অমিতা—কারও আসার লক্ষণ দেখিনে—

দমীর—অনেক দেখেগুনে সামাল হয়ে আসতে হয়। কি জানি, কি ব্যাপার—এত দেরি হওয়ার কথা নয়।

অমিতা—আমি চললাম—

সে উঠে দাঁড়াল।

সমীর—দেখবে না রণদেবকে ?

মমিতা—আমাব ভাগ্যে নেই।

দমীর—সে কি ? ভোমারই জন্ম বিশেষ করে আসছেন আজ।
তুমি যে বিপদে আছ, বুড়ো বরের হাতে গছিয়ে দিয়ে পরেশবাবু
গয়নাগুলো হাতাবার ফিকিবে আছেন—সমস্ত বলেছি।

অমিতা-বাত হয়ে যাচ্ছে। জ্ঞান তো মামাকে-

সমীর—গঙ্গাস্নানে এসে ভিড়ের চাপে দল-ছাড়া হয়ে পড়েছ। রাভ তো হবেই।

অমিতা—তা হলেও পথ খুঁজে বাড়ি ফিরতে ন'টার বেশি কিছুতে লাগতে পারে না।

দমীর—একটা মিখ্যে বলে বেরিয়েছ, আর-একটা ভেবে পাবে না ?

অমিতা—বড় আশা করে বেরিয়েছিলাম, রণু-কাকার সঙ্গে দেখা হলে একটা-কোন উপায় তিনি বাতলাবেনই। কিছু না হোক, তাঁর কাছে মনের কথা বলে হালকা হব। কিছু হল না। কী যে কাণ্ড হবে, ভাবতে বুক শুকিয়ে উঠছে।…কোন দিন ক্ষনৰে আত্মহত্যা করে জাল। জুড়িয়েছি। কলেরায় মরেছি, মামা রটিয়ে দেবে।

সমীর ব্যাগ খুনল। আর তাকাজ্যে বারবার অলক্ষ্যে একদিকে।
অমিতা—(উদ্বিয় কঠে) কি ?

সমীর – কিচ্ছু নর। পাতা খড়খড় করে উঠল কি না, তাই ভাবলাম
— এলো বুঝি কেউ। মাখায় শুধু নয়, পিঠের উপরেও আমাদের
ছটো কান রাখতে হয়।

ব্যাগের কঠর থেকে বেরুল খাকি প্যান্ট ও সাট। বেরুল ছ-নরা রিভলভার। সমীর—আমাদের রক্ষিবাহিনীর ইউনিফর্ম। আর এই হল—
অমিতা—( সাগ্রহে হাত বাড়িয়ে ) রিভলভার ? দেখি দেখি—
সমীর—উহুঁ, লোড কবা আছে। চালাতে জ্ঞানো না তো!
অমিতা—দেখিয়ে দাও। ঠিক পারব আমি—

সমীর—সে জানি। তুমি ঠিক পারবে। সেই বাতে ঠাণ্ডা মাথায়

যা উপস্থিত-বৃদ্ধি দেখিয়েছিলে, মেয়েদের মধ্যে বন্দুক-রিভলভারেব দাবি তোমার সকলের আগে। আমাদেব বক্ষিবাহিনীতে
ভর্তি হয়ে পড়ো। আছা, ধরো—পিছিয়ে এসো খানিকটা—
অমিতা—না, থাকগে—

সমীর—সংক্ষাচ কিসের ? রণদেব ওঁবা এসে না পভা পর্যস্ত চলুক।
শক্ত কিছু নয়। টর্চ ফেলছি। ঐ যে ভাল বেরিয়েছে—
তাক করো ভালের গোড়ার ঐ জায়গাটায়। এত কাছের থেকে
নয়, পিছিয়ে এসো খানিকটা—

অমিতা লক্ষ্যভেদের চেষ্টা করছে। ফ্লাশ-জালো চকিতে তার মুখের উপর খেলে গেল।

অমিতা—কোটো ভূলে নিল যেন কেউ ?

সমীর—কি সর্বনাশ! নেতাজী স্থভাষের সম্বন্ধেও শোনা যায়, পুলিশ নাকি এমনি অবস্থায় তাঁর ছবি নিম্নেছিল। অধ্ববর্তী বোণের দিকে অমিতা ছুটন। সমীর-আহা, যাও কোথা !

অমিতা—আলো ঐ দিক থেকে পড়ল—ঐ যে, ক্যামেরা স্কটিয়ে নিচ্ছে হুটো লোক—

ছুটে বেৰুগ। মূহুৰ্ত পরে কঠিন মূথে ফিরে এলো।

অমিতা—তোমারই লোক সমীর-দা। একটাকে সেদিন দেখেছি, তোমার সঙ্গে মামার কাছে গিয়েছিল।

সমীর-কক্ষণো না। তোমার ভুঙ্গ হচ্ছে।

অমিতা—বোকা বোঝাতে যেও না। কেন ছবি তুলে নিলে ?

সমীর—তোমার একটা ছবি রেখে দেবো—

অমিতা-কেন ?

সমীর—ধরো, ভালবাসি ভোমায়—

অমিতা—( আগুন হয়ে উঠল) চললাম আমি—

সমীর বিভলবারস্থদ তার হাত এঁটে ধরণ। বল্লমৃষ্টিতে ধরেছে। বাঁ-হাতে ছিনিয়ে নিল বিভলবার। অমিতা কঠমর যধাসম্ভব সংবত করন।

অমিতা—মতলব কি ভোমার 📍

সমীর-হাত ধরা দেখে বৃঝলে না ? ভালবাসা।

অমিতা—ছেড়ে দাও—

সমীর-প্রতিজ্ঞা-পত্র লিখে দাও আগে--

বলে হাড ছেড়ে সন্তিয় সন্তিয় সে ফাউন্টেন-পেন বের করল পকেট খেকে।

অমিতা-কিসের প্রতিজ্ঞা ?

সমীর—আজ থেকে আমাদের রক্ষিবাহিনীর দলে এলে। ছর্জনের শক্র, তুর্গতের বন্ধু—

অমিতা—রণু-কাকার সঙ্গে দেখা হোক। তিনি যদি বলেন—

मभीत-एश श्रव ना।

অমিতা--আজকে না-ই হোক, কোন একদিন--

সমীর-কান দিনই নয়।

অমিতা—কেন, আমার কথা বলোনি তাঁকে ?

সমীর—না। বলবার ফুরসর্থ হল কই †
শ্বমিতা সঞ্চার দৃষ্টিছে তাকিরে আছে।

সমীর—সেই দান্ধায় মরে তিনি ভূত হয়েছেন। জ্বানাই কেমন করে ? অমিতা—মহাপাষ্ঠ তুমি।

নিজেব বশোকীর্তন বসিয়ে বসিয়ে যেন উপভোগ করছে, সমীরের ভাষধানা এমনি। শেষটার আর সামলাতে পারে না, হি-হি করে হাসে অমিতার উত্তেজনা দেখে।

অমিতা—ছোটবেলা সেই মামার বাড়ির গাঁয়ে থেকে পড়তে—তারপরে এত অধঃপতন হয়েছে তোমার ? সরো—

সমীব পথ আটকাল।

সমীর —লিখে দিয়ে তারপর যেখানে খুশি চলে যাও।

অমিতা—তোমাদের দলে যাবো না; কোন প্রতিজ্ঞাপত্র লিখব না আমি।

সমীর-প্রতিজ্ঞাপত্র নয় গো-প্রেমপত্র।

অমিতা – মানে 🏃

সমীর—বৃদ্ধিমতী মেয়ে হয়ে এ তৃমি কি একটা বললে? প্রেমপত্রের মানে থাকে নাকি? তৃমি আমায় ভালবাস, আমায় না
পেলে হাবড়ার পোল থেকে লাফিয়ে পড়বে, অতএব লেকের
ধারে অতি অবশ্য যেন দেখা করি—পাতাখানেক এমনি আবোলতাবোল লিখে যাও দেখি। আহা, রাগ করো কেন—এমন
লিখেছ নিশ্চয় কত জনকে—

व्यभिका कनम इंद्र किल (एव।

সমীর—মনের মধ্যে যে কথা আঁকুপাঁকু করছে, লিখতে তাই এত আপত্তি ?

मदीया इत्त विभक्त टिहिट्स केंग।

অমিতা-পথ ছাড়ো শয়তান-

সজোবে র্যাকেটের আঘাত এসে পড়ল সমীবের চোরালে। হকচবিরে সে দিল ছুট। নীলান্তি এসেছে। অমিভার চোধে জলের ধারা।

- নীলাজি—(ব্যক্তের স্থবে) কাঁদছেন ? স্কাঁদতেও জানেন তা ইলে! চোখ মৃদ্ধন—কানা দেখলে দলের মেয়েরা বলবে কি ?
- অমিতা—দলের মেয়েদের যখন জানেন না, তাদের কথা কেন ? আমায় যা ইচ্ছে বলতে পারেন, আপনি আমার ইচ্ছত বাঁচিয়েছেন।
- নীলান্তি—দৈবাৎ বেঁচে গেছে। বিশ্বাস করুন, ইচ্ছত বাঁচাতে আসি নি। ট্রফি ফেলে গিয়েছিলাম।

চাতাল থেকে উফি তুলে নিল।

নীলান্ত্রি—আপনাদের ইজ্জতেব চেয়ে এই জিনিসটার দাম অনেক বেশি—

নীলান্তি চলে যাছে। অমিতা অকুসরণ করে।

নীলাজি- ওকি, পিছু নিচ্ছেন যে ?

অমিতা-আমায় বাডি পৌছে দেবেন।

নীলান্তি—এ তো বড ফ্যাসাদে পড়লাম ইজ্জত বাঁচিয়ে—

দৃত ভাবে দে ঘাঁড় নাডল। অমিতা ক্রন্সনাকুল কঠে বলছে।

- অমিতা—ওরা বয়েছে কোথাও আশেপাশে। আপনি সবে গেলে
  আবাব হয়তো অপমান করতে আসবে—
- নীলান্তি—আপনাদের আবার অপমান! সে বোধ থাকলে সমীর দত্তের মতো লোকের সঙ্গে বেকতেন না। বক্ষে ককন—আপনার লজ্জা না থাক, আমাব আছে। আপনাদেব এই শ্রেণীকে আমি দ্বুণা করি।
- অমিতা—বেশ যান চলে আপনি। আমারই অক্তায় হয়েছিল বলতে যাওয়া—

ধস্কের তীরের মতো ছিটকে সে সরে দীড়াল। মেরেমাস্থ কাড, তার ক্মব্যসি—রাগ-অভিমানের অগ্রিগিরি। বিক্টোরণে স্থান-কালের বাছ-বিচার নেই। নীলান্ত্রি তাকাল ভো মুথ ফিরিয়ে নিল সে অগ্রাদিকে। নীলান্ত্রি চলে গেল। স্কৃত্বভূত করে স্থীরও এলো ঝোগঝাডের আড়াল থেকে।

## অমিতা-আবার গ

সমীর—চটো কেন । এতই যখন আপত্তি, কোন-কিছু লিখতে হবে না। কাল নেই প্রেমপত্তের—

সমীরের হাতে এখনো সেই রিভলবার। স্বমিতা ব্যাকুল হয়ে বলল।

- অমিতা—গুলি ভরা আছে—মারো একটা, চুকেবৃকে বাক। আর পারি নে—
- সমীর—(হেসে উঠল) তাতে আমার কি মুনাফা ? উপ্টে হাতে দড়ি পড়বে—সে দড়ি গলা অবধি উঠে কাঁসির দড়ি হওয়াও বিচিত্র নয়।
- অমিতা—কি তোমার মতলব স্পান্তাস্পষ্টি বলো—

এক নতুন কর্মের খ্যানখেনে আওয়াক্ত এলো সমীরের পেছন থেকে। সেই লোক, যে ফোটো তুলে নিয়েছে। তার নাম বিপিন।

- বিপিন—কিছু টাকা চায়। আজ্ঞে হ্যা বড্ড লাজ্ক কিনা, মুখ ফুটে কথাটা বলতে পারছে না—
- সমীর—( ঘাড় নেড়ে সায় দেয় ) ঐ বিপনে যা বলল—
  অমিতা দৃপ্ত ভাবে ছ-পা এগিছে গেল।
- বিপিন-ক্তিছু তো জবাব দিলেন না দিদি-ঠাককন, কিন্তু আপনার চাঁদমারির ঐ প্লেটটার রাভারাতি যে অনেকগুলো প্রিণ্ট হয়ে যাজ্ঞে—
- অমিতা—( সমীরের মুখের দিকে সোজা তাকিয়ে ) কেন তুলেছ তোমরা ও-ছবি ?
- সমীর—বিলি করা হবে। থানায় একটা। টালিগঞ্জে বড় ডাকাতি হল, তাতে বিভলভার-হাতে একটা মেয়ে ছিল—এর থেকে সেই ব্যাপারের; যদি কিছু কিনারা করতে পারে। আর ভোমার মামাকৈ আমি মাক্ত করি—থানার সঙ্গে তাঁর বড়ুড দহরম-মহর্ম। ভাগনী ডাকাডের ধলে গিয়ে জুটেছে, তাঁরও সেটা

জানা দরকার।—তাঁকে দেবো একটা। তাছাড়া ভেবে দেবতে হবে আর কোখার দিলে কি বক্ষটা হয়—

অমিতা—জাঁনো, আপন মামা নন উনি—সত্যিকার সম্বন্ধ কিছু নয়। আমায় হয়তো পথে বের করে দেবেন—

সমীয়—হয়তো কেন—নিশ্চিত দেবেন। বিশ্নে ঘটিয়ে ভারপরে দিতেন, সে অজ্হাতের আর দরকার হল না। ভোমাকে ভাড়াবেনই; আমাকেও টাকা দেবেন ছবি কাউকে বাতে না দিই—ভাকাত মেয়ে বাড়ি রেখেছিলেন, কোন স্ত্ত্তে উনি হাঙ্গামায় না পড়েন।

অমিতা—কি করেছি আমি, কেন আমার সর্বনাশ করবে সমীর-দ। ? সমীর—নিজের সর্বনাশ ঠেকাতে।

অমিতা—নিঃস্ব নিরাশ্রয়—কেন আমায় নির্যাতন করছ ? দয়া করে।
সমীর-দা। আমার বাপ নেই, মা নেই—

সমীর – কিন্তু মায়ের গয়নাগুলো আছে। কাপড়ের নিচে ক্যাশবাক্স নিয়ে সেই যে রেললাইন ধরে ছুটেছিলে। বিবেচনা করে
দেখ অমিতা। দেনার ঝামেলায় পালিয়ে পালিয়ে বেড়াচ্ছি—
রাতে ঘুম নেই, সারাদিন সোয়ান্তি পাইনে। তোমার খান চারেক
গয়না দিয়ে দিলে হাজার ছই হয়ে যায়। এই সামান্ত পেলেই
আমি খুলি।

नीनाजि चावात्र ज्या।

नीमाजि- हनून, काथाग्र त्यत्छ हान।

বিপিন—দেরি হবে, কাজকর্মের ফয়শালা হয় নি।

নীলালি পাওপাত-অন্ত সেই ব্যাকেট তুলে ধরতে সমীর রিভলবার তাক করেছে।

অমিতা—রিভদভার নীলান্তি বাবু। লোড করা আছে—

নীলান্ত্রি দেখল তাকিরে; তারপর অবহেলার ভাবে পিছন দিরে দীড়াল। বিজ্ঞলভার উন্তত্ত ছিল বুকের সামনে, এবার পিঠের দিকে পড়ল। প্রম নিশ্চিত্ততায় দে অমিতাকে বলল। भोगाजि-- यात्वन किमा वगूनं--

ষাড় কান্ত করে একটু শিছনে হেলে একই সব্দে নীলান্তি হকার দিয়ে উঠন। নীলান্তি—পিটুনি আর-এক দকা খাবার ইচ্ছে রয়েছে? মাথা ফাটিয়েছি, নাক ভেঙেছি, কান ছটো ছিঁড়ে নেবো এবার—

গতিক বুঝে বিপিন আগেই সরেছে। বিভগবার নামিরে সমীরও পিঠটান দিল। অমিতা অবাক, এতকণে কথা ফুটল।

অমিতা—ডাকাত মানুষ আপনি। রিভলতারে তয় হল না !
নীলান্তি—সমীর দত্তের হাতে রিভলবার ! কী যে বলেন।…
আমুন। দেরি হলে আমার হস্টেলের গেট বন্ধ হয়ে যাবে।
অমিতা—কি আশ্চর্য, সত্যি রিভলতার নয় ! দেখতে তো
অবিকল—

নীলাজি—বাইরের দেখায় কি সত্য পরিচয় মেলে? এই আপনি দেখতে এমন স্থল্পর—চোখে না দেখলে কি বিশ্বাস করা যেত, রাত্রিবেলা এই জায়গায় ঐ লোকগুলোর সঙ্গে ও কি, দাঁড়িয়ে গেলেন যে?

অমিতা—আমি যাবো না, আপনি চলে যান।
নীলাজি—ও:, আচ্ছা — বুঝতে পেবেছি—
অমিতা,—দাঁড়ান। কি বুঝতে পেরেছেন, বলে যান।
নীলাজি—কাজের ফয়শালা হয়নি, যাবেন না এখন—

অমিতা—( অশ্রুসজন কঠে) আলবং যাব, আপনার সঙ্গেই যাব। ওদের চেয়ে বেশি অপমান করেছেন আপনি। আপনার স্থান্য নেই, মনুয়ান্থ নেই—অসহায় মেয়েকে জানোয়ারের মূখে ফেলে যেন্তে আপনার বিবেকে বাধে না। আপনি ওদের চেয়েও ভয়ানক।

বলতে বলতে অমিতা জ্বাধ ও অবসালে ভেঙে পড়ে। ধরধর করে কাঁপছে, মাটিতে পড়ে যায় বৃত্তি। নীলাজি তাকে ধবে চাজালের উপর বসিবে দিল, সেইধানে এলিয়ে পড়ল। মোটারের হর্ন বাজল একটু দূরে। নীলান্ত্রি—উঠবেদ না—ভয়ে থাকুন। (নেপথো তাকাল) ট্যাল্পি, এই ট্যাল্পি—। ইধার আও, এই ড্রাইভার—

ট্যাক্সি-ড্রাইভার এলো। অমিতা উঠে বাড়াল। টলে পড়ে বার কে বেন। নীলাজি কাছে বেতে তার কাঁধে তর দিল। নীলাজি ড্রাইভারকে বলে।

নীলাজি-জিনিস ক'টা নিয়ে এসো ভাই-

জ্বাইভার চাতাল থেকে এটাচি-কেন, প্লাডস্টোন-ব্যাগ, ব্যাকেট ও ট্রফি তুলে নিল। সকলে চলে যাচ্ছে।

# দ্বিতীয় দৃশ্য

কুয়াপাচ্ছৰ মান জ্যোৎসা।

পূর্বদৃশ্যের শেষে যে টাায়ির প্রসন্ধ আছে, তার হর্ন শুনতে পাচ্ছি। মোটর যেন হুড়মুড় করে পড়ে গেল কোথার। আর্ডনাদ। লোকে হৈ-চৈ করে উঠল। কেউ বলছে 'একেবারে উন্টে গেছে টাায়িটা'; কেউ বলে 'মাছব আছে ভিতরে'; কেউ বলছে—'জল'; কেউ বলছে—'আাহ্লেণ আনো'; কেউ বলছে 'ডাক্টার', কেউ বলে—'সক্ষন সক্ষন, ভিড় স্বমাবেন না'; কেউ বলে—'বান্তা থেকে কোথাও নিয়ে চলো—ঐ বোর্ডিং-হাউলে'। কেউ বলে—'হাা হাা, বিলাস-কুঞ্জে নিয়ে ভোলা যাক, সে শ্বকম লাগেনি'; ইত্যাদি ইত্যাদি।

আধ-অন্ধকারে দেখা গেল, মঞ্চেব উপর দিয়ে হুটি প্রাণীকে ধরাধরি করে নিয়ে যাচ্ছে।

# তৃতীয় দুখ্য

বিলাস-কুঞ্চ বোর্ডিং-এর ডুইংক্লম। বর্ণনা নিশুরোজন। কলকাতার মাঝারি হোটেলে বেমন দেখে থাকেন। এক প্রান্তে সেক্রেটারিরেট-টেবিল সেতে অফিস বানানো হয়েছে। টেলিফোন জাছে।

সকালবেলা। হোটেলের মালিক কুঞ্জবিহারী হস্কদন্ত হয়ে ৮০ক আদশ-চেয়ারে বসলেন। কলিং-বেল টিপলেন; আওয়াজ হয় না। কুঞ্জ—গিরিধারী, ও গিরিধারী— নাঞা না শেরে চটেনটে জান্দার থাবে গেলেন। উত্তিম্ব থিটিবে ভাকাভাকি করছেন।

কুঞ্ব—গিরি, গিরি, কোধায় মরে আছিস—ওরে গিরে শয়ডান— নেপধ্যে গিরি—আজ্ঞে—

গিরিধারী ছুটে এলো।

কুঞ্জ-এডক্ষণ জবাব দিসনি কেন ?

গিরি—টের পাইনি কর্তা। আপনার মুখে 'গিরিধারী'—আমি ভাবলাম, কোন বাবু-খন্দের এলেন বুঝি ঐ নামের।

কুল্প —ছোটবাবু কোথায় রে ? বিলাস, আমাদের বিলাস হতভাগা— গিরি—তিনি ঘুমুচ্ছেন।

কুঞ্জ — ঘুমুচ্ছিলে ভূমিও তো ? চোথ ফোলা-ফোলা — আমার বোর্ডিং-এ স্থুমের পালা চালিয়েছ ভোমরা মনিবে-চাকরে।

গিরি—সেই যে মোটর-অপঘাত হল—রাত একটা অবধি আমরা রোগি ছটো নিয়ে—

কুঞ্জ — রাভ একটা অবধি আমার প্রান্ধের বোগাড় করছিলে।

যাও—গরম জল নিয়ে এসো শিগগির। ভোলা ডাজারকে

ডেকে এসেছি। আসছেন তিনি। বলে দিলেন গরম জলের

ব্যবস্থা করতে—

টেলিফোন-গাইড নিয়ে তাড়াতাড়ি পাতা উন্টাচ্ছেন। এমন সময় তর্বিণী এলেন। পৃষ্ট-দেছ বিগতবৌৰন মহিলা। ব্যাগ ও এটাচি-কেস দরজার পালে—পায়ের ঘায়ে ফুটবলের মতন উড়িয়ে দিয়ে তিনি চুকলেন।

তরঙ্গিনী—দেখুন দিকি, জ্বিনিসপত্তোর রাখবার এই জায়গা ?

কুঞ্জ—এই গিরে! 'শয়ভান' কি জন্মে বলভে হয়, বোঝ্ ভাহ**েল**—

গিরিধারী জিনিস তুটো তুলে রাখন খাডাপত্র-রাখা ডাব্দের উপরে।

গিরি—সেই রোগি ছটোর জিনিস। কি কাণ্ড, জানেন না কর্ডা। তবন কি মাথার ঠিক ছিল ? কুম—( জরানিশীকে ) আপনি তো বেরিয়ে পড়েছন। ডাজারকে ডেকে এলাম—ডিনি কোশার !

তর্নিগী-আসছেন-

- কুল্ল-কিসে আসছেন ? গজে না দোলায় ? রাত্রে ক'দাগ অযুধ
  দিয়ে ঘাড়ে মূখে ক'টা পটি মেরে এলেন, তাইতে অমনি হয়ে
  গোল ? বলি, ছু-লাইন ডেখ-সার্টিফিকেট লিখে দায় সারবার
  মতলব নাকি ?
- তরক্রিণী—তা নয়। মেয়ের বিয়ের দায় বোঝেন তো ? ছুটোছুটি করে কলকাতায় আসা। স্তেথিসকোপ আনতে ভূল হয়ে গেছে। বৃক দেখতে হবে, পরাশর-ফার্মেসিতে একটা স্তেথিসকোপ চেয়ে আনতে গেছেন।
- কুঞ্জ—বুক আর দেখতে হবে না। বুকের কি আছে যে দেখবেন। একেবাবে ছাতু—
- তরঙ্গিণী--বলেন কি ?

টেলিফোনের ভায়াল ঘোরাতে ঘোরাতে কুঞ্চ বললেন।

- কুঞ্জ—বেন্ত্<sup>\*</sup>শ হয়ে পড়ে আছে। কচি বয়স—আহা, কি কষ্ট যে পাচ্ছে !
- তর্ক্সিনী—কট্ট আবার কিলের ? মরে গেলেও কট্ট নেই ভাল রকম ইনসিওর করা যদি থাকে। কুম্ববিহারীকে সাগ্রহে প্রশ্ন করলেন।
- ভরঙ্গিনী—ইনসিওর করবার মতো কেউ আছেন এখন বোর্ডিংরে ? জাতুড়ঘর থেকে অন্তর্জ্জনী সব মানুষের সর্বরকমের স্কীম আছে। আপনি ক্সামায় কয়েকটা নাম দিয়ে দিন, কমিশনের বখবা পাবেন। ভারপরে যা করতে হয় আমি করব।
- কুঞ্জ-হাতে বেড়ি পড়বে, মাথায় আগুন জলছে এখন, আপনি বলেন ইনসিওরেন্স।—চুপ করুন, ফোন করছি দেখতে পান না ? ভর্মিশী—নডুন বারা এলেন, লিক্টা দিন তো একবার।

- কুল-নতুন এসেছে ভো কালকের ঐ ভোড়া। মরতে বাচ্ছে, প্রোপোচ্চাল সই করবে কি করে ?
- ভরজিণী—পুরানো খাতাই দেখি আর একবার। দেশের যে কি অবস্থা—কেউ ইনসিওরেন্স করবে না; বমদ্ভের মত ভরায় আমাদের।

ভৰজিণী খাডা নিয়ে সোকায় বলে একাজে নোট নিচ্ছেন। ওদিকে
কুম্ববিহারীর টেলিকোনে সাড়া এলেছে।

কৃষ্ণ (টেলিফোনে) থানা ? আমি কৃষ্ণ চাকলাদার কথা বলছি...
সেই যে সেবার খুব আলাপ হল স্থার। আজ্ঞে হাঁা, বোর্ডিং
খুলেছি—লেক থেকে এক মিনিটের পথ। বিলাসকৃষ্ণ নাম—
বাপে বেটায় বোর্ডিং খুলেছি কিনা—আমার নাম কৃষ্ণ, ছেলের
নাম বিলাস। ছটো জুড়ে গিয়ে ঐ দাঁডিয়েছে। বিপদে পড়ে
গিয়েছি স্থার। কাল রাভ এগারোটা নাগাদ হোটেলের
কাছাকাছি মোটর অ্যাকসিডেন্ট হয়। রাস্তা খুঁড়ে পাইপ
বসাচ্ছে, ড্রাইভার রঙে ছিল বোধ হয়, ছড়মুড় করে গর্ভে গিয়ে
ফেলেছে। ছ'লন ছিল গাড়িতে—আমী-জ্রী—অল্লবয়ি।
আমার ছেলে আর জনকয়েক মিলে পথের আপদ হোটেলে এনে
তুলেছে। মরবে না স্থার, মাধায় চোট লেগেছে, ভোগান্তি
আছে এই মনে হয়। আজ্ঞে জিজ্ঞাসা করে বলছি।

বিলাস এসে দাঁড়িয়েছে। ফোনের মূথে হাত চাপা দিয়ে কুঞ্জবিহারী

কুঞ্জ—ট্যাক্সি কোখায় ? নম্বর নিয়েছ ?

বিলাস—তথন এদের নিয়ে ব্যস্ত। অত মাধায় আসেনি । তারপরে ভাবলাম, থাকুক অমনি পড়ে গর্তের ভিতরে। সকালবেলা যা করতে হয় করা যারে। বেটা ইতিমধ্যে রাতারাতি গাড়ি ভূলে নিয়ে সরে পড়েছে।

कुक-ইাদারামের হল। (টেলিফোনে) এরা স্থার এই সব

তালে ব্যক্ত। ডাইন্ডার বেটা ট্যাক্সি তুলে নিয়ে চম্পট দিয়েছে। শেক্ষাক্সে । তা তো বটেই! জিজ্ঞাসা করছি ওদেব। কুঞ্চ পুনন্দ ফোনে হাত চাপা দিয়ে তর্জন করছেন।

কুঞ্জ-পুলিশ খবর দেওয়া হয় নি কেন ?

বিলাস—ডাক্তারকে দিয়েছিলাম। বিছানা থেকে উঠে এসে তিনি দেখে গেলেন। পুলিশ এসে কি ব্যাণ্ডেজ বাঁধাবাঁধি করত ?

ুঞ্জ—তোমার আর আমার হাত বেঁধে টানতে টানতে নিয়ে যাবে এইবার। (টেলিফোনে—অত্যস্ত মোলায়েম কঠে) ছেলেছোকরা কি না স্থার, অতটা বুঝে দেখে নি। ..আমি বুড়োমামূষ, আফিঙের ধাত—সাড়ে-আটটায় তেতলায় উঠে পড়ি, নিচে কুকক্ষেত্রোর হয়ে গেলেও কানে যায় না। উপায় কি, দয়াধর্ম করে মানিয়ে গুছিয়ে নিতে হবে স্থার...আসছেন আজকে? আস্থন, আস্থন—বোর্ডিং-এর কবিবাজি-কাটলেট একটু চেখে দেখতে হবে। 'না' বললে মবমে মরে যাবো। একটু ধরুন স্থার, জিজ্ঞাসা কবে বলছি। (রিসিভাব নামিয়ে) এই বিলাস, বলি নাম-টাম জানা গেছে ওদের?

বিলাস—অজ্ঞান হয়ে পড়েছিল, নাম বলবে কি করে ?

কুঞ্জ—নাম তুটো বলেও তো অজ্ঞান হতে পারত। (টেলিফোনে)
নাম না বলে অজ্ঞান হয়েছে স্থার। তো আজ্ঞে হ্যাঁ—সনাক্তকরণের
দরকার বই কি! আপনারা আসতে লাগুন, আমিও দেখি—
টেলিফোন ছাড়লেকা গিরিধারী প্রবেশ করন।

গিরি--গরম জল রাথব কোথায় ?

কুঞ্জ-আমার মাথায়--

বিলাস-বা:, গরম জল হয়ে গেছে । দে-দে, রাত জেগৈ গল।
খুস্থুস করছে।

গরম জলের পাত্র নিয়ে বিলাস চলল কুল্ল—দেখ, দেখ হারামজাদার কাণ্ড— काकाकांकि विवादमब निहत्न व्यटक नखन भएन कींकित्करमन निरंक ।

কৃঞ্জ—আরে এটাচিকেলের উপরে নাম রয়েছে যে! ঠিকানাস্থা।
অমিভাদেবী—৬২নং ভালু মল্লিক লেন। েবৌটির নাম পাওয়া
গেল, বরের নামটা। গিরে, দেখুনা—

কৃত্ব অমিভার এটাচিকেসের ভিতরকার শাড়ি ও টুকিটাকি জিনিসপত্র পুঁজছেন। গিরিধারী সমীরের গ্লাডস্টোন-ব্যাগ ঘূরিয়ে এপাশ-ওপাশ দেধছে। গিরি-এতে কিছু নেই-

কুঞ্জ—বাঘ-ভালুক নেই রে! কি আছে বের করে ফেল। আবার তুলে রাখিস।

গিরিখারী ব্যাগ থেকে পোশাক বের কবতে পকেট থেকে সিগাবেট-কেস পড়ে গেল। কুঞাব নক্তর পড়ল, তাতে নাম লেখা বয়েছে।

কুল্ল—এই যে, সিগারেট-কেসে নাম লেখা—সমীর দত্ত জি. ও. সি.
ব্যস—ব্যস—সিগারেট-কেস ঢুকিয়ে রাখ আবার ইউনিফর্মের
পকেটে। [টেলিফোনের ডায়াল ঘুরাতে লাগলেন] গুছিয়ে
রাখ, যেমন যেমন ছিল তেমনি করে—ব্যাগের জিনিস ব্যাগে,
এটাচিকেসের জিনিস এটাচিকেসে।

গিরিধারী ভূগ করে সমীরের পোশাক অমিতাব এটাচিকেদে, আব অমিতার শাডি সমীবের বাাগে রেখে চলে গেল। তর্মকণী এলেন।

কুঞ্জ —কই, কোথায় অপনার স্বামী ?

তরঙ্গিণী-আসেন নি এখনো ?

কুল্ল—বুঝেছি, তিনি হলেন ভোলানাথ ডাক্তাব—ভূলের ভোলানাথ, ভূলে বসে আছেন নিশ্চয়।…(ফোনের ডাল্লাল ঘুরাল) হালো থানা ? আমি স্থার —পুনশ্চ সেই কুঞ্জবিহারী। নাম-ঠিকানা পেয়ে গেছি। বেশ তো, লিখে নিন—

বিলাস-চা--

কুঞ্চ—( জুকুটি করে ) আনো ানিয়ে এসে।—( টেলিফোনে ) ইয়েস স্থার। লিখে নিন্—স্থামী হলেন সমীর দত্ত, মেয়েটির নাম অমিতা দেবী, ঠিকানা— বিলাস চা নিবে কাছে আসতে কুঞা বাটিসমেত ভাকে লক্ষ্য করে ছুঁড়ে মারলেন। বিলাস গভীর ভাবে চারের সেই বাটি মেজে থেকে তুলে নিবে বেরুচ্ছিল, অমিতাকে দেখে দাড়াল। অমিতা কুঞ্জের শেবের কথাগুলো ওনেছে। অমিতা—হাঁা, অমিতা দেবী—

কুঞ্জ—বাহবা রে ভোলা ডাক্তার! বেড়ে ওষ্ধ তো! রোগি খাড়া হয়ে চলে এসেছে।

অমিতা—এসেছি কৈফিয়ত নিতে—

কুঞ্চ—কৈফিয়ত ?

অমিতা—আমি জ্বানতে চাই, আমাকে বাড়ি পাঠানো হয় নি কেন ? কুঞ্চ—নাম-ঠিকানা লিখিয়ে তো অজ্ঞান হও নি মা—

অমিতা—কিন্তু নাম-ঠিকানা জানতে তো আটকায় নি। সমস্ত জেনে শুনে আপনারা আমাকে বাডি না পাঠিয়ে সাবারাত এখানে এই অবস্থায় ইচ্ছে কবে আটকে বেখেছিলেন।

কুঞ্জ —ইচ্ছে করে ?

অমিতা — হাা, ইচ্ছে কৰে। বাডিতে খবরটাও দেন নি। কেন, তাব কাবণ জানতে চাই—

কৃঞ্জ — কারণ-টাবণ আমি জানিনে। ঐ বৃদ্ধিমন্তের কাছে জিজাসা কবো।…পরোপকার! হোটেলে সদাত্রত খোলা হয়েছে! মর এখন ফৌজদাবি মামলার ফেবে পড়ে। আমি কিছু জানিনে। [টেলিফোনে] আরও গোলমাল স্থাব। হ্যালো হালো… যাঃ, ছেড়ে দিয়েছে। ফোনে হবে না। নিজেই ছুটি, আর কি! কুল্ল টেলিফোন ছেড়ে ডাড়াডাড়ি ভিতৰ দিকে গেলেন। বিলাস বেন কিছুই হয় নি, এই ভাবে হোটেলের খাতাপত্র নিয়ে বসেছে।

অমিতা—ফোন করতে পারি ? বিলাস—নিশ্চয়—একশ'বাব—

অমিতা—(কোনের ডায়াল ঘুরাল) সামনের বাড়ির পরেশনাথ সরকারকে ডেকে দেবেন † আমি অমিতা ৷⋯ওঃ, গলিতেই দীজিয়ে আছেন ! দিন একটু ভেকে · · · · মামাবাব্, আমি · · · মীরা কোষের বাজি থেকে বলছি।

ভারদিশী এলেন। ভীক্ষ দৃষ্টিভে ডাকাতে ভাকাতে কাছে চলে এলেন।

- অমিতা—মামীদের দলছাড়া হয়ে পড়লাম, তখনই মীরার মার সঙ্গেদেখা। তিনি কাশী-মথুরা-বৃন্দাবন ঘূরে এসেছেন। রাত্রে খাওয়া-দাওয়া—কিছুতে ছাড়লেন না। অনেক রাত হয়ে গেল মামা ... চিঠি লিখে এঁরা পাঠিয়েছিলেন, হাবা চাকর বাড়ি খুঁজে পায় নি। তর্কিশী—এসব কি ?
- অমিতা—(টেলিফোনে হাত চাপা দিয়ে) মিথ্যে বানিয়ে বলছি আপনাদের জক্তে। (তরঙ্গিনীর হাত ধরে কাছে আনল) — আস্থন, মীরা হয়ে আপনিও হুটো কথা বলে দিন। বলবেন !

তর্বশ্বী ঘাড় নেড়ে স্বীকাব করলেন।

- অমিতা—(টেলিফোনে) জাঁা ..আবার পুলিশে জানাতে গেলেন কেন মামা ?…মীরা এসেছে, আপনার সঙ্গে কথা বলবে— (টেলিফোনে আবার হাত চাপা দিল) আপনি হলেন মীরা ঘোষ, আমার বন্ধু—ব্ঝলেন ? দেশের ইদ্ধুলে এক সঙ্গে পড়তাম। কাল রাত্রে ছজনে এক ঘবে খুব আমোদ করে—
- তরক্লিণী—(টেলিফোনে) আমি মীরা ঘোষ·····হাা, আমাদের বাড়িতেই ছিল। ছজনে এক ঘরে খুব আমোদ করে...আচ্ছা, দিচ্ছি—
- অমিতা—(টেলিফোনে) যাচ্ছি মামা, এক্ষ্নি যাচ্ছি। মীরা ছাড়ছে না, কিন্তু খেয়ে নিয়ে এখনই যাচ্ছি—

টেলিফোন রেখে তাড়াতাড়ি চলে যাচ্ছে।

তর্কিণী-আমি বাঁচিয়ে দিলাম, আমার কিছু কাজ করুন।

অমিতা—বাঁচাচ্ছি তো আপনাদের। অজ্ঞানা-অনাত্মীয়ের সঙ্গে চালাকি করে এক ধরে রেশেছিলেন···হাসছেন যে!

**ख्रकियो—व्यनाची**य रहा शास्त्र, किन्न व्यक्षांना नय़—

অমিতা-মানে ?

তরঙ্গিণী—অজ্ঞানা হলে তার সঙ্গে রাত ছপুরে ট্যাক্সি করে কেউ কি লেকের হাওয়া খেতে বেরোয় ?

অমিতা—কি বলছেন আপনি ?

তরদিণী—আহা, রাগ করছেন কেন ? সহপাঠী মীরা খোব হতে পারি—কিন্তু অনেকগুলো চুল পেকেছে, অনেক-কিছু দেখেছি কি না!

অমিতা—আমার মামা বড় ভয়ানক মানুষ। কাল রাভে যে ভাবে আপনারা এখানে আটকে রেখেছেন—

তরঙ্গিনী—(বিলাসকে দেখিয়ে) সে তো ওঁরা— বিলাস উঠে চলে গেল।

অমিতা—আপনি ওঁদের কেউ নন ?

অমিতা — মেয়ের বিয়ের ?

তরক্ষিণী—পুকষ ছেলে হলে সেই অমুরোধ করতাম। কিন্তু সে তো হবে না…এই প্রস্পেক্টাস নিন। সব রকম স্কীম রয়েছে— ভবক্ষিণী প্রস্পেক্টাস দিলেন।

অমিতা—আপনি কি—

তরঙ্গিনী—ইনসিওরেন্স-এক্ষেট। যখন মেয়ে বিয়ে করতে পারবেন না, অগত্যা ইনসিওর ককন একটা। ইনসিওব-কবা যার জীবন, ভেবে দেখুন, তার কি স্থবর্ণময় ভবিষ্যং।

অমিতা—এখন বড় তাড়া। আছো, আছে। পড়ে দেখবো— অমিতা ভাডাভাড়ি ভিতর দিকে চলে গেল।

তরঙ্গিণী—আপনার সঙ্গে ডাহঙ্গে—

ওদিক দিয়ে ডোলানাথ, ভাজার আসহিলেন। অমিডা চলে বাছে দেখে ডিনি ড়ীস্থ দৃষ্টিডে ভাকাছেন

ভোলা—রোগি যেন তিরোধান করল ?

ভরঙ্গিনী—করবে না ? স্টেখেসকোপ আনতে একবেলা। ভাগ্যিস ইনসিওরেন্সর কান্ধ নিয়েছি। তোমার ডাক্তারির ভরসায় থাকলে— ভরত্বি চলে গেলেন। এই সময়ে বিলাদ প্রবেশ করন।

ভোলা-কিন্তু গেল কি করে ?

বিলাস—যায় নি এখনো। রাতে খায় নি, রান্নাঘরে ঢুকে তাড়াহুড়ো লাগিয়েছে।

ভোলা — তিনদিন নডে বসতে না পারে, এমনি কবে ব্যাণ্ডেজ বেঁধে দিয়েছি।

বিলাস-ব্যাণ্ডেজ ছিঁডে পালাচ্ছে।

ভোলা—বলেন কি! অতি উচ্ছ, খল মেয়ে তো! ছেলেটিৰ কি অবস্থা!

বিলাস-গতিক স্থবিধের নয়। জামা গায়ে দিচ্ছে উঠে বসে।

ভোলা—বলেন কি । বারোটার পূর্বে উঠবাব কথা নয় । ঘুমেব ওষুধ দিয়েছি ।

বিলাস-ওযুধ ভূল--

ভোলা—তা হতে পাবে।…হুঁ, তাই ঠিক। রাত্তিরবেলা কিনা— ঠাহর হয় নি, হয়তো ভূল ওষ্ধ দিয়েছি। চশমাটা বদলাতে হবে দেখছি।

নীলান্তি এলো। বিলাস তাড়াডাডি খাডাপতে মন দিল।

নীলাজি-আপনি ডাক্তার 🕈

**(ए) ना-एड हेर ए) नानाथ** भिक्तार जन. जम. जम. ।

নীলাজি — মাধার এই সব মাঝিয়েছেন আপনি ? তুর্গন্ধে ভৃত পালার ?

ভোলা-ভাল ওব্ধ-আমার পেটেও প্রলেপ।

নীলান্তি—হাতে মুখে এই সব এত তালি এটেছেন কি জঙ্গে !

ভোলা—তালি কি দেখছেন, ওর্ধের পটি। অজ্ঞান হয়েছিলেন, দেখেন নি তো! কেটে কুটে এক ইঞ্চি ছ'ইঞ্চি সব ফাঁক হয়ে গিয়েছিল—

নীলাজি —কোথায় কাটা ? এই-এই-এই—কন্নেকটা পটি তুলে ফেলন

বিলাস—আ-হা-হা, করছেন কি মশায়, পাগল হলেন ? রক্ত বেকবে—

নীলাদ্রি - কোথায় ?

ভোল।—হা-হা-হা। দেখুন বিলাসবাবু, চেয়ে দেখুন কি বকম ওয়ুধের গুণ! বেমালুম জুড়ে গেছে। কোন চিফ নেই।

নীলাজি —কাটাগুলো তো এই—এই সব জায়গায় রয়েছে। ওবুধই ভোষাননি—

বিলাস—ডাক্তাববাবু!

ভোলা—( অপ্রতিভ ভাবে ) বাত্তিববেলা কি না। চশমাটা সভ্যিই বদলাতে হবে।

নীলান্তি—কাটা জায়গাগুলো বাদ দিয়ে সর্বাঙ্গ আইডিনে পুড়িয়ে দিয়েছেন। ডাক্তার নয়, ডাকাত।

ভোলা—আপনি অত্যন্ত রূঢ় শব্দ প্রয়োগ কবছেন।

নালাজি—কেবল মূখেব শব্দ নয়, আপনাকে রীতিমতো জব্দ করা উচিত। দেথুন না—

ভোলা-হু, মিলে যাচ্ছে-

नौनाजि-मात्न १

ভোলা—জামার বোতামগুলো খুলতে হবে মশায়। বুক্টা একবার—

নীলাপ্রি ভোলানাথেব স্টেখেসকোপ ছুঁড়ে ফেলন। ভোলা—ছুঁ, মিলে গেল। বিলাস—কি মিলে গেল ডাক্তারবাব্ ? ভোলা—মন্তিকে আঘাত গুরুতর। এই আশ্বাই করেছিলাম। উন্মাদের লক্ষণ।

নীলাজি—আমি পাগল 🕈

ভাজাবের কন্ফর্টার টেনে ধরল।

ভোলা—কক্ষ্টার ছাড়ুন। কি রকম ভজতা মশাই ? লাগছে, ছেড়ে দিন।

ভোলানাথ কন্ফটাব ছাড়িয়ে নিলেন।

ভোলা-সামাল বিলাস বাব্, লক্ষণ পুরোপুরি মিলে গেছে।

ভাক্তার ছুটে চলে গেলেন। নীলান্তির দিকে চেয়ে বিলাস তথন আন্দান্তি টিল ছোঁড়ে।

বিলাস-আপনার তো বিয়ে হয় নি-

নীলাজি—ডাক্তার গেলেন, আপনি ঘটক বৃঝি!

বিলাস—আহত অবস্থায় আপনাদেব আমি এখানে এনেছিলাম।

नौनाजि-धः, ध्यवाप !

বিসাস—যাকে নিয়ে লেকে বেড়াচ্ছিলেন, সে আপনাব স্ত্রী নয়।

নীলাজি-লেকে বেড়াচ্ছিলাম ?

বিলাস—আজ্বকাল অমন অনেকেই বেড়ায় আহা, এতে লজ্জিত হবার কিছু নেই ি মেয়েটির পরিচয়ও আমরা জানি।

নীলান্ত্রি--আমার চেয়ে অনেক কথাই বেশি জানেন দেখছি।

বিলাস-নাম অমিতা দেবী, ঠিকানা-

নীলাজি—নাম-ঠিকানায় দরকার নেই। দেখুন, ঘটনাক্রমে জড়িড হয়ে পড়েছি—

বিলাস-আপনার নামও বলতে পারি।

नौनाखि—श्वरहाँ। वज्ज विज्ञी हाम निष्टियह । किছু एउ धेरा क्षकान ना इस ।

বিলাস—রামোঃ, হোটেল খুলেছি—এসব তো কর্তব্য। লোকের গুন্তু কথা প্রকাশ বলে ব্যবসা চলবে কি করে ? কিন্তু— নীলান্তি—আপনাদের খরচপত্র হয়েছে তো! এই দলটি টাকা— দশ টাস্বার নোট বের করল।

বিলাস—বলেন কি! রাভটুকুর মধ্যেই যে পঁচিশ টাকা উড়ে গেছে, তার উপর মনের উদ্বেগ—

নীলান্তি—এখন দশ টাকা মাত্র আছে। পরে পাঠিয়ে দেবো। বিলাস—তাই দেবেন।

নীলাজি যাচ্ছিল, বিলাস তাকে ডাকল।

বিলাস—দাঁড়ান ঠিকানা লিখে নিই, যদি ধকন মনে করিয়ে দিউে হয়। টাকাকড়ির ব্যাপার লোকে প্রায়ই ভূলে যায় কি না! [লিখতে লিখতে ] শ্রীসমীর দত্ত —ঠিকানা ?

নীলাজি-আমার নাম সমীর দত্ত ?

বিলাস—রক্ষিবাহিনীর জি. ও. সি. আপনি—কে না জানে. আপনাকে ? বলুন, ঠিকানা বলে দিন সমীববাব্—

ভোলা—ঔষধ-সেবনের অবিলম্বে বন্দোবস্ত ককন বিলাসবাব্। লক্ষণ সাংঘাতিক—

नौनाखि- ७४१ !

বিলাস—এত ?

ভোলা—এই যৎসামান্ত। বোতলেব ওষ্ধ ছবার কবে সকালে বিকালে, শিশির ওষ্ধ ছপুবে। কোটোয় বড়ি আছে—খাওয়ার পর একটা কবে। এই অয়েউমেউ গায়ে মালিশ, এইটে মাথায় মাথতে হবে, এইটের ছফোঁটা তুলোয় করে কানে গোঁজা, এইটে—

নীলাজি—কোটোর বড়ি দিয়ে গুলি খেলতে হবে, বোডল ডাজারের মাধায় ভাঙতে হবে— ভোলা—বন্ধ উদ্মান। কিছু বিশাস নেই বিলাসবাবু। আপন ডেকেছিলেন, আমার ভিজিট—

नौमाखि-फिकिं ?

ভোলা—আজে হাঁ। আমি চলে যাছি মশাই। বলে দিন বিলাস-বাবু ভিজিট আপনারা দেবেন তো ?

नीमाजित अमित्र हरन योटक।

বিলাস-ওকি সমীরবাবু, কাউকে কিছু না দিয়ে-

ভোলা-পাগল চলল যে।

নীলাজি—( মুখ ফিরিয়ে ) পাগল ? আমি রক্ষিবাহিনীর সমীর দত্ত, আমার কাছে ভিজিট নেবে ? এসো না—এসো না—এসো না—

শিশি-বোতন উচিয়ে নীলান্তি এগুচছে। ভোলা ডাক্ষার সভয়ে পিছুডে লাগন। হঠাৎ শিশি-বোতল ফেলে নীলান্তি ক্ষতবেগে চলে গেল।

ভোলা-পাগলামি নয়, শয়তানি, মশায়-

বিলাস—যাবে কোথা ? জি. ও. সি.—ঠিকানা খুঁজে বার করবো। সুদসমেত আদায় হবে।

कुछ ଓ शितिधाती अदिम कदन।

কুঞ্জ —ভদ্রলোক চলে গেলেন, ব্যাগ রয়ে গেছে—

বিলাস —ডাক্রারের ভিঞ্জিট বাকি।

কুল্প—ব্যাগ আটকে রেখে চুরির দায়ে পড়বি যে গর্ণভ! গাড়িতে উঠছে—গিরিধারী, ছুঁড়ে ফেলে দিয়ে আয় গাড়ির ভিতর। যা—যা—

तिविधाती वार्ग निष्य हरन राम । अपिक पिष्य छत्रिकी अर्लन ।

কুঞ্ব—আর, খাণ্ডারী মেয়েটাও তো পিছন-দরজা দিয়ে বেরুল। ভার এটাচিকেস রয়ে গেছে—

তরক্সিনী—চলে গেছে ? দেখুন তো, এই পথে বেরুবে বলে ঘাঁটি আগলে আছি।

কুম্ব-আপনার কি দরকার ?

ভরকিণী—ইনসিওরেকা করবে বলৈছে। আমি যাব তাদের বাড়ি।

দিন, আমি পৌছে দেবো এটা—

অমিভার এটাচিকেস ভরকিণী ডলে নিলেন।

# চতুর্থ দৃশ্য

পরেশের বাডির সামনে গলি। সকাসবেলা। বাড়ি চুকবার গেট। মাথায় ব্যাপ্তেশ্ববাধা সমীর অধীর ভাবে পায়চারি করছে। অমিতা হনহন করে এলো। গেট পার হয়ে সে বাড়ি চুকতে যাচ্ছে, সমীর এসে আটকাল।

সমীর--দাঁড়াও অমিতা--

অমিতা—( তীব্র স্বরে ) আবার এসেছ ? শয়তান, বিশ্বাসঘাতক—

সমীর—( শান্ত ভাবে ) না এসে 'উপায় কি ? তোমার কথাটা ভেবে দেখলাম তারপরে। পথে পথে এত কপ্ত পেয়েছ, আবার তোমার মামা পথে বের কবে দেবেন—সেটা বড় নির্চুরতার কাজ হয়। ভেবেচিস্তে তাই ঠিক করলাম—

অমিতা—( পরম আগ্রহে ) কি ?

সমীর —জোমার মামাকে ফোটো দেখাবো না, কেউ দেখবে না। নেগেটিভস্তদ্ধ নষ্ট করে ফেলব।

অমিতা—বাঁচালে। হাতে কি তোমার ?

সমীর—সেই নেগেটিভ। আব ছটা প্রিণ্ট। ছবিগুলো খাসা উতরেছে। সত্যিই কাজ জানে বিপিন।

অমিতা—( হাত বাড়িয়ে ) দাও এগুলো, নষ্ট করে ফেলি।

সমীর—দেবো, নিশ্চয় দেবো। তার আগে একটা কাজ করতে হবে তোমায়।

অমিতা-কি ?

সমীর—বন্ধু হয়ে নীলাজি আমায় অপমান করল। মাথা ফাটিয়ে দিয়েছে। প্রতিশোধ চাই। থানায় যাচ্ছি। পুলিশ-কেস হবে নীলাজির নামে। অমিতা-দোৰ তো ডোমারই-

সমীর—না। বরঞ্চ সিভ্যালরি বলবে সর্বজনে। রাস্কেল্টা ভোমায় বেইজ্জভ করতে যাচ্ছিল, বাঁচাতে গিয়ে আমার এই দশা। আদালতে ভোমায় সাক্ষি মানব, এই কথা বলে আসতে হবে।

অমিতা-সে তো সত্যি নয়-

সমীর—তবে কি এই সত্যি হবে অমিতা, ডাকাতের দলের তোমরা গোপনে টার্গে ট-প্র্যাকটিশ করছিলে, আমি দৈবাৎ সেখানে গিয়ে পড়লাম—

অমিতা—এত বড় মিপ্যে—

সমীর—মিথ্যে নয়, মিথ্যে নয়। ফোটোগ্রাফ রয়েছে। মিথ্যে কি করে হবে ? কি স্পষ্ট উঠেছে, দেখ—

এক কপি কোটো অমিতার হাতে দিল।

সমীর—ওটা বরঞ্চ রেথে দাও। নিরিবিলি ভাল করে দেখো। আর আদালতে কি ভাবে বললে নীলান্ত্রিকে সায়েস্তা করা যাবে, মনে মনে তা-ও কিছু ভেবে রেখো।

অমিতা-পারব না, কক্ষনো আমি পারব না-

সমীর কবেশ, ভাবতে হবে না। উকিলই শিখিয়ে দেবে। যেমন শেখাবে, বলে এসো।

অমিতা—যাবই না আমি আদালতে—

সমীর —যেতে হবে। কৌজদারি মামলায় নয় তো ওয়ারেও করে ধরে নিয়ে যাবে। আর যতক্ষণ এই নেগেটিভ আমার হাতে, শেখানো কথা টরটর করে বলে আসতে হবে কাঠগড়ায় দার্ডিয়ে।

অমিভা—আমি পারব না—
নেশথো পরেশের গলা।

পরেশ—কে রে ?

সমীর—তোমার মামা বাড়িতেই আছেন দেখছি। তাকে দিয়ে যাই তবে এক কপি কোটো—

অমিতা-না-না--

সমীর-খানায় যাচ্ছি, সেখানে গিয়েও দেবো।

অমিতা-হাত জ্বোড় করছি, তোমার পায়ে পড়ছি-

সমীর---বলো, দেবে সাক্ষি। ছবি-নেগেটিভ সঙ্গে সঙ্গে পুড়িয়ে ফেলব। কেউ জানবে না।

অমিতা—( কেঁদে ফেলে ) দেবো, দেবো—

[নেপথ্যে পরেশ—অমিতা এসে গেছিস ? ]

ছাঁকো টানতে টানতে পরেশ দেখা দিলেন। সমীর ভাড়াভাড়ি সরে পড়ল।

পরেশ—আসুন, আসতে আজ্ঞা হোক। গঙ্গাস্থান শেষ হল তবে এতক্ষণে গ

অমিতা—ফোনে তো বলেছি মামা।

পরেশ—আমি ভাবলাম, মা-গঙ্গা ভাসিয়ে নিলেন বৃঝি! সারারাড আমি থানায় আর গঙ্গার ধারে ছুটোছুটি করেছি।

এই সমন্ন হকার খবরের কাগজ ফেলে দিযে গেল। পরেশ কাগজ তুলে
নিমে খুলে দেখছেন। এই অবসবে অমিতা বাডি ঢুকল। অনভিপবে
অমিতার সমবন্দনী বন্ধু মীরা ঘোষ এসে উপস্থিত। পরেশ চোধ তুললেন।

পরেশ—এই যে, শোন শোন। হাঁা মা, বলি নেমস্তল্পে-আমস্তল্পে, বুড়ো মামাকে বুঝি মনে পড়ে না ?

মীরা—আপনার ভুল হচ্ছে বোধ হয়। আমার নাম—

পরেশ—মীরা ঘোষ। অমিতার সঙ্গে তোমায় কতবার দেখেছি!

মীরা—অমিতার বন্ধু আমি—ক্লাসফেণ্ড—

পরেশ—তা-ও জানি মা, তা-ও জানি। কাল তোমাদের বাড়িতে ধুব খাওয়া-দাওয়া হল—

মীরা-খাওয়া-দাওয়া ? না তো।

- পরেশ—ভোষার মা তীর্থ করে ফিরে এসেছেন। অমিতা ভোমাদের ওখানে কাল রাত্রিবেলা—
- মীরা—রাত্তি কোধায় মামা, সে তো সদ্ধ্যেবেলা। অমিতা একটিবার ি গিয়েছিল, তক্ষুনি চলে এলো।

ভরন্ধিণী এলেন। বাড়ির নম্বর দেখছেন। হাতে এটাচিকেন।

পরেশ—কে ? কাকে চান আপনি ? একি, অমিতার এটাচিকেস আপনার কাছে ?—মানে, আমি অমিতার মামা। নাম কি আপনার ?

তরক্রিণী—আমি—আমি তার ক্লাসফ্রেণ্ড—

মীরা—ক্লাসক্রেণ্ড আপনিও ? কই দেখেছি বলে তো মনে হচ্ছে না। আপনার নাম ?

ভরকিণী-মারা ঘোষ-

,পরেশ—সীরা ঘোষ ?

ভরজিনী—নিশ্চরই—হাঁা—ঠিক। আপনি অমিতার মামা, আপনাকে আমিই কোন করলাম!

পরেশ—অমিতা, অমিতা—

অমিতা এলো।

অ্মিতা — কি মামা!

প্রাক্তের — এই হল ক্লাসফেণ্ড মীরা ঘোষ। আর ইনিও হলেন ক্লাস-ক্রেণ্ড মীরা ঘোষ। কাল কোন মীরার বাড়ি ছিলে তুমি ?

অমিতা এগিয়ে এসে তরকিণীকে দেখিয়ে বলে—

অমিতা—এই তো মীরা। সত্যি মামা—মীরার মা আমায় বৃন্দাবনী শাড়ি-দিয়েছেন, এই দেখুন—

শ্মিতা এটাচিকেস খুলে ফেলে। বেক্লন সমীরের তলান্টিরারের পোশাক। পরেশ—বাঃ, দিব্যি শাড়ি তো! বৃন্দাবনে আজকাল এই স্ব শাড়ি চলছে বৃঝি ? বাঃ, বাঃ—

## পঞ্ম দুশ্য

আদানতের উঠান। ভিনজন মকেল—তাদের ক থ গ বলে অভিহিত করা হল—প্রবীণ উকিল মহিমচক্রকে খিরে কেলেছে। মহিমচক্র কীণদৃষ্টি—
চোখে মোটা চশমা। মাঝে মাঝে উকিল-মক্তেগ প্রভৃতি আনাগোনা করছে।
একপাশে সোডা-লেমনেড পান-বিভির দোকান। আর এক পাশে হাতবাক্র
নিয়ে ভেতারেব দোকান।

ক-তারপর উকিলবাবু, বাড়ি এসে বুড়োর হাতখানা না ধরে-

খ—কচকচ করে চিবোতে লাগল। আমি বলি, বাবার ক্ষেতের আখ পেয়েছ ?

মহিম—আঃ, এক এক কবে বলুন না—

গ—আমারটা এইবার—

মহিম-হবে, হবে।-তারপব ?

ক-হাত ধরে ঝাঁকি দিয়ে বলে, বের কবো সিন্দুকের চাবি-

গ-বিশ্বাস বললো, সাত পাক ঘুরেছি, চৌদ্দপাক দিয়ে খুলে দেবো।

খ-ভিনটে আখ দমাদম ভাঙলাম তার পিঠে-

মহিম — তিনজনে একসঙ্গে কেস বলছেন। সমস্ত যে গোলমাল হয়ে যাচ্ছে।

ক--আমার আজ হবে, উকিলবাবু। আমার কথা আগে শুমুন--

ৰ ---আমারটাও আজ---

গ—আমারটা —

সমীর একরকম ছুটে এলো সেখানে।

সমীর — আমারটা এক্ষ্নি স্থাব। হাকিম এজলাসে এলেই ডাক পড়বে। ছু-দিন সাবকাশ নেওয়া হয়েছে।

মহিম-আপনি তো আমার মকেল নন-

সমীর—আজে না, সুধীর সামস্ত করছিলেন। তাঁব অসুধ। সাব-কাশের দর্থাস্ত হাকিম আজ ছুঁড়ে ফেলে দিল। ফাইল-ক্লিয়ারের তাড়া। বলে, আজ সাক্ষি হাজির না করলে মামলা ভিসমিস, করে দেবে। আপনার মুহুরির কাছে ওকালতনাম। রেখে আমি স্থার আপনার জন্ম ছুটোছুটি করছি—

ৰ ধ গ আলোচনা করতে করতে ভেগুরের দোকানে গিয়েছে।

মহিম-ওকালতনামাই সব নয়-

সমীর-না স্থার, তা ইবে কেন ?

यश्यिक होका निन।

মহিম—এর চেয়েও বড় কথা…এখন, এই শেষ মুহুর্তে—

সমীর—এত শেষ হত না স্থার। দেড় ঘণ্টা ধরে খুঁজছি আপনাকে।

মহিম—কিন্তু মামলা বুঝে নিতে হবে তো ?

সমীর—সোজা···হামেশাই এরকম হচ্ছে। নিতান্ত এখন জেদাজেদির ব্যাপার দাঁড়িয়ে গেছে—

- মহিম—হাকিম কামরা থেকে পাঁচ-সাত মিনিটের মধ্যে বেরিয়ে পড়বে যে!
- সমীর—পাঁচ-সাত সেকেণ্ডের মধ্যে বৃঝিয়ে দিচ্ছি স্থার। · · · আজ ঠিক সতের দিনের কথা, ১৬ই নভেম্বর রাত্তির প্রায় নটায় আমার জানাশুনো একটা মেয়েকে আমারই পুরানো জানাশুনো একজনে অপমান করতে উগ্রত হয়েছিল—
- মহিম—(নোটব্কে টুকতে টুকতে) মেয়েছেলের অপমান···রস্বন···
  জায়গাটা ?
- সমীর—গঙ্গার ধারে পোড়ো-বাগান, সাতাশ নম্বর ছিদাম মিত্তির লেন—
- মহিম—( টুকতে টুকতে ) সাতাশ নম্বর ছিদাম মিত্তির লেন—পোড়ো-বাগান। বেশ—
- সমীর—এই বে···এই সেই মেরেটি—[ অমিতা প্রবেশ করল ]
  মামলার প্রধান সাক্ষি অমিতা মিত্তির। পোড়ো-বাগানে
  মেরেটাকে নিয়ে গিয়ের—এই যে দরখাস্কটা দেখুন—

মহিম বারংবার অমিতান্ত দিকে তাকাচ্ছেন। ক ধ গ এই সমরে একে পড়ল।

ক—হয়ে গেল এদিকে ? আমারটা শুমুন উকিলবার । বুড়ো বলে, ছেড়ে দে ; নয় তো চাবি আমি কেমন করে ?

খ—দেই তিনগাছা আখ নিয়ে মশায় কুরুক্তেতার।

মহিম—নাঃ, জালাতন করলেন আপনারা। আমার মূহুরির কাছে গিয়ে ধীরেস্থন্থে বলুন। সে লিখে নেবে। চলুন, বলে দিছিছ—

মকেলদের নিয়ে মহিম ওদিকে গেলেন।

অমিতা—সমীর-দা, পারব না—আমি পারব না। সারা রাত ঘুমুতে পারি নি। এত বড মিথো বলতে পারব না আমি—

সমীর-নীলাজি কি অপমান করে নি তোমায় ?

অমিতা—করেছে। ভূল ধারণা নিয়ে গালিগালাজ করেছে। কিন্তু তোমায় যে এত বিশ্বাস করতাম—তুমি কি করেছ ?

এই সময় মহিম এদে পড়লেন। তাঁকে দেখে সমীর হাসির ভান করল।

সমীর—হাাঃ, আমি আর কি করেছি ? ওসব বলে কেন আর
লজ্জা দাও ? ইদানীং ঐ আমার স্বভাব হয়ে দাঁড়িয়েছে—
কারো কোন বিপদ দেখলে স্থির থাকতে পারি না। আর
সেই জ্বয়ে যত হাঙ্গামা…(নিচু গলায়) ভাল কথা, নেগেটিভ
থেকে সেই ফোটো আবও খান পনের ছাপা হয়েছে। ত্ব-চার
খানা রাখবে নাকি ?

অমিতা রাগে মুথ ফেবাল।

সমীর—অমিতা, অপমানিত হয়েছিলে কিনা সেই সমস্ত একবার শুনিয়ে দাও স্থারকে।

অমিতা - হাা, কিন্তু-

মহিম-কিন্ত হওয়াই উচিত।

সমীর—মানে ?

মহিম—(গর্জন করে উঠলেন) রাত্রি ন'টার সময় পোড়োবাগানে কেন গিয়েছিলে মা-লক্ষ্মী ? আমারও মেয়ে ছিল, থাকলে এত ৰড়টা হত। হয়তো বা এমনই হত। মরে গেছে, ভাগ্যিস সে মরে গেছে—

দমীর — যে অপমান করল, তার শাস্তি হবে না উকিলবাবু ?

মহিম—আশবং হবে। যাতে হয় তার জন্মে প্রাণপণ চেষ্টা করব।…
তুমি মক্তেল, মেয়ে তো নও!

অমিতা—মেয়ে হলে বুঝি—

মহিম—শাস্তি তোমাকেই দিতাম। চাবকাতাম। বিশিন ছটে এলে।।

বিপিন-হাকিম এসে গেছে, এজলাসে বসেছে।

মহিম—যাকগে, যাকগে। মামলা বলো, তাড়াতাড়ি বলো। তুমি ফরিয়াদি; নাম বলো তোমার।

সমীর-সমীর দত্ত। পিতা ঈশ্বর মৃত্যুঞ্জয় দত্ত।

মহিম-আসামি ?

সমীর-নীলাজি চৌধুরি-

মহিম—( বিশ্বর-দৃষ্টিতে তাকালেন ) কি নাম ?

সমীর—নীলাজি চৌধুরি। পিতার নাম জানা নেই। হাল সাকিম—-ল-হস্টেল।

মহিম—ল-হল্টেলের নীলাজি চৌধুরি—পোড়ো বাগানবাড়িতে মেয়ের অমর্যাদা করতে যাচ্ছিল, তুমি বাঁচিয়েছ ?

সমীর—বাঁচাতে গিয়ে আমার এই দশা—

[নেপথ্যে পেয়াদা হাঁক পাড়ছে—সমীর দত্ত ফরিয়াদি হাজির! নীলাজি চৌধুরি আসামি হাজির!]

সমীর-অমিতা-মহিম ব্যস্ত হয়ে যাচ্ছেন, হঠাৎ ঘ এসে হাজির।

ঘ— সই বাকি আছে উকিল বাবু। এই যে তিনটে সই—

মহিম—( সমীরকে ) বাও তোমরা। হাকিমকে আমার নাম করে বলো, সই ক'টা সেরে বাচ্ছি আমি।…কই, কোথায় সই, বের করো।

সমীরেরা চলে গেল। মহিম 'ঘ'-এর হাঁত থেকে নথি নিয়ে পাতা উলটে উলটে সই করছেন। এমন সময় হরেন মৃছরি নীলাজিকে নিয়ে এলো। মহিম চোথ তুললেন।

মহিম—কি মুন্তরি মশায়, ওদের কেস ছটো লিখে নিতে বললাম, হয়ে গেছে ?

স্থ্রেন—আজ্ঞে না, হচ্ছে। ছোটবাব্ এসেছেন। মিথ্যে ফৌজদারিতে জড়িয়েছে ওঁকে। হৃদয় মোক্তার কাজ করছে।
লজ্জায় কিছুতে আপনার সামনে আসবেন না, আমি জোর
করে নিয়ে এলাম—

মহিম—মকেলের কাজ ছেড়ে কেন উঠে এলেন আপনি ?

স্থুরেন—চিনতে পারছেন না ? আমাদের ছোটবাবু—নীলান্ত্রিবাবু।
মিথ্যে কেস চাপিয়ে দিয়েছে ওঁর উপব।

নীলাদ্রি—বাবা, আমি—

মহিম—সাট আপ! চোখে ভালো দেখিনে, কিন্তু নিজের ছেলে চিনি। মেয়েলোকের অপমান করে আমাব ছেলে কাঠগড়ায় দাঁড়ায় না। সমীর দত্তের ওকালতনামায় সই করেছি— সে আমার মকেল, তাব কাজ করতে যাচ্ছি।

স্থুরেন-সর্বনাশ! তাহলে যাতে অন্তত মিটমাট হয়ে যায়—

মহিম—মিটমাট হবে না। আইনে যতখানি আছে, সেই শাস্তি দেওয়াব। হৃদয় মোক্তার কেমন করে ঠেকায় দেখি—

স্রেন হওভম্ব হয়ে গেছে।

স্বেন-চৌধুরি মশায়-

মহিম—যান, যান—মকেলের কাজ করুনগে মূহুরি মশায়।...
কই, আর কোথায় সই বাকি আছে ?

মহিম সই করছেন। নীলাজি ও স্থবেন মৃত্বি চল্ল গোল। কাজ শেষ করে মহিমও চললেন আদালত-কামবার দিকে। কথা বলতে বলতে পরেশ ও পুলিশ ইনস্পেক্টর প্রবেশ করলেন।

- ইনশেস্ট্রর—নীলাজির কোম দোষ নেই। শয়তান সমীর দত। আবার সাহস বোঝ—কোর্টে তুলতে গেছে এই সব ব্যাপার।
- পরেশ—উঃ, ভোমার রিপোর্টটা ক'দিন আগে যদি পেতার্ম অনাদি—
- ইনস্পেক্টর —রিপোর্ট আগে পেলে আমরা পুলিশ থেকেই মামলা খডম করে দিতাম। এন্দুর গড়াতে পারত না।
- পরেশ—বিলাসকুঞ্জে রাত কাটিয়েছে, আর্ আমায় এসে একশ' গণ্ডা মিখ্যে বানিয়ে বলল। ধরাও পড়ে গেল।···ভোমায় বলতে কি অনাদি, অমিতার এটাচিকেস থেকে সমীরের ভলন্টিয়ারের পোশাক বেরিয়েছে, পকেটে নাম-লেখা সিগারেট-কেস—
- ইনস্পেক্টর—তবে দেখতে পাচ্ছ, ভাগনীটি তোমার কম নয়। সাংঘাতিক মেয়ে। ছ-জনের ষড়যন্ত্র।
- পরেশ-মোটর-ছর্ঘটনার ব্যাপার তা হলে-
- ইনস্পেক্টর—একদম বাজে। টাক্সির পাতা মিলল না, নম্বরটা অবধি কেউ নিয়ে রাখে নি। অমনি একটা রটনা করেছে, সাফাইয়ে যদি দরকার পড়ে। তুমি জানো না পরেশ, ঐ চরিত্রের ছেলেমেয়ে—ওদের অসাধা কাজ নেই।
- পরেশ—হাঁা, সব করতে পারে ওরা। আমার উঁচু মাথা হেঁট করে দিল। একটু যদি আঁচ দিতে ক'টা দিন আগেও—
- ইনস্পেষ্ট্রর—আমরাই বা জানব কি করে? বললে, ভাগনী হারিয়েছে; আবার খবর দিলে, পাওয়া গেছে। ব্যস, খতম। হোটেলের এনকোয়ারিতে পাওয়া গেল সমীর-অমিতার ব্যাপার। সেই অমিতাই যে তোমার ভাগনী—
- পরেশ—( ইনস্পেক্টরের হাত জড়িয়ে ধরে ) তুমি বাল্যবন্ধ্। ব্যাপারটা নিয়ে হৈ-চৈ না হয় ভাই, খবরের কাগজে না ওঠে—
- ইনস্পেক্টর—প্রসিকিউসান উকিলকে তো দেখাতেই হবে। মহিম চৌধুরি দাঁড়িয়েছে, ছুঁদে উকিল, তন্নতন্ন করে না দেখে ছাড়বে না। হাকিমকে বলব আমি, মহিমবাবুকেও অন্ধুরোধ করব,

ব্যাপারটা না ছড়ায়। তবে এটাও তো দেখতে হবে, নির্দোষী সাজা না পায়, নীলাজি চৌধুরি খালাস পেয়ে যায় যাতে—
পরেশ—দেখতে হবে বই কি।

ইনস্পেক্টর- আচ্ছা, দেখি গিয়ে ওদিককার ব্যাপার--

পরেশ পান-বিড়ি-লেমনেডের দোকানে গেলেন। লেমনেড খাছেন। ইনম্পেক্টর আদালত-কামরার দিকে যাছেন। এমন সময় বিপিন এলো।

বিপিন—ইনম্পেক্টর বাব্, আসামি বেকস্থর খালাস। সাক্ষি বিগড়েছে। সাক্ষির কাঠগড়ায় অমিতা মিত্তির হলপ পড়ে বলে গেল, সমীর অত্যাচার করছিল—নীলান্দ্রি চৌধুরি তাকে বাঁচাল।

ইনস্পেক্টর—বলো কি হে ? সমীরের বিরুদ্ধে সাক্ষি দিল মেয়েটা ? ছ-জনের যোগসাজসের ব্যাপার—গওগোল কিছু তবে ঘটেছে ওদের মধ্যে। বাঁদর ছেলেমেয়েগুলোর কাগুই আলাদা !

ইন্ম্পেক্টর আদালত-কামবার দিকে ছুটলেন। সমীর উত্তেজিত ভাবে এলো।

সমীর—সমস্ত বববাদ। জানতাম না, মহিম উকিল নীলাদ্রিব বাবা। খালাস হয়ে বাপে-বেটায় চলে আসছে।

বিপিন—সামাল হয়ে চলাফেরা কোরো সমীর। একবার পিটে
সাহস বেড়ে গেল কিনা—এর পরে দেখা হলেই তো নীলাজি
পিটতে আসবে। এত করে বললাম, মামলার তালে যেও না।
তা নয়, অপমান করেছে! মহামানী রাজা হুর্যোধন হয়ে
পড়েছ কিনা—একটা কি হুটো ঘা পড়তে না পড়তেই অপমান
হয়ে যায়। বোঝা এবার—

সমীর—ছাড়ছিনে আমি অমিতাটাকে। দেখে নেবো। সর্বনাশ করব আমি তার—

পরেশ ফিরছেন; তাঁকে দেখে সমীর ক্রত কাছে পেল।

সমীর—নমস্কার পরেশবাব্। ভয়ানক ব্যাপার। ফোটো দিচ্ছি, চেরে দেখুন আপনার ভাগনীর কাণ্ড—

- পরেন—(কোটো ছুড়ে ফেললেন) দূর হও! কাগু তো তোমারই সঙ্গে ৷...বিলাসকুঞ্জে হু'জনে রাত কাটিয়েছ—
- সমীর —কে বলল ?
- পরেশ—ক্যাকা সেজো না। পুলিশ-ইনস্পেক্টর আমার ছেলেবয়সের বন্ধু। সে নিজে হোটেলে এনকোয়ারি করেছে। রিপোর্ট দেখেছি। রাক্ষেল—
  রাগ করে অন্ত দিকে চলে গেলেন।
- সমীর—আঁ্যা, বলে কি ? আমি আর অমিতা বিলাদক্ঞ্ল বোর্ডিং-এ— বিপিন—ভালই তো! জব্দ করবার কায়দা পেলে। ছবিতে জত হচ্ছিল না; রিভলবার থাকলেই যে ডাকাত মেয়ে হবে, তার কোন মানে আছে ?
- সমীর—কী ব্যাপার! দেখ তো বিপিন হোটেলে খোঁজ নিয়ে। মিছা-মিছি আমায় বদনামের ভাগী হতে হচ্ছে—
- বিপিন—বদনামে ভরাও তুমি ? তবে হাা, বলতে পার, মিছামিছি হছে, এইটে বড় কোভ। সত্যি কেন হল না!
- নীলান্ত্রি আসছে। বিপিন চোধ টিপছে সমীরকে সবে যাবার জন্ত। সমীর বুঝতে না পেরে পিছন ফিরে দেখতে পেল নীলান্ত্রিকে।
- সমীর—মামলা জিভে এলে, অভিনন্দন জানাচ্ছি। হাজার হোক, পুরানো বন্ধ্—
- নীলাজি—সঙ্কোচ হয় না সামনাসামনি দাঁড়াতে ? নিল'জ্জ বেহায়া কোথাকার !
  - সমীর ও বিপিন চলে গেল। মহিম ও স্বরেন মৃত্রি আসছেন।
- মহিম—মূহরি মশায়, রাগ দেখেছ তোমাদের ছোটবাবুর! কথা নেই, বার্তা নেই, মুখ ফিরিয়ে চলে যাচ্ছেন।
- নীলাজি— আপনি তো আমায় চেনেন না।
- মহিম—চিনব কি করে । মহিম চৌধ্রির ছেলে, মুকুল চৌধ্রির নাতি মেরেমাকুবের অমর্বাদ। করে কাঠগড়ায় দাঁড়িয়েছে— এ কি হতে পারে । কখনো হয় না।

नीमाजि-रय ना त्य, जा त्जा प्रथलन।

মহিম—হবে কোথেকে ? তোর বাবার তোর চৌদ্দপুরুষের এত বড় সাহস হয় নি, তোর অমনি হলেই হল ?···আয়, শোন্, একটা নতুন র্যাকেটের টাকা দিচ্ছি—

নীলান্তি—ব্যাকেটের টাকা দেবেন আপনি ?

মহিম--্হাা দেবো, এক্ষ্ণি দিচ্ছি--

নীলাজি—তা হলে মেনে নিলেন, থেলাধুলায় উৎসাহ দেওয়া উচিত ?

মহিম—থেলা মানে ? খেলার জন্মে র্যাকেট দিচ্ছি নাকি ? এই

সব কাজে লাগাবি। বিবেকানন্দ-অরবিন্দের দেশে যারা অসং

তুশ্চরিত্র, তাদের মাথা ফাটাবি এমনি করে।

মুখের দিকে তাকালে কেমন যেন মায়া লাগে। ও মেয়ে

খারাপ ভাবতে পারা যায় না।

নীলাদ্রি—খারপে নয় বাবা। সমীরের চক্রাস্থে পড়েছিল।

মহিম—তাই যেন হয়। যত-কিছু জেনেছি, মিথ্যে হয় যেন।… খুকীর কথা মনে আছে তোর নীলু ?

নীলান্তি—আছে ঝাপদা মতন। আমিও তো ছোট তখন।

মহিম—সাড়া পেলেই 'বাবা' বলে কাছে ছুটে আসত। সে চলে গেছে, তার কথা একেবারে ভুলে গিয়েছিলাম। ভূগে ভূগে কঙ্কালসার হয়ে খুকি আমার সেই যে চোখ বুজেছিল, আজকে কোটের মধ্যে হঠাৎ মনে হল নীলু, নতুন স্বাস্থ্য নিয়ে সে আবার আমার সামনে দাঁড়িয়েছে। খুকি দেখতে এ অমিতার মতোই ছিল—কি বলো মুহুরি মশায় ?

স্থ্রেন—আজে না। এমন-কিছু নয়। একটু-আধটু যদি—
মহিম—একটু-আধটু ? তোমরা কি চোধ মেলে দেখ, না আর
কিছু ? আমার এই ঝাপসা নজরে দেখতে পেলাম অবিকল
সেই চেহারা, আর তুমি বলছ কিনা…মেয়েটা কোধায় গেল রে
নীলু ?

नौनाजि-जानि ना-

মহিম—জানো না, তা এক্টু থোঁজ নিয়ে দেখা তো উচিত। নীলাজি—কি হবে খুঁজে ?

মহিম—কি হবে খুঁজে! তা ঠিক। মেয়েটা ভাল নয়, সত্যিই ভাল নয়। তবু থোঁজ নেওয়াটা হল ভদ্ৰতা। বুঝলে १···
ভদ্ৰলোকের ছেলে, সব সময় ভদ্ৰতা-জ্ঞান যেন বজায় থাকে—
নেপথে পরেশের গলা।

পরেশ—আমার উঁচু মাথা ইেট হয়ে গেল। পা ছুঁসনে বলছি হারামজাদি—

পরেশ ঘাড়ধারা দিয়েছেন। অমিতা পড়তে পড়তে সামলে নিল। মহিম—একি, পরেশবাবু ?

পরেশ—আপনি সমস্ত জানেন। পুলিশের রিপোটও দেখেছেন—
মহিম—স্ত্রীলোকের গায়ে হাত ? আপনার পরে তো শ্রদ্ধা থাকল না—
পরেশ—( অমিতার প্রতি ) মরে যা, মবে যা—

মহিম—করছেন কি ? ছি-ছি, ভাগনী হয় আপনার—

পরেশ—না, কেউ নয়। আমার অতি-বড় শক্ত। বাড়িব ত্রিসামানায় কোন দিন পা ফেলবিনে। ঘেরা করি তোকে। থু-থু:—

অমিতা-মামা, মামা--

পরেশ চলে গেলেন। অমিতাও পিছনে পিছনে চলন।

মহিম—ঘেন্না আমিও করি, নিশ্চয় করি। বুঝলে নীলু, এই বিবেকানন্দ-অরবিন্দের দেশের কলঙ্ক হয়ে এসেছে এরা। 
···কিস্তু কি করা যায়, বলো তো নীলাতি ?

नौनाजि-- हनून वावा।

মহিম—হাঁ।, তাই চলো। ··· কিন্তু কি করা যায় ? মামা তাড়িয়ে দিচ্ছে। আর যাই হোক, মেয়েটা তোমায় বাঁচিয়ে দিল, গুর সাক্ষিতেই চক্রাস্ত কোঁসে গেল— টলভে টলভে অমিতা প্রবেশ করন। মহিম—কোথায় চলেছ ?

অমিতা—স্কার কোথাও না হয়, গঙ্গায়—

মহিম—দেখ, দোষ করে ফেলেছ—রাগটা কম কোরো, স্থাপে থাকবে। অমিতা—পথ ছাড়ুন।

মহিম-ভয়ের কথা বলছ, পথ ছাড়ি কি করে ?

অমিতা পাশ কাটিয়ে চলে যায় দেখে মহিম হাত ধরে ফেললেন।

অমিতা—কেন, কেন আপনি ধরছেন ?

মহিম—ভয় ধরিয়ে দিচ্ছ যে!

অমিতা—মামা তাড়িয়ে দিয়েছেন, বাবা তো নেই—

মহিম—বাবা থাকলেও তাড়াতেন। হলফ করে বলতে পারি।
দোষটি কি করেছ বলো তো! রাগ তো আছে বোল আনা!
অমিতা—দোষ ভাগ্যের। যান, কাটা ঘায়ে সুনের ছিটে দেবেন
না। আমার কেউ নেই, এ পৃথিবীতে আমার জায়গা নেই।

মহিম—আমার বাডিতে আছে—

অনিতা--আপনার বাডিতে ?

মহিম—আলবং। মহিম চৌগুরি কাউকে ভর করে নাকি ? তুমি
আনার ভাগনী নও, মেয়েও নও—রক্তের সম্পর্ক ছিটেকোঁটাও
নেই। আমার তো মাথা হেঁট হবে না, আমার কি !
হাঃ হাঃ হাঃ !
মহিম চৌধুরি আপন-ভোলা হাদি হাদতে লাগলেন।

# দ্বিতীয় অঙ্ক

# প্রথম দৃশ্য

(ক) মহিমের বাড়ি। শোবার ঘর। খাট-বিছানা প্রভৃতি একদিকে, অপর দিকে জলটোকি-ড্রেসিংটেবল।

অমিতা প্রসাধনে ব্যস্ত। নীলান্ত্রি এল ; তার হাতে র্যাকেট।

নীলাজি-শোন-

অমিতা-চুপ, চুপ! ব্যস্ত -- দেখছ না ?

নীলাজি---গান গাও একটা।

অমিতা—ভাল গাইয়ের গান তো শুনবেই একটু পরে।

নীলাজি--কীর্তন ? ধর্মকর্ম আমাদেব সহা হয় না---আমার না, বাবারও না---

অমিতা-কিন্তু মা'র ?

নীলান্তি—মাকে নিয়ে তে। মুশকিল। তিনি আর এক জগতের মানুষ। · · · বাজে কথা দিয়ে ভোলাবার মতলব! বলো, গাইবে কিনা!

অমিতা-না।

নীলাজি—বেশ, চললাম তবে। বাবাকে গিয়ে বলিগে— গ্যনোগত।

অমিতা—শোন, শোন। কি বলবে বাবাকে ?

নীলাজি—বলব, অমিতার সঙ্গে বিয়ের দিন ঠিক ককন।

অমিতা—আজকে বাড়িতে এত লোকজন। তার মধ্যে ঐ সব—

নীলাজি—বিয়ে না হলে জব্দ হচ্ছে কই ? 'পতি পবন গুরু' হয়ে কাগুটা কি করি দেখো। বলবই আজ—

র্যাকেট উচিষে প্রহারের ইঙ্গিত কবল।

অমিতা—বেশ, বলোগে। বাবা যা মানুষ—ঠিক কান্মল। খেয়ে আস্বে।

নীলান্তি—তোমার নাম করে বলব যে অমিতা অস্থিব হয়ে পড়েছে—

অমিতা—<sup>\*</sup>মিথো কথা।

নীলাজি—তোমার মনের কথা। আচ্ছা, দেখ তবে— অমিতা—শোন শোন।…তা তুমি পার, তোমায় বিশ্বাস নেই।

নীলাজি-তবে শোনাও গান। এই বসলাম।

## নীলালি থাটের উপব বদল। অমিতা প্রদাধন কবছে আর গান গাইছে:

ফুলের মালা চাইনে ভোমাব; গানে—গানে—গানে— মাঘার কান্ধল পবে এলে প্রাণের মধ্যপানে।

হঠাং অমিতা দেখে, নীলান্তি ব্যাকেটটা বেহালার মতোধ্যে বাজাবাব ভান ক্বছে। সেগান বন্ধ ক্বল।

অমিতা—ঠাটা ? গাইব না আমি।

নীলাজি--বেশ, বইল এসব। এবাব ?

বাাকেট রেপে দিল, তবু অমিতা ফিবে তাকায় না। প্রসাধান ব্যস্ত।

नीलाजि — भिष करवा लक्षोष्ठै। आशा, हमःकाव लागह्छ।

নীলান্তি—এথানে তো কেউ নেই।

অমিতা-তুমি বয়েছ।

নীলান্তি—আমাব কাছে লজ্জা ! তুমি ঐ হতে যাচ্চ—আমি হব স্বামী—

অমিতা-তবু পুক্ষমানুষ।

নীলান্ত্রি—তা বটে ! স্বামী হই, যা-ই হই—পুরুষমান্ত্র্য তো বটে !… আছো, এইবাব সাড়াল হয়ে গেল— ব্যাকেট দিয়ে মুগ আয়ত করন।

অমিতা--চোথ বোজ।

নীলাদ্রি—বেশ—

চোথ বুজল।

অমিতা-মুখ ফেরাও।

নীলাজি---আচ্ছা---

মুগ ফেবাল।

অমিতা-দেখবে না কিন্ত। খবরদাব !

#### অমিতা গান শুরু করল:

বাতায়নে ভিড় করেছে বন-বিহণের দল
গানে গানে হৃদয় ছ'টি হল বে উতল—
মন পেয়েছে স্থবের পাথা; উধাও তোমার পানে—
ফ'জনে আজ একলা হলাম প্রাণের মধ্যধানে।

অমিতা—এ যে দেখছ, ঘাড় ফিরিয়েছ তেই, ছই, ছই, ছই কোথাকার!
অমিতা ছুটে গিয়ে নীলান্তির মৃথ অক্সদিকে ফিরিয়ে দিল। হাতে ছিল
ফেসক্রীম। অমিতার ছুটামি নিশ্চয়—তারই সাদা দাগ লাগল নীলান্তির মৃথে।
অমিতা ছুটে পালাল।
নীলান্তি—দাঁড়াও, দিচ্ছি চালাকি ভেডে—
দেও ছুটল।

( থ ) মহিমের বৈঠকখানা। ঘরে অনেক অয়েলপেণ্টিং। টেলিফোন আছে।
গড়গড়া, কিন্তু কলকে নেই। মহিম মনোযোগের সঙ্গে মোকর্দমার নথিপত্র
দেখছিলেন, এমন সমন্ন অমিতা প্রবেশ করল।
অমিতা—বাবা!
মহিম—বোসো, ঠাণ্ডা হয়ে বোসো দিকি চঞ্চলা মা আমার।

মহিম—বোসো, ঠাণ্ডা হয়ে বোসো দিকি চঞ্চলা ম। আমার।
অমিতা—বসি কি করে ? বাড়িতে এত বড় ব্যাপার, কত দিকে
কত কাজ—

মহিম—না, তুমি কাজ করতে পারবে না মা-জননী চুপটি করে থালি বসে থাকবে। কাজের লোক আমি দেখতে পারিনে।

অমিতা—দেখতে পারেন না ?

মহিম—না, ছ'চক্ষে দেখতে পারিনে।

এই সময়ে নীলান্তি এল। মহিমকে দেখে সে থতমত থেরে দাঁড়াল।
মহিম—তুই এখানে ?
নীলান্তি—এই··ঘাচিছ—

মহিম—তা তো দেখছি হে নবাব-পুত্র। কিন্তু, কোন্ দিকে !

নীলান্তি—মানে আজকে হল ঝুলন-পূর্ণিমা। মা পাড়ার মেয়ে-পুরুষ সব নেমস্তন্ন করেছেন—

মহিম—তোমার আড্ডা দেবার জৃত হয়েছে! সেই ধান্দায় চলেছ। লক্ষা করে না ?

নীলাদ্রি—আজে ?

মহিম—অকেজো লোক আমার হু'চক্ষের বিষ। সর্বক্ষণ একটা ন। একটা কাজ নিয়ে থাকবি।…দেখ্, এই একটা কাজের লোক— মাথা ভাঙলেও কাজ না করে শুনবে না।

নীলাদ্রি—( নিম্নকরে ) কাজ কত!

মহিম—এগজামিন এসেছে—আমি ভাবছি, শ্রীমান বই নিয়ে বসেছেন।

নীলাদ্রি—আজকের এই গণ্ডগোল, নেমফুল-আমফ্রের মধ্যে—

মহিম—হঁ, হঁ!

নীলাদ্রি—আজ্ঞে, পড়া হল তপস্সা—

মহিম—তাই তপোবনের আবশ্যক ? বেশ তো, তোমার মা আর অমিতা যে ঘরে শোয়—তারই বারাগ্রায় আপাতত তপোবন বানিয়ে নাও গে।

নীলাজি—কোথায় ?

মহিম—অমিতার ঘরের বারাণ্ডায়। বাড়ির সবাই মচ্ছবের আয়োজনে আছে—ওদিকে কেউ যাবে না, কিছু অস্কুবিধা হবে না।

নীলাদ্রি-–আজে না, কোন অস্ক্রবিধা হবে না।

নীলান্ত্রি অমিতাকে ইন্দিতে যেতে বলছে, অমিতা ছুইুমি করে অস্বীকার করছে। শেষে অমিতা রাজি হল।

নীলাজি—ছ'মিনিটের মধ্যে কিন্তু—
মছিম—( মুখ তুলে ) ছ'মিনিটের মধ্যে—কি ?

নীলাজি—পছতে বসব। 'মানে, এগজামিন একেবারে এসে পড়েছে কিনা—দেরি করা ঠিক নয়।

**এতক্ষণে भौना**खित मूर्थित मिरक महिरमत नजत भड़न।

মহিম- মুখে কিসের দাগ ?

নীলাদ্রি—দাগ ? কিদের দাগ ? ওঃ, টেবিলে কালি ঢেলে পড়েছিল, তাই কি রকম করে লেগে গেছে।

মহিম—কালি আজকাল সাদা হয়ে গেছে ? সাদা কালিতেই এগজামিন দেবে—হাঁা, বুঝতে পারছি।

নীলাজি—( আয়নার কাছে গেল) তাই তো—সাদাই বটে!

মৃথ মৃহতে মৃহতে তাড়াতাড়ি চলে গেল। আবার ফিরে অমিতাকে ঘুটো আঙুল দেখিয়ে ইন্দিত করে গেল। মহিম ফড়কড় করে খুব গড়গড়া টানতে লাগলেন।

অমিতা—(হেসে উঠল) হি-হি-হি! গড়গড়া টানছেন বাবা, কলকে নেই—

মহিম-জা। ?

অমিতা-কলকেই নেই যে মোটে।

মহিম—তাইতো, হারাণীকে কখন বলেছি ভামাক দিয়ে যেতে।
(হারাণী কলকেয় ফুঁ দিতে দিতে এলো) কখন বলেছি ভামাক
দিয়ে যেতে—কি হচ্ছিল ?

হারাণী-নীলুবাবু ডাকলেন-

মহিম—কেন ? কি বলে ?

হারানী—কলম খারাপ হয়ে গেছে। অমিতা-দিদি গিয়ে একবার যদি—

মহিম—কেন ? আমার মা-জননী কলমের মিদ্রি নাকি ?

অমিতা-আমার কলমটা চান বুঝি! দেখে আসি।

মহিম—না, কক্ষণো যাবে না। নবাবপুত্র কলম ভাঙবেন, কালি চালবেন, বই ছিঁ ড়বেনৃ—গুটিস্থন্ধ তাই সামলে বেড়াবে ! · বুনলে

মা, ওর যদি কিচ্ছু হয়! (খোলের আওয়াজ) ও কি? জানলা দাও, ভাল করে এঁটে দাও—

অমিতা--থুব ভাল কীর্তন হবে বাবা--

মহিম---আরে গান তো! গান শুনলে আমার মাথা ধরে।

অমিতা-মা'র হুকুমে মুহুরি মশায় অনেক খুঁজেপেতে-

মহিম—চাকরি যাবে এবার স্থ্রেন মৃত্ত্রির। গিন্নি গিন্নি, বৃড়ো হলে
মান্ত্রের জনেক ব্যাধি হয়, ভজন-পূজন তার মধ্যে একটা।
গিন্নি!

অমিতা ডাকতে যাজিল, এই সময়ে মহামাধা এলেন।

মহামায়া-কি বলছ ?

মহিম—( রাগত ভাবে ) বলছি, বুড়ো হলে মানুষের অনেক ব্যাধি হয়—

মহা—থেমন তোমার চোখেব। কিলু আমার তো কানের ব্যাধি নেই—অত চেঁচাচ্ছিলে কেন ?

মহামায়াব মেজাজ দেখে সহিম সামলে নিলেন।

বাইবে শিস। ভারপর নীলান্তি মুগ বাড়িয়ে ইসাবা কবতে লাগল। অমিশার গ্রাহ্মনেই। মহামায়ার নজব পড়ল।

মহ। –ডাকছিস, থোকা १

भौनाजि--इँ।।

নালাদ্রি দবে গেল। মহামায়াও গেলেন।

মহিম—আরে মেয়ে, অবাধা যাচ্ছেতাই মেয়ে—বলছি, কাজের মান্ত্র ছ'চক্ষেব বিষ, তবু চুরি কবে কাজ করছ ?

অমিতা—ছটো পাকা চুল তুলব, তা-ও দেবেন না ?…বেশ থাকল—

মহিম—ওরে বাস্রে! রাগ করতে হবে না। দিলাম মাথা পেতে—দেখি, কেমন শিখেছ।

অমিতা—(মূথে হাসি ফুটল) শিথব কোথা ? মামার পাকা চুল নেই। বাবা তো চুল পাকবার আগেই—

- মহিম—হয়েছে তেমনি—দর্শ ভেড়েছে। এবার এই বুড়ো ছেলের মাথা-ভরা শণক্ষেত।
- অমিতা—দর্প নয়, মনে বড় ক্ষোভ ছিল বাবা। ও আমি থাকতে দিচ্ছিনে, সমস্ত তুলে ফেলব।

মহামায়া প্রবেশ করলেন।

মহামায়া—বেদে বিদে চুল তুললেই চলবে অমিতা ? এক্ষুণি গান শুরু হবে—পাড়ার সবাই আসবেন।

মহিমা—এই এক উপসর্গ। ছেলেটার এগজামিন সামনে, কত অস্থুবিধে—

মহা--- অস্থবিধে বাপের---

মছিম---নিশ্চয়।

মহা—দেখ, বুড়ো হয়েছ—ঠাকুবদেবতার কথা-টতা শোন এবার থেকে। মহিম-শোন হচ্ছে, ঠাকুরদেবতা কোথায় ?

অমিতা-কীর্তন-গান বাবা-

মহা—চিরটা কাল আইনের কচকচি করে কাটালে। কীর্তন ঠাকুব-দেবতার গান, তা∸ও জান না १

মহিম—জানিনে আবার! ঠাকুরদেবতার কীর্তন কত শুনেছি! আরে, আজই তো একটা তুমি গাচ্চিলে মা-জননী—

অমিতা-আমি কখন গাইলাম কীৰ্তন ?

মহিম—হাঁা হাঁা, গেয়েছ বই কি! ভেবেছ, বুড়ো ছেলেটা কিচ্ছু বোঝে না, বোকা! সেই যে সকালবেলা গুণ-গুণ করে গাচ্ছিলে, আমি জানলায় গিয়ে দাঁড়ালাম। কি গানটা ভালো—বলো, বলো না গো—

অমিতা—ভোমরা গুঞ্জরে—

মহিম-এ! 'ভোমরা গুঞ্জরে, কী মধুর! ঠাকুরদেবতার কথা কি না! কুঞ্জভঞ্জনের পালা, দাশু রায়ের গান। আমায় রোজই শুনিও ঠাকুরদেবতার কথা, আমি শুনব।

মহামায়া---আচ্ছা।

মহামারা ও অমিতা হাসিম্থে চনলেন। মহিম---তৈরি হয়ে এসো মা-জননী, আমিও যাচ্ছি। মহামায়া--তুমি শুনবে গান ?

মহিম—আলবং! পরকালের ভাবনা ভাবতে হবে তো! তুমি

যাচ্ছ, আমার মা-জননী যাচ্ছেন, আর আমি এখানে মামলার

নথি ঘেঁটে বেড়াই। বয়ে গেছে। আমি শুনব, দিন-রাত

গান শুনব। শিগগির এসো তোমরা, আমি চটপট গুছিয়ে
নিচ্ছি।

মহিম তাড়াতাড়ি কাগৰণত্ত গোছাতে লাগলেন।

(গ) শোবার ঘর। অমিতা ও মহামায়া ঘরের মধ্য দিয়ে যাচ্ছিলেন।
মহামায়া চলে যেতেই কোন দিক দিয়ে নীলাদ্রি এসে অমিতার পথ আটকাল।
অমিতা—পথ ছাড়ো, কাপড়-চোপড় পরে নিইগে—

নীলান্তি—কেন ?

অমিতা – কীৰ্তন শুনতে যাচ্ছি যে!

नौलाजि-यारुग्ना शरव ना।

অমিতা — তার মানে ?

নীলাদ্রি—মানে খ্বই প্রাঞ্জল। মারও তিরিশ-চল্লিশ বছর কাটুক—

দাঁত নড়বড়ে হোক, চুল পাকুক। কীর্তন-ভাগবত-কথকতা
শুনবার সময় তখন—এখন নয়।

অমিতা-কিন্তু বাবা যাচ্ছেন, মা যাচ্ছেন-

নীলান্তি—তা হলে আরও সুবিধে। স্বচ্ছদে তাঁরা যান—মহানদে সমস্ত রাত ভগবানের নামামৃত পান করুন। ভগবান তাঁদের সুমতি দিন, রোজই গিয়ে গিয়ে শুরুন এই রকম।

অমিতা—দেরি করিয়ে দিও না। বাবা আমাকে তৈরি হতে বলেছেন। নীলাজি—আর তুমি তৈরি হতে চলেছ ? বৃদ্ধি করে কেন বললে না যে, অস্থুখ করেছে ?

অমিতা—তা বই কি। অমনি খাওয়া-বন্ধের ছকুম হয়ে যেত। বাড়িতে আজ এতসব আয়োজন, আর আমি উপোস করে মরি!

নীলাক্তি—খাওয়া—খাওয়া—পেটুক কোথাকার। যাও—

দর্জা ছেড়ে সরে দাঁড়াল। অমিতা নিবিকার ভাবে চলে যায় দেখে আবার ছুটে সামনে এল।

নীলাজি-কথা দিয়ে যেতে হবে-

অমিতা—কি ?

নীলান্তি—খুব শিগগির ফিরবে। ওঁরা থাকবেন, তুমি একা চলে আসবে।

অমিতা—তা কি করে হয় ?

নীলান্ত্রি—বৃদ্ধি থাকলে হয়। একটু পরে বলবে, ঘুম পাচ্ছে। বলেই চলে আসবে। কত কি বলবার আছে—কথা এই গলা অবধি ছাপিয়ে উঠছে।

অমিতা--আজ্ঞা।

নীলাত্রি—বলো কতক্ষণে ফিরবে। কুড়ি মিনিট ? একুশ ? বাইশ ? অমিভা—আচ্ছা—

নীলাত্রি—মনে থাকে যেন। না শুনলে নিজে গিয়ে পড়ব। আমার রাগ খারাপ—

অমিতা-কিন্তু নতুন-ব্যবস্থা কি হচ্ছে জানো ?

নীলাজি—জানি, এখানে পড়াশুনোর জৃত হচ্ছে না বলে—

অমিতা-আবার হস্টেলে যেতে হবে। সেখানে পড়ার স্থবিধে।

নীলান্তি—হস্টেলে না পাঠিয়ে বনবাসে পাঠালে তো আরও স্ববিধে হয়।

অমিতা—তুমি ত্'মাস বাড়িতে, হস্টেলের ঘরে তালা দেওয়া। বাবা টাকা গুণে যাচ্ছেন। ∗তাই বলছিলেন— নীলাজি—বনবাসে গেলে টাকাও গুণতৈ হবে না। আজই একটা হেস্তনেস্ত হবে। বিয়ের কথা বলব বাবাকে।

অমিতা-না, না--

নীলাজি-কেন?

অমিতা—তিনি ক্ষেপে যাবেন। এমন ভালো, কিন্তু এ রকম জেদ— নীলাজি—আমি ওঁরই ছেলে। জেদ আমারও আছে। কিছু গ্রাহ্য করিনে।

মহিম এলেন। সঙ্গে সঙ্গে নীলাজি যেন আর এক মাসুষ।

মহিম-কি, এখানে কি ?

नौलाजि-वरे-

মহিম—বই শোবার ঘরে ?

নীলান্তি—আজ্ঞে, জিজ্ঞাস। করতে এসেছি। মানে—কালকে শোবার সময় বই উপরে নিয়ে গিয়েছিলাম, খুঁজে পাচ্ছিনে।

মহিম—ইস, বড্ড যে অভিনিবেশ! আজকাল ঘুমিয়ে ঘুমিয়েও পড়া হচ্ছে-নাকি ?

নীলান্তি—একজামিন সামনে কিনা—ভাবলাম, যতক্ষণ ঘুম না আসে পড়া যাবে।

মহিম—তা ভাল। এখন হারিয়ে নিশ্চিস্ত হয়েছ তো ? আবার আমার টাকা পাঁচেক গচ্চা লাগাও। হারাণী, হারাণী!

অমিতা—আমি ডেকে দিচ্ছি বাবা।

অ্যতা চলে গেল।

মহিম—নবাবের বেটার বই জোগাতে জোগাতে ফতুর হলাম।

নীলাজি—হারায় নি নিশ্চয়—আছে কোথাও। মানে, বারবার উপর-নিচে টানাটানি—

মহিম—অস্থবিধা হচ্ছে। হস্টেলে চলে যাও। একজামিনের মুখে বাড়িতে আসাই উচিত হয় নি। হারাণী! হারাণী এল।

- মহিম—দেখ; এই ইয়ে—বই টানাটানি করে নীলুর বড্ড অসুবিধা হচ্ছে—
- নীলাত্রি—আজ্ঞে, ও একটু-আধটু—তার জত্মে কিছু ভাববেন না, মানিয়ে গুছিয়ে নেবো।
- মহিম—না হে, তোমার মা'র মচ্ছব এই রকম এখন মরশুম ভোর চলবে। হস্টেলে আজই যাও। · · · এক কাজ কর্ হারাণী, নীলুর বই-টই বেঁধে রাখ দরোয়ান হস্টেলে রেখে আসবে। আর চট করে খাবারের বন্দোবস্ত করতে বল্। নীলু এখানে খাবে, শোবে গিয়ে হস্টেলে। বুঝলি ?

হারাণী—আজে—

মহিম-কি বুঝলি, বলতো একবার।

হারাণী—দাদাবাবু শোবে এখানে, খাবে হস্টেলে, বই-টই সব গুছিয়ে 
তুলে রাখতে হবে।

মহিম — আমার মাথা! নীলু, নিজে গুছিয়ে নে।
অমিতার প্রবেশ।

नौनाजि-- अकृि ?

মহিম—হাা, এক্ষুণি। একজামিন সামনে—এক-একটা সেকেও যে এখন এক-একটা দিনের সমান। তুমি এখনো কাপড়-চোপড় বদলাও নি। কি, করজিলে কি এতক্ষণ ?
অমিতা ইকিত করে— বলে দেব?' নীলালি অমুনয় করে—'না, না—'

অমিতা—খুঁজে পাচ্ছি নে বাবা—

মহিম-কি ? কি ?

অমিতা-কানের হল-

মহিম—ব্রয়ে গেছে। ভারি তো দাম! বিশ-পঞ্চাশ টাকা—তা যাকগে। তুমি মুখ ভার কোরো না মা-জননী, কালই স্থাকরা ডাকব—ওর চেয়ে ভাল জিনিস, হীরে-বসানো ত্ল গড়িয়ে দেবো। (নীলাজির প্রতি) যা, যা, যাজ্ছিস না এখনো? (চিস্তিত ভাবে) কিন্তু এখন যাবে কি পরে ? পাড়ার দশটি মেয়েছেলে আসবেন···(মহামায়ার প্রবেশ) গিন্নি, কানের ছল আছে ?

মহামায়।—ছলের দোকান করেছি কি না! কে পরবে ? (মহিম অমিতাকে দেখালেন) অমিব কানে তো ঐ রয়েছে। তোমার পরতে হয় তো বলো।

অমিতা—(নীলাজি সবে গিয়ে এক কোণে দাঁড়িয়েছিল, তাব দিকে চেয়ে হৃষ্টুমিব হাসি হাসল) তাই তো! কানেই আছে দেখছি।

মহিম—কানেই আছে, অথচ তুই দেখিদ নি—আমিও না। যেমন হাবা মা তেমনি হাবা ছেলে! হা-হা-হা—(হঠাৎ হাসিথামিয়ে) ওঃ বুঝেছি—ফাঁকি, ফাঁকি! বুঝলে গিন্নি, ফাঁকি দিয়ে আমাৰ কাছ থেকে কথা আদায় কৰে নিল। বেশ, তাই হবে, মহিম চৌবুৰি এক কথাৰ লোক দ্বাই জানে। কথা যখন দিয়ে ফেলেছি, কালই স্থাকৰা ডাকৰ। তোমরা এসো—মহিম চলে গেলেন।

নীলান্তি-মা, দেখলে - বিচাবটা দেখলে ?

মহামায়া—কিসেব বিচার ?

নীলান্তি—কিসেব বিচার! তুমি জানো না ! এর একটা বিহিত কবো—

মহামায়া-হয়েছে কি, আগে বল।

নীলাজি—আমার বইয়েব পাঁচ টাকায় বাবা ফতুব হয়ে যান, আর
ওদিকে ছল থাকলেও হীরেব ছলের হুকুম হয়ে যায়। অভ
বড় ডাগর মেয়ে—ভার সামনে যখন তখন যাচ্ছে-তাই করে
বলা…মা, হাসছে—মুখ ফিরিয়ে ঠিক হাসছে। (অমিতার
কাছে গিয়ে ফিসফিস করে বলল) কুড়ি মিনিট কিছ্ত…হাঁ।
এ যে হাসছে—এর বিহিত করে। বলে দিছি, নইলে—নইলে—

(ঘ) মণ্ডপ। কীর্তনের আসর বসেছে। তার মধ্যে সমীরকে দেখা যাছে। মহামায়াও আছেন। খানিক পরে অমিতা ও মৃহিম এলেন। গান হচ্ছে:—

> বঁধ্র লাগিয়া বাসর সাজান্ত, গাঁথিত ফুলের মালা, কাজল পরিষ্ণ দীপ উজারিত, মন্দির হইল জালা। (নিঠুর সে বঁধু এলো না হায়—)

( < ) মগুপের সামনে বারাগু। নীলান্তি বার বার হাতঘড়ি দেখছে।
শিস দিচ্ছে। ইসারা করছে। কিন্তু অমিতা দেখছে না। কীর্তন কানে
আসছে। হারাণী ট্রেনিয়ে যাচ্ছে আসরের দিকে।

नौलाजि-शतानी!

হারাণী—সিগারেট নেবে নাকি একটা দাদাবাবু ? কেউ নেই ইদিকে— নীলাজ্য—শোন্ হারাণী, ঐ যে তোর অমিতা-দিদি—ওখানে বসে বসে ঝিমুচ্ছে—

টে থেকে সিগাবেট তুলে নিল । হারাণী—কীর্তন শুনছে।

নীলাজি হঁ, কীর্তন শোনা না হাতী! সে নিষ্ঠ। আছে কি আর আজকাল ? ঘুম .ধরেছে, ভগবানের কথা কানে ঢোকে না, শিস দিলেও কানে যায় না।

হারাণী—ছেলেমান্ত্র্য কিনা!

নীলাজি—এই ইয়ে…( পকেট থেকে একটুকরা কাগজ বের করে ফাউন্টেন-পেন দিয়ে খসখস করে লিখছে) তুই খাসা মানুষ হারাণী। দাঁতে-দেওয়া ভালো মিশি বেরিয়েছে একরকম—
ভাই কিনে দেবো এক কোটো।

টে থেকে একটা পানের দোনা নিম্নে তার মধ্যে কাগছের টুকরো প্রল। নীলান্ত্রি—হারাণী, তুই বড় ভালো। এই পানটা দিবি তোর অমিতা-দিদির হাতে।

হারাণী—( রাগতভাবে ) চিঠি পাঠাচ্ছ ?

নীলাজি—চিঠি নয়, এইটুকুতে কি চিঠি হয় বে ? বইয়ের নাম— বইটা কোথায় যে রেখেছি—বিশ মিনিটের মধ্যে বই খুঁজে দেবে বলেছিল, কি রকম বসে বসে ঘুমুছেে দেখ না! বই নিয়ে এখুনি হস্টেলে যেতে হবে কিনা! বাবার তো রাগ জানিস। হারাণী—দাও।

নীলাজি—গোলমাল করে ফেলবিনে তো ? মানে, দরকারি বইয়ের নাম, বেহাত হয়ে পড়লে বড় মুশকিল—

হারাণী—এর আর গোলমাল কি ? নীলান্ত্রি—এই দোনাটা আলাদা করে ডান হাতে রাখ্—ব্ঝলি ? হারাণী—আচ্ছা।

মঞ্চ ঘুরে আবার মণ্ডপ এল।

(চ) মণ্ডপ। কার্তন-গান চলছে। সমীর ববাবরই বারাণ্ডায় নীলাজির দিকে লক্ষ্য করছিল। হারাণী অমিতাকে নির্দিষ্ট পান দিল। অমিতা ব্যুক্তেও পারে নি, পান থেয়ে কলার পাতার ঠোঙাটা ছুঁড়ে ফেলল। সমীর তাড়াডাড়ি কুড়িঘে নিল; তারপর সে উঠল।

গান হচ্ছে:--

আসিবে বলিয়া লিণিস্থ দিবসে; খোয়াস্থ নথের ছন্দ — উঠিতে বসিতে পথ নিবসিতে ত্ব-আঁথি হইল অন্ধ। (বঁণু সে এলো না হায়—)

গান শেষ না হতে মঞ্চ আবার ঘুরল।

(ছ) মণ্ডপের সামনে বারাণ্ডা। নীলাদ্রি গলা বাডিয়ে উকি দিছে।
বলছে—'পথ চেয়ে চেয়ে অন্ধ ড্-আঁথি'। একটি মেয়েলাক এই পথে
ভিতরবাড়ির দিকে যাচ্ছিল। তাকে দেখে নীলাদ্রি তৎক্ষণ্মৎ আবার
ভালোমান্ত্র। আবার সে পথের দিকে তাকায়। সমীর আসছে দেখে সে ধাঁ
করে ফিরে দাড়াল। ভেবেছিল, সমীর চলে যাবে—কিন্তু গেল না।
সমীর—(মেয়েলি চঙে) প্রাণেশ্বর!

नोनाजि-नमीत ?

সমীর—আমার যে ডেকে পাঠিয়েছ ফ্রন্মবল্লভ। পানের মধ্যে চিঠি পেলাম।

नौनाजि---(प्रिथ, प्रिश---

সমীর—এই দেখ—( দূর থেকে দেখিয়ে পড়তে লাগল ) মানসপ্রিয়া! নীলাজি প্রবল হাসি হেসে উঠন।

সমীর--ও কি!

নীলান্ত্রি—একটু ইয়ার্কি করা গেল। উঃ, কি কাণ্ডটা করেছিলে তুমি! যাকগে, যা হবার হয়ে গেছে—

সমীর—(পড়তে লাগল) মানসপ্রিয়া, তুমি কুড়ি মিনিটের মধ্যে আসবে বলেছিলে

আসবে বলেছিলে

আসহে না প্রাণকান্ত।

নীলান্তি—আরে যা:, কোখেকে কি এক বাজে কাগজ উড়ে পড়েছে, আমি লিখেছি কে বললে ? সিগারেট নেবে ? সমীরকে সিগারেট দিল, নিজেও নিল) তারপর, এ বাড়িতে কি জন্মে ? ঠিকানা পেলে কোথায় ?

সমীর—তোমার বাবা জক্ষরি চিঠি দিয়েছেন।

নীলান্তি—বাবা ডেকে পাঠিয়েছেন ?

সমীর—হাা, তাঁর নাকি ভয়ানক দরকার। এসে দেখি, কীর্তনের গান লাগিয়েছ।

নীলাজি—খাসা কীর্তন—শোন বসে। কোগজখানায় তো ভারি মজার কথা লেখা আছে! দেখি, দেখি।

সমীর—হাঁা, একশো মজা। ... কই, ধরাও—

নীলান্তি নিজের সিগাবেট ধরিমে সমীরেরটা ধবাতে গেল। এমন সময়
অমিতার সঙ্গে চোঝোচোঝি। নীলান্তি গলা-খাঁকারি দিল। অমিতা উঠল।
এদিকে দেশলাইয়ের কাঠি সিগারেটে না ধরে প্রায় সমীরেব মুখে এনে ধরেছে।
সমীর—আ—হা-হা, ওকি! মুখ পুড়িয়ে দিলে যে! কেল্লা ফতে!

হেলে উঠন।

नीनाजि—( **সাম**লে নিল ) कि वन ह ?

সমীর — চিঠিটা ফসকেছিল, কিন্তু গলা-খাঁকারি লক্ষ্য ভেদ করেছে। নীলাজি—ভার মানে ?

সমীর—ভূবে ভূবে জ্বল খাও ভাই, ধরা পড়েছে কেবল সমীর দত্ত। নীলাদ্রি—যা ভাবছ, তা নয়।

সমীর—বাহাছর ছেলে! কীর্তনের নাম করে অমিতা মিত্তিরকে একেবারে উঠোনে এনে হাজির করেছ। সেদিন তো অনেক সাধু বাক্য শুনিয়েছিলে।

নীলাজি—( দুঢ় কঠে ) যা ভাবছ, তা নয়।

সমীর – সমিতা মিত্তিরকে আমি চিনি।

নীলাজি – আমি যদি অমিভাকে বিয়ে করি ?

সমীর—হা-হা-হা! অমিতাকে বিয়ে করবে—অমিতাকে বিয়ে করবে ? নীলাদ্রি—হাসছ ?

সমীর—আবে, অমিতা মিত্তিরকে বিয়ে করবে, এর চেয়ে হাসির কথা কি আছে ? এই আমার সঙ্গেই কত ব্যাপার—খবর রাথ কিছু ? নীলাজি—রাসকেল !

নীলাজি সমীরকে ধারা দিল। সহিম এলেন।

মহিম—দাঁড়িয়ে দাঁড়িয়ে গান শুনছিদ নীলে १ ...এ কি ?

সমীর—কিছু না স্থার—কলার খোসা পায়ের নিচে পড়ে শ্লিপ করেছি।

মহিম—চিঠি পেয়েছ ?

সমীর—পেয়েই ছুটে এসেছি। গান শুনছিলাম। নীলাজিকে দেখে উঠে এলাম। ক্লাসমেট—পুরাণো ঘনিষ্ঠ বন্ধু কিনা!

মহিম—বদ্ধুৰের নমুনা কোর্টেই দেখেছি। তোমাকে চাবকাতে হয়। সমীর—চিঠি লিখে সেই জন্মে কি এনেছেন স্থার ?

মহিম—না। অনেক টাকা পাইয়ে দেব তোমাকে।

সমীর—কত টাকা স্থার । ছুটো হাজার পেলে বেঁচে যাই।
মহিম—তাই দেব। লোকজন চলে যাক, নিরিবিলি কথাবার্তা—
দেবি হবে।

সমীর—হোক দেরি। আমি বসে বসে গান শুনিগে।

মহিম—তাই যাও। আমি থবর পাঠাব।

সমীর চলে গেল।

নীলাক্তি - বাবা।

মহিম-হল্টেলে এখনো যাস নি যে!

নীলান্তি—যাচ্ছি বাবা। একটা প্রণাম করে যাব। নীলান্তি প্রণাম করন। মহিম ক্রন্ত চলে থাচ্ছিলেন।

নীলাদ্রি— একটা কথা—

মহিম—বই হারিয়েছিস তো ! কিনে নিস—কিনে নিস···কি আর হবে!

'নীলাজি—বই নয়।

মহিম – তবে গু

নীলাদি-অমিতার কথা বলছিলাম।

মহিম—অমিতার কথা অমিতা বলবে, তোমার মাথা ব্যথা কেন বাপু ?

নীলান্তি-সে বলতে পারবে না।

মহিম—পারবে না ? ও: — তোনায় ওকালতনামা দিয়েছে ? বেশ, সংক্ষেপে সেরে চলে যাও। হস্টেলের গেট বন্ধ হয়ে যাবে।

নীলাদ্রি-মানে-

মহিম-ছঁ ?

নীলাজি—অমিতা এথানে আসার পর···মানে বিস্তর ভেবেচিন্তে দেখলাম—

মহিম—এগজামিন ছাড়া এখন অফ্য কোন ভাবনাচিস্তা বাপু ? নীলাজি—আমি তাকে বিয়ে করব। মহিম—ও। (গন্তীর হলেন) ভাবনাচিন্তা আমিও করছি। আজ নয়—কোর্টের সেই দিন থেকেই। বিয়ে হবে না। নীলাদ্রি—অমিতার চেহারা কি খারাপ গ

মহিম—যদি খারাপই হত। তুমি কী এমন লাট সাহেবের বেটা যে স্বর্গের অপ্সরী নইলে ঘরে মানাবে না। খারাপ চেহারার মেয়ের বিয়ে হয় না—বলি, খারাপগুলো পড়ে থাকে নাকি ?

নীলান্ত্রি—তবে আপত্তি কেন ?

মহিম—তোমার ভাবনা এগজামিনের। তোমার বিয়ের ভাবনা আমাদের। আমাদের ভাবনাটা আমাদেরই ভাবতে দাও বাপু। নীলাজি—আজ নতুন কথা বললে হবে কেন বাবা ?

মহিম-নতুন কথা ?

নীলাজি—হাঁ, নতুন কথা। বরাবর বলেছেন, আমাদের স্বাধীন মত জেগে উঠবে—আপনি তাই চান।

মহিম—একশ'বার চাই। ভেড়ার পালের মধ্যে ছটো-একটা মান্ত্র জন্মাক, কে চায় না শুনি ?

নীলাডি - কিন্তু এখন-

মহিম-এখন কি ?

নীলাদ্রি নরাগ করবেন না বাবা। মুখে অনেকেই ভাল ভাল কথা বলেন, কিন্তু নিজেদের উপরে পরীক্ষা এসে পড়লে—

মহিম—কিন্তু বিয়ে তোমার একলার কোন ব্যাপার নয়।
তোমার বিয়ে দিলে যে আদবে, সে কেবল তোমার বউ
নয়—সে হবে এই চৌবুরিবাড়ির অন্নপূর্ণা। সাধ্বী-সভী
কন্মারা মণ্ডপের সামনে ঐ উঠোনে জলজলে সিঁদ্র পরে বউ
হয়ে এসে দাঁড়িয়েছেন, সাধ্বী-সভী মায়েরা তাদের বুকে করে
ঘরে তুলে এনেছেন। ওখানে কি যার তার এসে দাঁড়াবার
জো আছে! ভাগ্যের জোর চাই—বুঝলে ?

মহিমের কথা শেষ না হতেই মহামায়। কথা বলতে বলতে এলেছেন।

মহামায়া—করছে কি সব ? ঠাকুরের শানন হবে আর কখন ? তোমরা এভাবে দাড়িয়ে···কি বচসা হচ্ছে, ও খোকা ?

नौनाजि-राज्या गान्छ।

नीनां जि हान (शन)

মহিম-রাগ দেখ!

মহামায়া—হস্টেলে যাচ্ছেতাই খাওয়ায় কি না—

মহিম-তা নয়।

মহামায়া—তবে ?

মহিম—যে বয়সের যে পাগলামি! আমি করেছিলাম, ও করবে না কেন ? আমিও একদিন বাবাকে গিয়ে বলেছিলাম, শিবানীর সঙ্গে যদি বিয়ে না দেন, সন্ন্যাসী হয়ে যাব।

মহামায়া-তিনি কি বললেন ?

মহিম—তিনি মুকুন্দ চৌধুরি—এই রকম আধ ঘণ্টা তর্কাতর্কি কববাব মানুষ তিনি! আর আমাদেরও ঘাড়ের উপর মাথা বেখে সাহস হত না বাপকে ভণ্ড বলবার।

মহামায়া--নীলু এই কথা বলেছে ?

মহিম—মানে করলে ভাই একবকম দাঁড়ায় বই কি ! চটলে চলবে কেন গিন্নি, দিন বদলে গেছে। আমি বাবাকে শুধু বলেছিলাম, সন্ন্যাসী হয়ে যাব। তিনি বললেন—তাই যাস। মাস খানেকের মধ্যে দেখলাম, আত্মীয়-কুটুম্বে বাড়ি বোঝাই। রম্মন-চৌকি বাজছে। মোটরগাড়ি ফটকে এসে দাঁড়াল। বাবা বললেন, ভালোয় ভালোয় উঠে বসবি—না, এত লোকের মধ্যে কানে হাত দিতে হবে । উঠে বসলাম—ভয়ে ভয়ে তোমধ্য বিয়ে করে আনলাম। আর এখন এরা সব—

মহামায়া—আমার একটা কথা লোন। বিয়ে দাও নীলু আর অমিতার।

महिम-(मर्ता। अभिजात विरायत वरम्मावस हरू।

মহামায়া—নীলুর সঙ্গে তো ?

মহিম—না।ু

মহামায়া---না ?

মহিম--হবার জো নেই।

মহামায়া—কেন নেই ? কি জ্বন্ত নেই, জানতে পারি ?

মহিম—না, জানা উচিত নয়।

মহামায়া—আমাদের ছেলেমেয়ে—তাদের জীবনের এত বড় ব্যাপার — তার কারণটা পর্যন্ত আমি জানতে পারিনে ?

মহিম—না।

মহামায়া—আমি স্ত্রী, ভোমার স্থপ-ত্বংশের ভাগী—

মহিম—কিন্তু তোমার 'পরে যে আমার বড়্ড মায়া গিন্নি! স্থাধের ভাগ দিয়ে থাকি—কিন্তু ছঃখের ভাগ কিছুতেই আমি দিতে পারিনে।

মহামায়া--- তুঃখ ?

মহিম—হাা, বড় ছাখ। বুক ফেটে চ্রমার হয়ে যাচ্ছে, কিন্তু মুখ

খুটে বলব কি করে । আমি তা পারব না—পারব না—বলতে
আমি পারব না—

(জ) শোবার গর। মান আলো। অমিতা লেপ মুড়ি দিয়ে শুয়ে আছে। নীলালি টিপি-টিপি প্রবেশ করল।

অমিতা—কে ? কে ? কেরে ?

মহিম—( নেপণো ) কি হয়েছে মা-জননী ? আমি যাচ্ছি।

নীলান্তি—( অমিতার মুখে তাড়াতাড়ি হাত চাপা দিল) আমি— আমি নীলান্তি—চুপ!

অমিতা—( নিজাচ্ছন্ন চোখে ) তুমি ?

নীলান্তি—হাঁা,—আমি। বলো, স্বপ্ন দেখেছ। ঐ এসে পড়লেন,

মহিম—(নেপথ্যে) আঃ, চটিটা গেল কোথায় ?···আসছি আমি, আসছি—

নীলাজ্রি—বলো, আসতে হবে না। বেড়াল দেখে আঁতকে উঠেছিলে— বলো,একটা বেড়াল—

অমিতা — (নিদ্রাজড়িত ক্ষীণ কণ্ঠ) বেড়াল—

নীলান্ত্রি— টেটিয়ে বলো। এসে পড়লেন যে! ছি-ছি-ছি—দবদালান দিয়ে আসছেন, পালাই কোন্ পথে ? মহিমের চটির শন্ধ শোনা গেল।

মহিম—(নেপথ্যে) এসেছি মা-জননী। ভয় কি! খাটের ধাবে আলমারি। নীলান্তি চট করে গুট-স্ট হয়ে সেখানে বসল। গোটা দুই বালিশ নিজের পাশে বেখে লেপ চাপা দিল।

নীলাজি — মনে বেখ, আমি পাশবালিশ — সে পুনন্দ লেপের মধ্যে মুখ চুকাল। মহিম প্রবেশ কবলেন।

মহিম-কি হয়েছে ?

অমিতা — স্বপ্ন দেখছিলাম বাবা, চোর এসেছে।

মহিম—(রুথে উঠলেন) চোর তো আসবেই। সব দোষ গিন্নির।
দোর খোলা, এক কোঁটা মেয়ে ঘরে, নিজে মগুপে বসে
বসে পুণ্যির পাহাড় জমাচ্ছেন। চোর আসবে না তো কি
ছাড়বে ?

অমিতা—স্বপ্ন। সত্যি সত্তি আসেনি বাবা।

মহিম—আসেনি, আসতেও তো পারত! গিন্নির আকোলটা কি—
অমিতা—এবার দরজা দিয়ে শোব। মা এলে খুলে দেবো।
আপনি যান বাবা।

মহিম—তাই কি হয় ?

অমিতা—আমার মোটেই ভয় করবে না বাবা। রাত জেগে বসে বসে কেন কট্ট করবেন ?

মহিম—কিছু না, কিছু না। রাতে কি ঘুম হয় আমার ? (চেয়ারে চেপে বসলেন) রাতে ঘুমুই না—কেবল কাশি পায়, আর তামাক খাই। বরঞ গিয়ি যতক্ষণ না আসেন, এখানে বসে বসে গল্প করা যাক। রোসো, গড়গড়াটা নিয়ে আসি।
মহিম ধেতেই নীলাজি মুখ বের করল।

নীলাদ্রি—( ক্রুদ্ধ কণ্ঠে ) তোমারই দোষ—
মহিম আবাব এলেন, সঙ্গে সঙ্গে নীলাদ্রি মুগ লুকাল।

মহিম—ভয় করবে না তো ভয় করে তো বলো—গড়গড়ায় কাজ নেই।

অমিতা—আপনি আদবেন না বাবা, শুয়ে পড়ুনগে।

মহিম—তাই কি হয় রে পাগলী মেয়ে। গিন্নির মতো আমি বেয়াকেলে নই।

মহিম চলে গেলেন। নীলাজি মাথা তুলে বলন।

নীলাজি—তোমাবই দোষ। তুমি চেঁচিয়ে উঠলে কেন ?

অমিতা—আমি ভাবলাম চোর। ঘুমের মধ্যে তুমি হঠাৎ লেপ ধরে টান দিলে কেন?

নীলাদ্রি—কেন ঘুমোও ? সেই তো দোষ—

অমিতা—তুমি বলেছিলে—

নীলাজি—কি বলেছিলাম ? বলেছিলাম, ঘুম আসছে বলে চলে আসবে। সভ্যি সভ্যি ঘুমুতে বলিনি।

অমিতা-এসে গেছে, কি করব ?

- নীলাজি—আশ্চর্য, ঘুম আসে তোমার! বাবা বলেছেন, আমাদের বিয়ে হবে না।
- অমিতা—তুমি মত নিতে পারোনি, আমি পারব। তোমার চেয়ে আমায় বেশি ভালবাদেন, জানো !
- নীলাজি—জানি। সেই সব কত কি কথা ছিল। বলতে এসে এই ছর্ভোগ।
- ষ্মমিতা—তোমার তো ছর্ভোগ ভারি! লেপের মধ্যে দিব্যি আরাম করে আছ। আর আমি এদিকে শীতে হি-হি করে মরি।
- নীলাজি—অমিতা, শহরে কি লেপের হুর্ভিক্ষ হয়েছে যে লেপ মুড়ি দিতে এখানে এই ঘরে এসেছি। বাবা তো গড়গড়া নিয়ে গুছিয়ে আসছেন—এবার দীর্ঘছন্দে তোমাদের গল্প শুরু হবে, আর আমি ঐ লেপ চাপা পড়ে মরে থাকব। (লেপ ছেড়ে উঠে দাঁড়াল) চুলোয় যাক কথাবার্তা—প্রাণ নিয়ে পালাই···ওরে বাবা!

দরজা অবধি গিয়েই আবার যথাস্থানে ছুটে এসে লেপ মৃড়ি দিল। চাপা-গলায় বলন।

- নীলাজি—উপায় নেই। আবার বিছানা হয়ে পড়ছি। গল্প জমিয়ে নিও না, দোহাই— মহিম প্রবেশ করলেন।
- মহিম—আসন্থি, দেখলাম—দরকারি ফাইলগুলো দব ছড়িয়ে রয়েছে। গুছিয়ে রেখে এলাম। ভয় কর্মছিল না তো ?
- অমিতা-না বাবা, আপনি মোটে না এলেও ভয় করত না।
- মহিম—তা হোক, তা হোক! ই্যা মা, এ রকম ভাবে বলে আছ, বালিশগুলোর উপর লেপ ছড়িয়ে রেখেছ—

অমিতা-বড় গরম হচ্ছে বাবা।

মহিম—দে কি ? একগাদা গায়ে চাপিয়েও আমাদের শীত যাতে না, আর তোর গরম ? উঁছ, ঐ যে কাঁপছিস—শীত লাগছে, বুঝতে পারছিস নে। অমিতা—না, কোথায় শীত ?

মহিম—ঐ (যে, ঐ যে—সমস্ত শরীর কৃঁকড়ে আসছে। ঠকঠিকিয়ে কাঁপছিস, আর বলিস কোথায় শীত ? শীত লাগছে, ব্ঝতে পারছিস নে। লেপটা গায়ে দিয়েই বোস না।

মহিম গিয়ে লেপের কোণ ধরতেই অমিতা ভড়িছেগে তাঁর হাত ধরল।

অমিতা—হাা বাবা, কাঁপছিই বটে। আপনি মাসুন, বসুন দিকি।
বলছি সব। (মহিনকে যথাস্থানে নিয়ে এলো) স্বপ্ন দেখলাম,
বেড়ালের স্বপ্ন দেখলাম বাবা। কালো কালো, সাদা সাদা,
হলদে হলদে সব বেড়ালের দল। বাঘের মতো বড় বড়
চোখ—

মহিম-বাঘেব মতো চোখ ?

অমিতা—বাবা, বেড়ালে লেপ মুড়ি দিয়ে শুতে থুব ভালবাসে—না ?
মহিম—হাা, বিছানা পেলে বেড়াল আব কিছু চায় না।
মহামায় প্রেশ বর্বের।

মহিম—এই যে গিলি, এতক্ষণে! মত পুণ্যি বয়ে আনতে পাবলে গ এলিকে মহাকাণ্ড—

মহামায়া – কি ?

মহিম-একটা চোর এসে -

অমিতা—চোব নয় মা, বেডাল।

মহামায়া— ৩: বেড়াল! তুমি যাও এবাবে। যাও, ছয়োর দিই। মহিন চলে গেলেন, মহামায়া দরজা দিলেন।

মহামায়া — এ কি অমিতা, হারাণীর কাও বৃঝি! লেপ-তোষক-বালিশে খাট জুড়ে ফেলেছে—শোবে কোথায় ?

অমিতা — শুয়েই তো ছিলাম। কিচ্ছু অসুবিধে হবে না মা, গুঁটি-শুঁটি হয়ে শোওয়া আমার অভ্যাস।

মহামায়।—হুঁ, অভ্যাস বই কি! বিছানাগুলো টেবিলের উপর রেখে দিই। অমিতা—থাক থাক মা, আপনি কেন করবেন ? অমিতা নিক্রেই তাড়াতাড়ি সবস্থন্ধ সরাতে গেল।

মহামায়া—ভাতে কি হয়েছে ? আরে পালোয়ানের বেটি, সমস্ত এক সঙ্গে ভোলবার দরকার কি ? আগে লেপটা—সর্, সর্ দিকি—
লেপ ধরে টানলেন।

মহামায়া—এ কি ? বালিশের মাথায় চুল ? হাত-পা গজিয়েছে ? একটা গোটা মানুষ ? এ কি ? (লেপ ছেড়ে দিয়ে দাঁড়ালেন) অমিতা, এ কে ?

অমিতা—( ক্রন্দনাকুল কঠে ) আমি জানি নে।

মহামায়া—তুমি জানো না ? বিছানার মধ্যে মানুষ—তুমি কিছু জানো না ?

অমিতা—মানুষ যে লেপমুড়ি দিয়ে বালিশ হয়ে ছিল।

মহামায়া—বালিশ হয়ে ছিল ? (নীলাদ্রি উঠে দাঁড়াল) নীলু এখানে লুকিয়ে!

पत्रका यनवानित्य **डे**ठेन ।

মহিম ( নেপথ্যে )—গিল্লি তুয়োর খোল।

নীলাজি-খুলো না মা, আত্মহত্যা করব।

মহিম—(জানলায় মুখ বাড়িয়ে) গিন্ধি কথা বলছ, ছয়োর খোল না কেন! চশমা ফেঁলে গিয়েছি। ও কি, নীলে ওখানে! খোলো, খোলো—ছয়োর খোলো—

মহামায়া দরজা খুনলেন। মহিম কঠোর দৃষ্টিতে নীলান্তির দিকে তাকালেন।

মহিম—তুমি এ ঘরে ?

নীলাদ্রি-মাজে, পড়ার ঘরে বড় মশা।

মহিম-পূড়ার ঘর। হস্টেলে যাবার কথা ছিল না ?

নীলাদ্রি—ও: হাা, ভুল হয়ে গেছে—

মহিম গন্তীর ভাবে চলে বাচ্ছিলেন, অমিতা আকৃল ভাবে ডাকল। অমিতা—বাবা, শুকুন—শুনে যান। মহিম—মিথ্যে কৈফিয়ং শোনবার সময় নেই। অমিতা—মিথ্যে নয়, সত্যি—সত্যি। মহিম—( বাহির থেকে ) না।

(ঝ) মহিমের বৈঠকথানা—পুরোহিত পাজির পাতা উন্টাচ্ছেন। মহিম এলেন।

মহিম—এই যে পুরুতঠাকুর মশায়, বিকালবেলা মুহুরিকে পাঠিয়ে-ছিলাম আপনার কাছে।

পুরোহিত—আমি এসে কীর্তনের ওখানে ছিলাম। আপনিও ব্যস্ত ছিলেন।

মহিম - একটা বিয়ের দিন চাই।

পুরোহিত—মুহুবি মশায় বলে এসেছিলেন। পাঁজি নিয়েই এসেছি। আসছে শুক্রবার স্থৃতহিবুক যোগে একটা দিন আছে, আর আছে তাব হু'হপ্তা পরে।

দবোঘান কতে সিং একটুকরা কাগন্ধ নিয়ে এল।

মহিম—এ কি ?

ফতে—এক বাবু পাঠিয়ে দিলেন। বাবু দাঁড়িয়ে আছেন।

মহিম—ভোমার মা'র ঘরে চশমা ফেলে এসেছি। নিয়ে এসো।
(ফঙে সিং চশমা আনতে গেল) এত রাত্রে—বাবু ? দেখুন তো
ঠাকুব মশায়—

পুরোহিত—( পড়তে লাগলেন) মানসপ্রিয়া।

মহিম-মানসপ্রিয়া-বলেন কি! তারপর গ

পুরোহিত—মানসপ্রিয়া, তুমি যে কুড়ি মিনিটের মধ্যে আসবে বলেছিলে—

ফতে সিং চশমা নিয়ে এল।

মহিম—দিন, দিন—দেখি, নীলের হাতের লেখা…নীলে লিখছে এই সব ! ফতে সিং বোলাও, আবি বোলাও হারামজাদাকে— দতে সিং চলে গেল। স্মীর এল। মহিম — তুমি পাঠিয়েছ ?

সমীর — হাা, গান ভেঙে গেছে, অপচ খবর দিলেন না ৷ রাত হয়ে যাচ্ছে —

মহিম—তুমি পাঠিয়েছ এই কাগজ ?

সমীর—আজ্রে হাা। আমার নামের ছাপান কার্ড নেই কিন।!

মহিম—কার্ড নেই, তাই মানসপ্রিয়া ?

সমীর—মাই গড! এই চিঠি পাঠিয়ে দিয়েছি ? এ পিঠ তো পড়বার কথা নয় স্থার। উল্টো দিকে এই যে নাম লিখে দিয়েছি—এই দেখুন—সমীর দত্ত। হাতের মাথায় কাগজের টুকরো পেলাম, সেটা যে নীলাদ্রির চিঠি—ছি-ছি-ছি!

মহিম—নীলাদ্রি কাকে লিখেছে চিঠি ?

সমীর—জানব কি করে স্থার ? পান খেয়ে অমিতা মিত্তিব ঠোঙা ফেলে দিল, ঠোঙার ভিতর থেকে কাগজ বেরুল —

মহিম—স্কাউণ্ড্ৰেল!

সমীর-আমি স্থার ?

মহিম—তুমি এবং আবও অনেকে। দাঁড়াও ঐথানে। ঠাকুর মশায়, কাল বিয়ের দিন চাই।

পুরোহিত-কাল ?

মহিম--্ট্যা, কাল--কাল--কালই--

পুরোহিত—কিন্তু পাঁজিতে যদি—

মহিম—না থাকলেও করে দিতে হবে। কাঞ্চন-মূল্যে সব মেলে— বিয়ের দিন মিলবে না প

পুরোহিত-তা হলে গোধূলিলগ্নে।

মহিম—গোধ্লিলগ্ন। শুনলে সমীর, ঠিক গোধ্লির সময়ে। ঠাকুর মশার, সকালে এসে ফর্দ করে দেবেন। পুরোহিত চলে গেলেন। সমীর—গোধৃলিলগ্নে কার বিয়ে স্থার ?

মহিম—তোমার—তোমার—শয়তান!

সমীর—কিন্তু কার সঙ্গে বিয়ে···কি বৃত্তান্ত—আমি তো কিছুই জানিনে।

মহিম—অমিতার সঙ্গে। হাত-পা বেঁধে মেয়েটাকে পঢ়া-ডোবায় ফেলে দিচ্ছি।

সমীর—না, মাপ করুন। আমার অন্ত জায়গায় বিয়ে ঠিক হয়ে গেছে।

মহিম—কোথায় ? এমন স্থপাত্রকে কে মেয়ে দিচ্ছে ?

সমীর—ডাক্তার ভোলানাথ শিকদার আর মিসেস তরঙ্গিণী শিকদার। তাঁদের মেয়ে।

মহিম-বিয়ে ভেঙে দাও।

সমীর--কথা দিয়েছি।

মহিন—তোমার আবার কথা।

দ্মীর-- সে মেয়ের কাঁচা-সোনার রং-

মতিম – টাক। দিয়ে সোনার দাম পুবিয়ে দেবো। বলেছি তো, ত'হাজার—

সমার—না স্থার, ও টাকা তারাও দেবে—

মহিম--বেশ, তিন হাজার। এই আমার শেষ দর; আর এক প্রদা উঠব না।

সমীর—তা ছাড়া সব সময় স্নেহনৃষ্টি যেন বজায় থাকে স্থার। টাকা কিছু নয়, এটেই আসল। সমীর পায়ের ধুলা নিল।

মহিম—সরো—সরো—পা বিষের মতো জলছে। নামুষ হুবে সত্যি
সত্যি ? তা হলে তোমায় আমি মাধায় করে রাখব সমীর।
অমিতা আমার মেয়ে, হুর্তাগিনী মেয়ে—
গুলা ধরে এল।

- সমীর—একটা দিন মোটে সময় স্থার। জিনিসপত্র কেনা-কাটা, গোছানো-পাছানো—
- মহিম—বায়না চাও—এ্যাজভান্দ ? মুখ ফিরিয়ে দাঁড়াও, মুখ দেখতে চাইনে। পাঁচশ' দিচ্ছি, কাল গোধূলিতে ভালোয় ভালোয় বিয়ে করে যেও, বাকি আড়াই হাজার দিয়ে দেবো। টাকা নিয়ে আসছি—মুখ ফেরাও—ভোমায় সহ্য করতে পারছি না—
- (এ০) পাশের ঘর। মহিম আয়রণসেফ থুলে টাকা বেব করছেন। কাছে দাডিয়ে নীলালি।

মহিম—হাা, আমি তোমায় সহা করতে পারছিনে।

নীলাজি—ভুল বুঝেছেন। অভায় কিছু নয়। অমিতাকে আমি বিয়ে করব।

মহিম—না—না । বিয়ে করবে না, দাভিয়ে দাভিয়ে তার বিয়ে দেখবে।

नीलाजि-जा ?

মহিম—কাল সমীরের সঙ্গে অমিতার বিয়ে। তুমি তার উযুাগ-আয়োজন করবে।

নীলান্দ্র—এ হবে না, কিছুতে না। অমিতাকে বিয়ে আমি করবই। চাইনে আপনার টাকাকড়ি, বিষয়-সম্পত্তি। করুন আপনি ত্যাক্ষ্যপুত্তর—

মহিম—ত্যাজ্যপুত্র করব, আর ছেলে আমার—( দেয়ালে তৈলচিত্র দেখাতে দেখাতে) আমার বাবার—আমার ঠাকুরদাদার—এঁদের সকলের মুখে কালি দিয়ে বেড়াবে। আর আমি ঘরে বসে হাহাকার করে মরব। সে হবে না।

নীলাদ্রি—কি করবেন তবে আপনি ?
মহিম—আটকে রাধব। বংশের নাম ডোবাতে দেবো না।
নীলাদ্রি—চললাম আমি।

মহিম-কতে সিং!

নীলাজি-দারোয়ান ডাকছেন ?

মহিম — দড়ি দিয়ে বেঁধে রাখব, পাগলকে যেমন কবে রাখে।
(ফতেসিং এল) খোকা চলে যায়। ওকে ছাটকাও।
দেউভিব দাবোয়ানদের চেঁচিয়ে ডাকো—

ফতে সিং---হজর!

মহিম—দোতলাব ঘবে শিকল দিয়ে রাথো—

ফতে—খোকাবারু!

নীলাজি-চলো ফতে সিং-

ত্ৰ-জনে চলে গেল।

সমীব-এ কি স্থাব, সত্যি সত্যি কি আপনি--

মহিম —পাগল হয়ে গেতি। পাগল না হলে কেউ কি ছেলেকে দারোয়ান দিয়ে ( হঠাং কঢ় কন্ঠে ) মজা দেখতে এসেছ ?

সমীর —না স্থার, ঐ যে বললেন—মানে—বড্ড দেরি হচ্ছে, বেশি সময় নেই তো!

মহিম—( নোট ছুঁডে দিলেন ) যাও—

সমীব-–যাচ্ছি স্থার। তা হলে কাল গোধুলিলগ্নে—

মহিম-হাঁগ, হাা-গোধলিলায়ে। বেরোও-

এই সময়ে অমিতা আদছিল, তাব দকে সমীবের চোথাচোধি হল।

অমিতা--গোধূলিলগ্নে কি হবে ?

মহিন —তোমার বিয়ে—এ সমীর দত্তের সঙ্গে—

অমিতা---আঁগ ?

মহিম – এরই সঙ্গে — হাা, ওরই সঙ্গে। না দিয়ে উপায় নেই উপায় কি কিছু রেখেছ ? নিজেব মাথা নিজে খেয়ে বসে আছ। অমিতা—(শাস্ত কণ্ঠে) আপনি দিছেন বিয়ে ? মহিম—তোমার মামাও। সমস্ত কথাবার্তা হয়ে গেছে। তিনি নিজে এসে সম্প্রদান করবেন।

অমিতা—মামা চান মায়ের গয়নাগুলো হজম করতে। আপনার স্বার্থ—

মহিম-আমার ছেলে-

অমিতা—আর আমার স্বার্থ, আপনাদের ষড়যন্ত্র থেকে নিজেকে বাঁচানো।

মহিম—বড়যন্ত্র করেছি আমি ? গোলমাল শুনে মহামায়া এলেন।

অমিতা—আপনি আর মামা হু'জনে।

মহিম—আমি আর তোনার মানা হলাম একদলের ?

অমিতা—না, আপনি আরও নিচের। মামা স্পাষ্ট —বোঝা যায় তাঁকে; আপনার থাকে স্লেহের একটা পর্দা, তাতে মতলব প্রচ্ছন্ন হয়ে থাকে।

মহিম—কি, কি বললে? নিজের মেয়ে বলে তোমায় ঘবে এনেছিলাম।

অমিতা-নে ভূয়ো, মেকি। সরুন-পথ দিন-

মহামায়া-পাগল হয়েছিদ নাকি অমি ?

অমিতা-পথ দিন মা।

মহামায়া--কোথায় চললি এই রাতে ?

অমিতা — সেদিন যেখানে যাচ্ছিলাম। গঙ্গায় এখনো জল আছে।

মহামায়া— না, যাওয়া হবে না। কাল সকালে যেথানে যাবি যাস মা। রাভটা থাক এখানে।

অমিতা—এক মিনিটও নয়। কেন থাকব ? কিসের সম্পর্ক আপনাদের সঙ্গে ?

মহিম-সম্পর্ক নেই ?

অমিতা—না। নিজের ছেলেকে দারোয়ান দিয়ে আটকে রাখা যায়। পরের মেয়ের উপর জোর চলে না। মহামায়া—অমিতা, অমিতা—
অমিতা চলে গেল, মহামায়া পিছনে চললেন।

মহিম—চলে গেল ? কোন সম্পর্ক নেই ? যাক, চলে যাক গিন্ধি, ডেকো না, ডেকো না—

বাইরে চিংকার। ফতে সিং ক্রন্ত প্রবেশ করল।

ফতে—থোকাবাব্ দোতলার জানলা থেকে লাফিয়ে পড়েছে—

মহামায়া —( মহামায়া ক্রত এদে ) খোকা—নীলু—দে-ও গেল ?

মহিম—অমিতা গেছে, খোকা গেল। বাবা, দাদা, চৌধুরি বংশের আদিপুক্ষ—তোমবা সব রইলে, আমাব বংশ-গরিমা বইল, আমি রইলাম—যাক, সব যাক। হা-হা-হা! হা-হা-হা! হা-হা-হা! মহিম উন্মাদের মতো হাসতে হাসতে অবণেধে কোঁদে ফেললেন।

## তৃতীয় **অঙ্ক** প্রথম দৃশ্য

মহিমেব বৈঠকপানা। প্রদিন সন্ধা। একপাশে শুপীকৃত জিনিস, তার
মধ্যে সমীব দত্তেব ব্যাগটাও দেখা যাছে। মহামায়া জিনিসপত্র গোছাছেন।
ব্যাগেব ভিতর থেকে বৃন্দাবনী শাড়ি বেকল। মহামায়া নেডেচেডে
দেখছেন, এমন সময়ে মহিম ক্লান্ত ভাবে প্রবেশ কবলেন। তাঁকে দেখে
মহামায়া কিনিসপত্র এক পাশে ঠেলে দিয়ে কট ভাবে উঠে দাঁডালেন।
মহামায়া কি? এ সমস্ত কি? কি ভোমাব মতলব বলে। তো প
মহিম —মিছে হুস্টেল-চার্জ কেন দেব গ তাই নীল্ব জিনিসপত্র

সেখন থেকে আনিয়ে ফেললাম

মহামায়া—যদি নীলু ফিবে আসে ?

মহিম-হস্টেলে আব যাবে না।

মহামায়া—বাডি থাকরে ?

মহিম-না, বাডিব দ্বজাও তাব কাছে চিবকালেব মতো বন্ধ।

মহামাযা –িকি, বলছ কি তুমি গ

মহিম--ই্যা, তাই--

মহামায়া—তোমাৰ জবৰদন্তি। এই জবৰদন্তিতে বাছা আমাৰ প্ৰাণেৰ মমতা না কৰে দোতলা থেকে ঝাঁপ দিয়েছিল।

মহিম-হবে--

মহামায়।—আমিও চলে যাব, যে দিকে ছ-চোথ যায়। ছেলে নেই, মেয়ে নেই—ফাঁকা বাড়ি পাহাড়েন মতে। বুকে চেপে বসেছে। নিশ্বাস আটকে আসে। আমি চলে যাই—ভূমি একা একা থেকে রাজত কবো।

মহিম-একা থাকব কেন গিল্লি?

- মহামায়া—না, একা আর কিসে! তুমি আছ, আর আছে তোমার জেদ—
- মহিম—আছেন ঐ আমার পিতা মৃকুন্দ চৌবুরি, পিতামহ কাশীশ্ব চৌবুরি, আছেন চৌবুরি বংশের ঐ সব মহামাতা দিক্পালের।। এ বংশে মালিতেব স্পর্শ ওঁবা কিছুতে ক্ষমা কববেন না।

মহামায়া—বংশেব দিক দিয়ে অমিতা এ বাড়ির স্যোগ্য ছিল না।

মহিম—কিন্তু চবিত্রেব দিক দিয়ে গু

মহামায়া—কি বলছ তুমি ?

মহিম-অমিতা কুলটা-

মহানায়া--- মিথ্যে কথা।

মহিম—না—না, সত্যি। এতদিন তোমায় বলতে পাবিনি গিলি। কিন্তু আজকে আর কেউ পাখে নেই—তোমায় না বলে বাঁচি কিকৰে ?

মহামায়।—মিথ্যে, মিথ্যে! অমিতা ফুলেন মতো। বুড়ো হয়ে গৈলাম—কেবল ম্থট দেখি, বুকেন ভিতৰ দেখতে পাইনে ভাবো । মহিম—তুমি জানো না। পুলিসেব বিপোর্ট—

মহামায়া—বিপোর্ট মিথো—

মহিম—অমিতাব মাম। নিজে বলেছেন, তাব বাজে ছিল সমীর দত্তেব পোশাক। বিলাসকুঞ্জ বোর্ডিং-এ রাত কাটিয়েছে সে আর সমীব দত্ত—

সমীব প্রবেশ করন।

সমীর-আত্তে, এই যে আমি। আমাব কথা কি হচ্ছিল গ

মহামায়া — তুমিই সমার ? অস্বীকাব কবো বাবা — এঁকে কাবা ভূল বুঝিয়ে মাথা থারাপ কবে দিয়েছে। ভূমি নাকি অমিতার সঙ্গে হোটোলে—

সমীর-—হয়ে গেছে একটা বিষম অন্যায় কাজ। পুবানো কথা ভুলে লক্ষ্ণা দেবেন না মা— মহামায়া--তবে কি ?

সমার—দেখুন, এই ইয়ে তরুজনের সামনে মিথ্যে বলব কি করে ?
সে আমি পারব না। আমরা অপরাধী।

মহামায়া--অপরাধী ?

সমীর—তবে বিয়ে সেই আমারই সঙ্গে হয়ে যাচ্ছে যখন— চোখে আঁচল চেপে মহামায়া ক্রত চলে গেলেন।

মহিম-হবে না বিয়ে।

সমীর—বলেন কি ? আমি তৈরি হয়ে এসেছি । এই পরামাণিক !
(পরামাণিক এল) এই দেখুন স্থার—টোপর, চলনজোড়, দর্পণ—
সমস্ত কেনা হয়ে গেছে। দিন ভোর মার্কেটিং করেছি, নিজে
আয়না ধরে চন্দনের ছাপ লাগিয়ে এসেছি। এই দেখুন—

মহিম---বেরিয়ে যাও।

সমীর---আজে 📍

মহিম-বেরিয়ে যাও, এক্ষুণি-

সমীর—( একটু স্তার থেকে ) ওঃ, শেষ পর্যন্ত অমিতাকে তবে
নিজের ঘরে রাখাই ঠিক করলেন! কিন্তু উচ্ছিষ্ট কল্যায়—
( মহিম লাঠি তুললেন ) বেশ, চললাম। একটা মোচড় দিচ্ছেন,
কেউ কিছু লাগিয়ে গেছে। কিন্তু অমিতার গার্জেন আইনত
পরেশবাব্, আপনি নন। তার সঙ্গে কথাবাতা পাকা। ঐ
যে, এসে পড়েছেন পরেশবাব্। সম্প্রদান করতে এলেন
পরেশবাব্! কিন্তু ইনি মত পরিবর্তন করেছেন—বিয়ে দেবেন
না, মেয়ে ঘরে রাখবেন।

মহিম—( লাঠি উঁচিয়ে ) বেরিয়ে যাও বলছি। ফতে সিং— সমীর—গুড নাইট স্থার—

সমীর চলে গেল। পরেশ ইতিমধ্যে প্রবেশ করেছেন।
মহিম—অমিতা-মা নেই পরেশবাব্। চলে গেছে।
পরেশ—ওঃ।

মহিম—খোকা, নীলু—আমার ঐ একটি ছেলে — সে-ও গেছে। পরেশ—এক সঙ্গে নিশ্চয়—

মহিম—কি বলছেন ? আটকে রেখেছিলাম, দোতলার জানলা দিয়ে লাফিয়ে পড়ে --

পরেশ—অক্ষত দেহে চলে গেছে। অত উঁচু থেকে পড়েও।

মহিম—আপনি ওরকম ভাবে কথা বলছেন কেন পরেশবাবু ?

প্রেশ—কিছু না। স্রেফ বোকা বানিয়ে দিলেন, তাই বলছি।

মহিম—মানে ?

পরেশ—মানে আমরাও কিছু কিছু বৃদ্ধি মশাই। ছেলের সঙ্গে সরিয়ে দিয়েছেন, এখন বলছেন অক্স রক্ষ।

মহিম—ছেলের সঙ্গে সরিয়ে দিয়েছি ?

পারেশ—তার সঙ্গে বিয়ে দেবেন বলে। হয়তো বা বিয়ে হয়েই গেছে।

মহিম—ছেলের ভাগা বলতাম, যদি বিয়ে দেবার উপায় থাকত!

পরেশ—ভাগ্য বাপেরও—

এই সময়ে মীবা এল সেখানে।

প্রেশ-—ঝান্ন উকিল আপনি, অমিতার মা'র গয়না বাাক্ষে জমা আছে, সে খবরটা কি না নিয়েছেন ?

মীরা—এই তো অমিতার বৃন্দাবনী শাভি, মা যা দিয়েছিলেন।

মহিম—হস্টেল থেকে নীলুর জিনিসপত্রের **সঙ্গে এসে**ছে।

পরেশ—কিন্ত এ শাড়ি তো সমীর দত্তের কাছে চলে গিয়েছিল। আপনার ছেলের কাছে থাকবার কথা নয়।

মীরা--বুঝুন তা হলে এবার।

পরেশ—তাই তো!

মহিম—বাাপার কি পরেশবাবু ?

পরেশ—ভুল করে অমিতার স্থাটকেসে গিয়েছিল সমীরের ইউনিফর্ম।
সেটা আমি স্বচক্ষে দেখেছি। আর অমিতার শাড়ি গিয়েছিল

সমীরের সঙ্গে। সমীরও স্বীকার করে সে কথা। অথচ নীলাদ্রির কাছে সেই শাড়ি! আরও যেন কি গোলমাল আছে।

মীরা---আমি জানি। অমিতা সমস্ত বলেছে আমায়।

মহিম-কি জানো, খুলে বলো।

মীরা-বলতে পারছি না, মুখ বন্ধ।

পরেশ--বলো, বলো--

टिनिक्शन (बद्ध डिर्म। यहिम मितिक हनतन।

মহিম—তুমি কি বলতে চাও, তারা হু'জনে—

মীরা---নিম্পাপ। কিন্তু মুশকিল হচ্ছে, আমি খুলে বলতে পারব না।

পরেশ—আচ্ছা, আমি সমীরকে জিপ্তাসা করে জানছি আবার কোন পাঁচি আছে। বুন্দাবনী শাড়ি নীলাদ্রির কাছে যায় কি করে?

মহিম—( টেলিফোনে ) ফালো—বিয়ে ? নিমন্ত্রণ কবছ বুঝি ?…
বিয়ে হয়ে গেছে ? খুব ভালো !…আমি তৃতীয় বাক্তি…না, না—
তোমার বাবা নই, চৌবুরি-বংশের তুমি কেউ নও—

भौता-नीलाजिवाव् वलएहन ? विरस करतरहन ?

টেলিফোন ছেডে দিলেন।

মীরা--মিথ্যে কথা।

মহিম—কি বলছ তুমি ?

মীরা--্ট্যা, মিথ্যে--

মহিম—তুমি বলতে চাও, বিলাসকুঞ্জে অমিতা রাত্রিবাস করেনি ?
মীরা—করেছে। সমীরের সঙ্গে এক ঘরে নয়। আপনারই ছেলের
সঙ্গে। নীলান্তি বাবুর কাছে অমিতার শাড়ি তার প্রমাণ।

মহিম—বিয়ের আগে ? হতে পারে না। আর যাই হোক চৌধুরি বংশের রুক্ত নীলুর দেহে।

মীরা- যদি জানতেন, কি অবস্থায় পড়ে-

মহিম-অবস্থা যাই হোক।

মীরা —একবার বোর্ডিং-এ গিয়ে খোঁজ নিয়ে দেখুন না! সেটা ন-মাস ছ-মাসের পথ নয়।

মহিম—আনার বয়ে গেছে।

মীরা — বেশ আমিই যাব। সমস্ত লিখিয়ে এনে দন্তে সন্ধ আপনার চোথ আমি থুলবই— মীবা চলে যাচ্ছিল, মহিম ডাকলেন।

মহিন—শোন, এই কথা বলতে চাচ্ছিলে না ? বলছিলে মৃথ বন্ধ ?
মীরা—এ কি বলবার কথা ? ছ-জনেব বিয়ে হয়ে গেছে, তাই বলতে
পারলাম। নইলে অমিতা কুমাবী মেয়ে, আব নীলাজিবাবুব
শহবময় খ্যাতি—

মহিম—আমি বিশ্বাস করি না, বিশ্বাস করি না। ওদেব বাঁচাবাব জন্ম তোমার বানানো গল্প।

মীর।—বিশ্বাস কববেন কি কবে ? ফৌজদাবি কোর্টে পৃথিবীব পদ্ধিল চেহারাটাই তো দেখে আসছেন চিরকাল। মীবা চলে গেল।

মহিম—নীলু, খোকা!

উদ্মান্তের মতে। এদিক-ওদিক চেয়ে ফোনের বিদিভার তুলে ধবলেন।

মহিম--থোকা, নীলু, সে নাকি তুই ? সমীর নয়—তুই ? তুই

একবার বল্।…ঠিকানা জানিনে, কোথায় আছিস। বল্,

অমিতা নিষ্পাপ, তুই নিষ্পাপ। মীরা মা, রাগ কোরো না।

যাব আমি তোমার সঙ্গে। দাঁডাও, দাঁডাও—

## দ্বিতীয় দৃশ্য

- (ক) বিলাসকৃষ্ণ বোডিং-এর একটি ঘর। জ্যোৎসারাত্তি, জানলা দিয়ে যেজেয় জ্যোৎস্থা এনে পড়েছে।
- নীলাদ্রি—আর একদিন এই হোটেলে, ঠিক এই ঘরের ভিতর—
- অমিতা-পুরীর ট্রেন ফেল করে কী মুশকিলটা হল!
- নীলান্তি—ভালই তো হয়েছে। সে রাত্রে অচেনা ছু'জনেঅ জ্ঞান অবস্থায় ছিলাম-—
- অমিতা-—আজ সজ্ঞানে স্থাথের বাসর সাজিয়েছি। কিন্তু ভয় করছে আমার।
- নীলান্তি-—বোর্ডিং-এর ওরা জানল—সেদিন আমাদের সম্বন্ধে যা ভেবেছিল, সমস্ত ভুল।
- অমিতা—বাবার কথা বড় মনে পড়ছে। এই সানন্দের মধ্যে তিনি নেই।
- নীলাদ্রি—কি ভয়ঙ্কর জেদ বাবার!
- অমিতা—বাবাকে টেলিফোন করা তোমার উচিত হয় নি।
- নীলাদ্রি—নইলে কি কবে বে'ঝাতাম যে আমি তাবট ছেলে। জেদ আমাবও আছে।
- অমিতা-বাহাত্র বটে!
- নীলান্তি—নিশ্চয়। তোমার বিরে আজকে হবাব কথা। হলও তাই। সমীর দত্তেব সঙ্গে নয় নীলান্তি চৌধ্বির সঙ্গে। বাবা আর একবার হারলেন। চিরকাল তিনি হেরেই আস্ছেন।
- অমিতা-চিরকাল মানে ?
- নীলান্তি—উনি নিজে নাকি বিয়ে করতে চেয়েছিলেন এক জায়গায়।
  পারেন নি। আবার বুড়ো বয়সে ছেলের বিয়ে দিতে চান নি
  এক জায়গায়। তা-ও পার্লেন না।
- অমিতা-এই জেদাজেদি নিয়েই পৃথিবীর যত ঝগড়া-
- নীলান্তি—কিন্তু আজকে ঝগড়া নয় অমিতা, অন্ত কথা বলো। হাঁ।—

অমিতা-অন্য কথা ? তাই তো-কি কঁথা বলা যায়, তুমি বলে দাও

नौलाप्रि-- जानि ना।

অমিতা – তুমি কি সুন্দর!

নীলাদ্রি—ও কথা তুমি বললে ব্যঙ্গের মতো শোনায়।

অমিতা-কত দয়া তোমার!

নীলাজি-খবরদার! দয়া আমার নেই।

অমিতা—( হেসে ) কত · কত ভালোবাস তৃমি !

नीमाजि-गा, ठिक!

নালা দ্র অনিতাকে বাছপাশে বাঁগতে গোল। অনিতা হেসে পালাল। অমিতা—বাইরে কি স্থান্দর জ্যোৎস্না উঠেছে দেখ। নালা দ্রি—লেকের জলে জ্যোৎস্না পড়েছে— অমিতা—( গোয়ে উঠল)

> চাঁদের জোছনা গলে গলে সব পড়ছে জনে— জল করে ঝিকামক।

আমাৰ নয়নে কি দেখিছ প্ৰিন?

**5েরে ১েরে তুমি কি দেখিছ অনিমিথ**?

নালাদ্রি—চলো চলো, লেকের ধারে বেড়াইগে।

জমিতা—(ভয় দেখাচ্ছে) দেখতে পাচ্ছ গাছের নিচে কে-একজন ? বাবাই যেন বেডাচ্ছেন পালানে। ছেলের খৌজে।

নীলাজি—(সেই ভঙ্গিতেই) ঐ রে! তোমার মামা বেড়াচ্ছেন। ধরে নিয়ে টপ কবে সমার দত্তের সঙ্গে আবার বিয়ে দিয়ে দেবেন।

অন্মিতা জিভ বের করে ভেঙচাল। ত্-জনে ছুটোছুটি করে দোর খুলে বেরুল।

(খ) লেকের পাশে অমিতা আব নীলাজি। আগের সেই গান চলছে। নীলাজি ফুল কিনে অমিতার থোঁপায় পরিয়ে দিল। অমিতা গাইছে: কোন রূপবতী এগায়ে পডেছে দোলন-টাপাব বনে—
বাতের হাওয়া দোল দিয়ে যায় তোমার আমার মনে।
টাদ আর জল এমন উত্তল,

মন বেভূগ, মন বেঠিক— কি দেখিছ অনিমিথ ?

योत हृत्म क्<sub>न</sub>—तिथ, तिथ—

काला हूल हाना काल इन-इन-

ঝিক্মিক, ঝিক্মিক !

স্পামাব নয়নে কি দেখিছ প্রিয়,

চেয়ে চেয়ে অনিমিথ ?

ভোলানাথ ডাক্তার এলেন।

ভোলা—এটা ঠিক হচ্ছে না মশায়। (নালান্তি তাড়াতাড়ি সরে দাডাল) উঁহু, ঠিক নয়।

নীলাদ্রি—কি ঠিক নয় <u>?</u>

অমিতা-- গান গাওয়া ?

ভোলা—গান গাওয়া খাবাপ—টনশিলে ইনফ্লামেশন হতে পাবে। তার চেয়ে আরও খারাপ শীতের দিনে ঠাণ্ডা লাগানো। ব্রস্কাইটিশ ধবে যেতে পারে।

भौनाज्य-আপনিও তো বেরিয়েছেন।

ভোলা—প্রিকশান কত নিয়েছি দেখুন। এই গরম গেঞ্জি, তাব উপর গরম কামিজ, তাব উপব ওয়েস্টকোট, তার উপর আলোয়ান; মথোয় মঞ্চিক্যাপ, তার উপর কণ্টার—

অনিতা—তা বটে।

ভোলা — তবু আসতে চাইনি। গ্রীমতী ধবে পড়লেন, চলো—বেড়িয়ে আসি। কি করি বলুন, টানে টানে আসতে হল।

নীলাডি — আমাদেরও তাই। শ্রীমতী বললেন, জলে-পড়া জ্যোৎসা দেখব।

অমিতা-আমি †

নীলাত্রি—নিশ্চয়। ক্ষ্যোৎস্নার টানে টানে ঘর ছেড়ে বেরিয়ে এলাম। ভোলা—আমাদেব ওসব নয়। বিয়ের বছর তিনেকের মধ্যে জোছনা-টোছনা সব পিঠটান দিয়েছে। টানাটানির সংসার মশাই, স্রেফ কক্ষ্টারের টান।

নীলাদ্রি--সে কি ?

ভোলা—আসব না, কিছুতে আসব না—প্রাকটিশ-অব-মেডিসিন
থুলে বসেছি—বই কেড়ে ফেলে কক্ষ্টার ধরে এই টান। হিড়হিড়
কবে টেনে নিয়ে এসে নাপ কববেন মশায়, আপনার মুখটা
বিশেষ পবিচিত বলে অমুমান হচ্ছে।

নীলান্ত্রি—কই, না তো ! তর্মানীর প্রবেশ।

তবঙ্গিনী—মিসেস সেনেব সঙ্গে দেখা। কেঁদে কেঁদে চোখ ফুলিয়েছেন। ছেলে মাবা গেছে।

অমিতা—এই বে!

ভোলা -ডাক্তাৰ ড'কেনি বুঝি?

তবঙ্গি।—ইনসিওবেন্স কবা ছিল না।

অমিতা ( চুনি চুপি নালাজিকে ) সেই এভেন্ট— মাণায় কাপড তুলে দিল।

ভবঙ্গিনী—তা বৃঝিয়ে বললাম, এবাব ছেলে মকেছে— মিকটার সেনও গো নবতে পাবেন। ইনসিত্ব ককন, কালাব দায় থেকে বেন্চ যাবেন।

ভোলা— যাই বলুন মশায়, আপনার মূখ অভিশয় পরিচিত। নিশ্চিত বোধগমা হচ্ছে না — চশমাটা বদলাতে হবে।

তবঙ্গিনী—ওঁব স্ত্রীও। হ্যা, ঠিক—সেবাবে বোর্ডিং-এ দেখা। প্রস্পেক্টাস দিয়েছিলাম, পড়ে ফেলেছেন তো ?

অমিতা-সময় পাইনি।

নীলাজি- সময় এবাবও হবে না। হু'একদিনের জন্ম এসেছি।

তরঙ্গিনী—ঠিক! পৃথিবীর সম্বন্ধেও ঠিক ঐ কথা। ক'দিনের জন্মেই বা আসা! অতএব ইনসিওর করুন।

নীলান্তি—আমরা…মানে, একটু বিষয়ান্তরে আলাপ করছিলাম—

তরঙ্গিনী—ওঃ! তা বেশ তো, করুন আলাপ। আপনার স্ত্রীর সঙ্গে আমার সামান্ত ত্-একটা কথা —তাকে নিয়ে ওদিকে যাচ্ছি। তর্বান্ধি অমিতার হাত ধরে একপাশে নিয়ে বসলেন।

নীলাজি-দেখুন, আলাপ যে স্ত্রীর সঙ্গেই।

তরঙ্গিনী—পরে ঢের সময় পাবেন। এই উনি—আমার স্বামী এবং ডাক্তার।...তুমি তো আচ্ছা মানুষ—আলাপ করো।

ভোলা — ( হঠাৎ উচ্ছুসিত ভাবে ) মনে পড়েছে, মনে পড়েছে— আপনার কাছে আমাব ভিজিট বাকি মশাই।

নীলাজি—আমার তো মনে পড়ে না।

ভোলা—না পড়াই সম্ভব। খণের ব্যাপাব স্কুস্থ অবস্থাতেই মনে থাকে না, আর সে তো মস্তিকেব ব্যাধি। কিন্তু অসভাভাষণ আমার কোষ্ঠিতে নেই।

নীলাদ্রি—বেশ! (কয়েকটা টাকা দিল) আজ আমি কাবো মনে ক্ষোভ রাথব না। হল তো ?

ভোলা — হাঁা, ধতাবাদ! আপনাব নামও এবার মনে পড়েছে মশাই। সমীর দত্ত, সমীব দত্ত — বলুন কি না ?

নীলাজি-ই্যা, সমার দত্ত।

তবঙ্গিণী ও অমিতার কথা হচ্ছিল। তব্দিণীর কানে গেল।

তরকিনী—কে ? সমার দত্ত কে ?

ভোলা—এই যে ইনি।

তরক্রি—তোমার মাথা! সে হবে তো আমাদের জামাই।

নীলাদ্রি—এক নাম কি হু'জনের হয় না ?

তরঙ্গিনী — অমিতা দেবা নাম বললেন, আর যেন কি-একটা !— কি ? নীলাজি — অমিতা বাজে কথা বলেছে । ভোলা —একদম বাজে কথা।

তরক্বিণী—না, বাজে উনি কখনো বলবেন না। একদিন কত বড় উপকার করেছিলাম!

মোটর থামার শব্দ।

সমীর—(নেপথো) বিলাসকুঞ্জ হল সামনের ঐ বাড়ি।

পরেশ—( নেপথ্যে ) এখানেই ছিলে তোমরা ?

নীলান্তি ও অমিতাব চোখোচোথি হল। বিষম ভন্ন পেয়েছে।

অমিতা--- আমবা যাই।

তবঙ্গিনী-কণা শেষ হল না থে!

ভ কিবী পথ পাইকে দাঁডালেন।

নীলাদ্রি—হয়েছে, যথেষ্ট হয়েছে। পথ ছাড়ুন, দোহাই, রাতটুকু অব্যাহতি দিন। ইনসিওব করব, নিশ্চয়—

তরক্লিণী — শুরুন। আব একটা কথা—
তবঙ্গিণী ও ভোল'নাগ পিছু ধরেছেন। এই সময়ে সমীব ও পবেশনাথ প্রবেশ
কবলেন। স্থীবেব দিকে তীক্ষ্ণষ্টিতে তাকিয়ে তবঙ্গিণী চলে গেলেন।

প্রেশ-এ বিলাসকুঞ্জে তুমি আব আমাব ভাগনী--

সমীব আজে ইা। আব লজ্জা দেবেন না। সাময়িক খেয়ালে হয়ে গেছে। দেখুন, আমি অন্তত্ত্ব। প্রায়শ্চিত্তও কবতে যাচ্ছি তাকে বিয়ে কবে।

প্ৰেশ—তাকে পাবে কোথায় ?

সমীর—পৃথিবী থুঁজব। বোডিংটাও একবাব দেখতে হবে। একবার থেকে গেছে, চেনা জায়গা, খোঁজথবর মিলে যেতে পাবে। পরেশ—কিন্তু নীলাদির বাক্স থেকে যে অমিতাব বৃন্দাবনী শাড়ি বেকল ?

সমীর—চুবি কবেছে, বুঝলেন না ! ছোকবা সব পাবে। আন্ত মেয়েটা চুরি করে নিয়ে পালাল, আর ও এক শাড়ি! নীলাদ্রির সঙ্গেও একবার দেখা হওয়ার ভারি দরকার। পরেশ-কেন?

সমীর—অমিতার সব ইতিহাস জানে না বলে ঠেকছে। মহিম চৌধুরি
টাকার লোভে গোপন করেছে। আমার সঙ্গে বোর্ডিং-এ ছিল
শুনলে সে নিজেই পিছিয়ে পড়বে। আপনার জ্ৎ, আড়াই
হাজারের মধ্যে সমস্ত খতম—

পরেশ-পাঁচশ' যে কমিয়ে দিলে ?

সমীর—আজে হাঁা, পাঁচশ' ভুজুং-ভাজাং দিয়ে মহিম চৌধুরির কাছ থেকে বাগিয়েছি। আই এম ভেরি আপরাইট—সর্বদা ধর্ম বজায় রেখে চলি। পাঁচশ' পেয়ে গেছি, আড়াই হাজার দিয়ে দেবেন—গয়না সমস্ত আপনার। কলস্কও চাপা পড়ে গেল, সেই আমিই যথন বিয়ে করে ফেলছি।

সমীর ও পরেশ কথা বলতে বলতে চলে যাচ্ছিলেন। এই সময়ে ভরঙ্গিণী এসে সমীরকে ভাকলেন। সমীর দীড়াল, পরেশ চলে গেলেন।

তরক্রিণী — কাকে বিয়ে করব বলছ ? আমার মেয়ের সঙ্গে বিয়ের কথা।

সমীর—ওঁরা অনেক টাকা দেবেন।

ভরঙ্গিী—আমার মেয়ের কাঁচা-সোনার রং

সমীর—কাঁচা সোনার চেয়ে গিনি সোনার দর বাজারে অনেক বেশি। তর্কিণী—তথন তো রাজি হয়ে গিয়েছিলে—

সমীর—তথন হয়েছিলাম। তারপর ছ-হু করে দর যে বেড়েই চলেছে। আগে কাপড় পাওয়া যেত পাঁচ টাকায়, এখন পনের টাকা। দশ টাকায় আগে তোফা পাঁ ত, এখন দর করে দেখুনগে।

তরঙ্গিনী—কিন্তু তোমার কথা মতো এবারে মেয়ে নিয়ে এসেছি যে ! সমীর—এসেছেন, ফিরিয়ে নিয়ে যান।

(গ) হোটেলের থব। নীলাজি ও অমিতা। নীলাজি দরজা-জানলা এটি দিজে, অমিতা হাসিমুখে গান গাঁইছে:

কোথায় ছিলে বান্ধার কুমার, কোথায় তুমি ছিলে? তেপান্তবের কোন স্থারে সোনার মঞ্জিলে ? পাতালপুরে ছিলাম একা-क्ठी १ कथन मितन (मण). এক মুঠো জ্ববাব মতন পরাণ রাভিলে।

নীলান্তি অমিতাব মুখে হাত চাপা দিল। নীলাদ্রি—আ:. এই বিপদ—আর তোমায় গান পেয়ে বসল ! অমিতা-( আবার গান )

> মুখেব পরে ভাকিয়ে দেখ চিনতে পারো কিনা ? তোমার মনে আমাব মনে বিনা স্থরের বীণা। আব জনমে ছিলাম ফুটি' একটি বোঁটাৰ কুম্বন ছটি---এক লহমায় চিনে ফেলে হিয়ায় তলে নিলে।

নীলাজি –মনে রেখো, এটা রোগির ঘর—পেঁচার মতো গম্ভীর হয়ে ' থাকবার যায়গা। সমীর দত্ত ঘোরাঘুরি করছে, দেখেছ তো ? অমিতা—আহা, মনে লেগেছে। কত আণা করে বরপান্তোর হয়েছিল। নীলাজি—তোমাব মামাকেও জটিয়ে এনেছে। দেখলে হৈ-চৈ কর্বে। বোডিং-এব মধ্যে চেঁচামেচি কবে চৌধুরি-বংশের মুখ পোডাবে।… সত্যি, এখানে উঠে ভুল কবেছি।

অমিতা--চলে। পালাই। আমাদের দেখতে না পেলে গণ্ডগোল হবে না।

নীলাদ্রি-পালাব ?

অমিতা—সেই যা কথা হয়েছিল, পুরীতে দিদিমার কাছে থাকা যাবে। ভারপর সব ঠাগু। হয়ে গেলে ফিরে আসব।

নীলাজি—বেশ, সন্ধ্যে সাডে-সাত্টায় গাডি। সেই অবঁধি এমনি ভাবে থাক, কেট কোন রকম সন্দেহ করতে না পারে।

অমিতা — সন্দেহ আবার কিসের ?

নীলান্তি—এক দফা, আমার ছই রকম নাম। ডাক্তার জ্ঞানে এক রকম, ইনসিওরেন্স-ওয়ালিকে তুমি বলেছ আর এক রকম। দ্বিতীয় দফা, ছয়োর-জানলা এঁটে আমরা এই রকম ঘরের মধ্যে আছি।

অমিতা—সবাই জানে, তুমি হঠাৎ অসুস্থ হয়ে পড়েছ। নীলান্তি—স্বামী অসুস্থ, আর স্ত্রী প্রবল কণ্ঠে গান ধরেছে— অমিতা—হয় না বৃঝি ?

নীলাজি—যাত্রা-থিয়েটারে হয়। মরে গেছে-—মড়ার চাবিপাশে ঘুরে ঘুরে বিনিয়ে বিনিয়ে গান হচ্ছে। জীবনে হয় না। শেস্থির হয়ে বোসো অমিতা, নয় তো সকলে নানা কথা বলতে শুরু করবে —

অমিতা—( লঘু কণ্ঠে ) কি বলবে ?

নীলাদ্রি--জ্বর-টর মিছে কথা, ছুতো ধরে পড়ে আছে —

অমিতা—ছুতো ধরে লেপ মুড়ি দিয়ে সন্দেশ চুরি করে থাচ্ছে।

নীলাজি—কিস্বা তারও চেয়ে মিষ্টতর কিছু। যেহেতৃ স্বামী-সেবার অজহাতে সকাল থেকে তুমিও একদম বেরোও নি।

দ্বজায় ক্রাঘাত। অমনি নীলাছি বিছানায় পড়ে কান্য।নি শুরু ক্রন।

অমিতা-কে १

গিরি—( নেপথ্যে ) আমি গিরিধারী।

नौनाजि-- आय ।

নীলান্ত্রির ইঙ্গিতে অনিতা থিল খুলন। গিরিগারী রেকাবিতে কবে কার্ড এনেছে: দেটা নীলান্ত্রিক দিল।

অমিতা—গিরিধারী, কিছু খাবারের বন্দোবস্ত করতে পারিস । হাা, বার্লি-সাব্ বাব্ খাবেন না। খুব গোপনে। অস্থ কিনা, বাবুর বড্ড অস্থ্য—

নীলাজি—( কার্ড পড়ে ) ডাক্তার ভোলানাথ বলগে, দেখা হবে না। অস্থুখ বেড়েছে।

গিরি-বলেছিলাম। তবু তিনি আসবেন।

নীলাজি-জার করে আসবেন নাকি?

গিরি—বল্পন, ডাক্তার তো অস্থুখ হলেই আদে।

नौलाजि-- जूरे त्वित्य या। शिल अँ रहे पिष्टि।

गितिधाती द्विता राम । किछ नत्रका प्रमात चारारे खतनिने प्रकान ।

তর্ক্তিণী-—মাপ করবেন। খবর দিই নি। কাল রাত্রে এত কথাবার্তা—সকালে অস্থুখের কথা শুনে বিষম ভয় হয়ে গেল।

নীলাদ্রি—আচ্ছা, আপনার ভয় পাবার গরজট। কি বলুন তো ?

তরঙ্গিনী—ভয় পাব না, বলেন কি! এখনো প্রোপোজাল যায় নি, ভালো-মন্দ কিছু হলে আপনার স্ত্রী যে কেঁদেট কূল পাবেন না!… যাট হোক, ভাল আছেন দেখে আশ্বস্ত হলাম।

নালাজি—ভাল আছি, কে বলল ?

ভরিক্সী—আপনাদের মূখ-চোথ বলছে। ও-রকম হাসিথুশি—হাঁা, .
মোটা রকম ইনসিওরেন্দ থাকলে সম্ভব বটে!

নীলাদ্রি—আমার অসুখ, একশ'বার অসুখ। বকাবেন না।

তরক্লিনি-কিছু নর, মনের ভ্রম। ও রকন হয় মশাই। বিশ বচ্ছর এই কাজ করছি, অনেক দেখেছি। অসুথ তো সামান্ত কথা—ইনসিওরেন্স-এজেন্ট দেখলে লোকে আগে থাকতেই মরে যার। আমরা তবু ছাড়িনে।

নালাত্রি — ( হাতজ্যেড় করে ) অপেনি দয়া করে যাবেন কি ?

ভোলানাথ প্রবেশ করলেন।

ভরঞ্জিণী —দেখ। বলো, কি রোগ—

ভোলা -- কি রোগ মশায় গ

তরঙ্গিণী—রোগই বলে দেবে তো লোকে তোমায় ডাকতে যাবে কেন ? ভোলা—-ক্টেথেসকোপ বের করব, না থার্মোমিটার ? না ছোরাছুরি চালানোর দরকার হবে ? মোটামূটি একটা বলে দিন মশায়। বলি, দেহের কোনখানে বেদনা-টেদনা ঠেকছে ?

নীলাজি—দেখুন, মাথায় আমার আগুন জলছে। এ সময়—

ভোলা — মাথায় আগুন, অর্থাৎ মস্তিক্ষ-ব্যাধির পুনরাক্রমণ। ভয়ানক কথা! প্রোপোজালটা সই করে সর্বাত্তে ওঁকে বিদায় করুন। ওঁর সামনে ভাল মাথারই বিকৃতি দেখা যায়।

নীলাদ্রি—মাথায় আমার খুন চেপে আসছে। আপনারা যাবেন, না শান্তিভঙ্গের জন্ম পুলিস ডাকতে হবে ?

ভোলা—আপনি অতি রূঢ় বাক্য প্রয়োগ করছেন।

নীলাদ্রি—শুধুই মুখের বাক্য থাকবে না বেশিক্ষণ—

তরক্রিণী — তবে চললাম আপাতত। আবার বিকালে আসব। বুঝতে পারছেন না, আমরাই হচ্ছি যথার্থ হিতাকাক্ষী।

তব দিশী দলে গেলেন।

নীলাদ্রি—( ভোলার প্রতি ) আপনি যে দাঁড়িয়ে ? ভোলা-—ডাক্তার ডাকলেন, ফী দেবেন না ?

নীলাজি—( অমিতার প্রতি ) দাও—( অমিতা ছটো টাকা দিল।
টাকা বাজিয়ে নিয়ে ভোলা ডাক্তার চলে গেলেন ) ছুয়োর
দাও—শিগগির থিল এটে দাও। আমি কম্বল মৃড়ি দিয়ে
থাকি, ভূমি মাথার পাশে বোসো। পার তো চোথে ছু-এক
কোঁটা অঞ্চ আমদানি করো। কি জানি, হিতাকাজ্জীরা
ছুয়োর ভেঙেও চুকে পুছতে পারেন। বিশ্বাস নেই!

(ঘ) হোটেলের ডুইংক্সম। টেবিলের উপর গাতা খুলে কুঞ্চ পরেশকে দেপাচ্ছেন। সমীর দেয়ালেব বোর্ডে আগস্থকদের নাম দেখছে। ফরাসে নিমগ্র হয়ে ত্ব-জন দাবা থেলছে।

কুঞ্জ--বললাম তো, নীলাদ্রি নামে আমার বোর্ডিং-এ কেউ নেই। পরেশ--( সমীরের প্রতি ) শুনলে ?

- সমীর—নাম বদলে থাকতে পারে!
- পরেশ—এই জোড়াটি কি রকম বলুন তো ? নীলকণ্ঠ হালদার ও ন্ত্রী। নীলে নীলে মিলে গেছে। এসে পৌচেছেও কাল।
- কুজ্ব—ওঁরা প্রায়ই আদেন। ভদ্রলোক মোগলসবাইয়ে গুলামবাবৃ ছিলেন। ছ্-বস্তা ময়দা সরিয়ে চাকরি যায়। গায়ে শ্বেতি উঠেছে—ঐ যে, ঐ যে—তিনি দাবা খেলছেন। দেখুন, মিলছে ? সমীর—(বোর্ড দেখতে দেখতে) আচ্ছা, এই ভোড়া ? মিস্টাব ও মিসেস বে—
- কুঞ্জ-ওদিকে এগুবেন না মশাই। বোর্ডিং-এর চাকরবাকরও এগুতে ভরদা পায় না। হক না-হক থাপ্লড় ঝাড়ে। সাহেবি মেজাজ-পরেশ-আর এঁর।—এই এগারো নম্বর রূমে ?
- কুঞ্জ—দেখা হলে ব্ঝবেন। ছেকে ধরবে। গিন্ধি ইনসিওরেল-এজেট, কর্ভা ডাক্তার।
- সমীর— ৩ঃ, তার। এখানে বৃঝি ? দেখি— (সমীর কুঞ্জব কাছে এল) ইাা, তরঙ্গিনী শিকদার। মেয়েটিকে সত্যি সঙ্গে এনেছেন দেখছি। তরাজ্জা মাানেজার বাবু, ওঁদেব মেয়েকে আপনি চাক্ষুষ দেখেছেন ? শুনছি কাঁচা-সোনার রং—
- কুঞ্জ—আপনিও চাক্ষ্য করুন। ঐ ওঁরা সবস্থন সণরীরে হাজির।
  (তরঙ্গিনী, ভোলানাথ ও তাদের মেয়ে লতিকা বেড়িয়ে
  ফিবলেন। লতিকা বড় লজ্জাবতা, সবাঙ্গ কাপড়ে মোড়া)
  মিস্টার এণ্ড মিসেস শিকদার, এই হুজন ভদ্রলোক আপনশদের
  কথা জিজ্ঞাসা কবছেন।
- ভোলা—আমার কথা ? অসুথ করেছে নিশ্চয়। বলুন, কি অসুথ তরঙ্গিনী—তোমায় বই কি! তোমায় ড'কবে আগে ইনসিওর করে তারপর। টাকাটা শিগগির পাবার উপায় করে দেবে। অারে, বাবান্ধী যে! এই আমার মেয়ে লতিকা। লতিকা বিহাংগতিতে ছটে পালাল।

তরঙ্গিণী—মেয়ে আমার লজ্জাবতী।

পরেশ—বড় ভয়ানক লজ্জা তো হে!

তরঙ্গিনী—বাবাজী, কথা আছে। এসো না, শোন— তরঙ্গিনী ও ভোলানাথের সঙ্গে সমীর চলল।

পরেশ। এত লজ্জা। এই কাঁচা-সোনা মেয়ে যে বিয়ে করবে তার তো বড় মুস্কিল।

মক ঘুবতে শুক হল। স্মীর ফিবল।

সমীর---আজে ?

পরেশ—শুভদৃষ্টির সময় ও-মেয়ে তো লব্জায় চোখ মেলবে না।

সমীর—কি জানেন, হাঁড়িকাঠে পড়েই যত কিছু ভ্যা-ভ্যা—বলির পরে দেবচক্ষু হয়ে যায়।

मभीद हल शन।

১ম দাবাড়ে—কিস্তি।

২য় দাবাডে—এই চলল গজ—

১ম দাবাডে—ফের কিন্তি—

২য় দাবাড়ে—চাপলাম নৌকো—

(%) হোটেলের বারাগ্রা। বিলাস গিরিধারীর হাত চেপে ধবেছে। গিরিধারীয় ছাতে কাগুজে-মোডা বাটি।

বিলাস—খোল খোল—বের কব কি আছে।

গিরি-আমি কি জানি ?

বিলাস—তুই জানিসনে মিথ্যেবাদী, জানি আমি १···এ কি ? ভাত ?
মাছ-ভাজা ? ডিম-সেল ?

গিরি—আমি জানিনে বিলাসবাব্, সত্যি জানিনে। আমি আট নম্বর ঘরে ফলের কুঁজো নিয়ে যাচ্ছিলাম—

বিলাস—অমনি বাটিটা খবরের কাগজে মোড়ক হয়ে ঝপ্পাস করে তোর হাতের উপর পড়ল, আর জলের কুঁজো পাখনা মেলে কুড়ুৎ করে উড়ে পালাল ? গিরি-পা ছুঁয়ে দিব্যি করছি-

বিলাস—জ্ঞাট নম্বর ঘর তো ? চালাকির জায়গা পাস নি ? আয় হতভাগা, আয়—

নিরিধারীর হাত ধরে টানতে টানতে নিয়ে চলল।

- (চ) হোটেলের ডুইংক্সমে গিরিধারীর হাত চেপে ধরে বিলাস দাঁড়িয়ে। কুঞ্চ ধাতা দেখছেন।
- কুঞ্জ আট নম্বর ঘর ? দাঁড়া… (খাতা দেখে) ভারি ভদ্রলোক! অগ্রিম জমা দিয়েছেন।

বিলাস—ভদ্রলোক না হাতি! সেবারে ডাক্রারের ফী আর আমার—
কুঞ্জ—চুপ! আমার খদ্দেব-লক্ষ্মী – চ্যা. এট তো ভদ্রলোকের
অস্থ্য, এট তো ত্ধ-সাবু আর কমলালেবু গিয়েছে আট নম্বরে।
মিথ্যে বলবার জায়গা পাস নি ?

গিবিধারীৰ প্রতি ভ্রাব দিয়ে উঠলেন। গে'লনাল শুনে তব্রিণী ওড়োলান্থ এলেন।

- গিরি—ইাা, ছুধ-সাবু' থালা ভরতি ভাত উড়ে গেছে। মাছের কাটা আর আলুব খোসায় এত বড় চিবি—
- তরক্লিণী—আট নম্বর ঘর তোণ অসুথ না আরো-কিছু! এমন অভদ্র লোক—
- ভোলা আমি ডক্টর শিকদার, ক্যাথেলে পাশ আমি স্বয়ং পরীক্ষা করে এসেছি।
- বিলাস—প্রদার সাত্র্য মশায়, ত্রেফ জ্মাখরতের ব্যাপার—ব্রছেন না ? ও তো হরদম চলছে। (গিরিগারীকে) বল্ বেটা, ক্ত দিয়েছে তোকে ?

কুঞ্জ--বল্--

গিরি--পাঁচ টাকা।

কুঞ্জ---পাঁচ টাকা---কাঁা, পাঁচ টাকা ?

বিলাস-সব খুলে বলু, কি ব্যাপার-

গিরি—বাবুর অমুখ—

তরঙ্গিল-এত বড় অসুথ যে আমরা যথন গেলাম, বিছানায় পড়ে কাতরাচ্ছিলন।

বিলাস-আহা, বলতে দিন না!

গিরি—বাব্র অমুখ, তা ঠাকরুনের যত ভাত বাব্ গবাগব খেয়ে
নিল। ঠাকরুন বলে—খাও, আমি সাব্ই খাব। তথন বাব্
বলে, কিছু ভাত-তরকারি লুকিয়ে নিয়ে আয় দিকি, কেউ
জানতে না পারে। পাঁচ টাকার নোট দিয়ে দিল একটা।

বিলাস-বোঝা গেল, অস্থুখ নয়-কাঁকি।

কুঞ্জ—কিন্তু ফাঁকির গরজটা কি, বোঝা যাচ্ছে না। পরশু রাতে এসেছেন, এসে না চাইতেই অগ্রিম টাকা দিয়েছেন।

বিলাস—দিয়েছে ভয়ে ভয়ে। আর একবার এসে—

১ম দাবাড়ে---আগেও এসেছিলেন বুঝি ?

কুঞ্জ—ইচ্ছে করে আসে নি। আমার কুলকুমাও রাস্তা থেকে টেনে এনেছিল।

এই সময়ে মীরা ও মহিম প্রবেশ করলেন।

কুঞ্জ--বস্থন--বস্থন--

মহিম---আপনি ম্যানেজার ?

কুঞ্জ — হাজে হাা, গুনছি — এটা মিটিয়ে নিই।

১ম দাবাডে—সকাল থেকে ভদ্রলোক মোটে বেবোন নি।

२ मावाएड— ७व छो-७ ना।

ভরক্লিণী—বেরুবেন কি, ঘরের মধ্যে একশ সজা—ছয়োর এঁটে হল্লা হচ্ছিল।

ভোলা—স্ত্রীলোকটি সঙ্গীতের অনুশীলন করছিলেন।

১ম দাবাড়ে—ঘরে দরজা দেওয়া, বেরুচ্ছেন না, তার উপর গান-বাজনা—অতি সন্দেহজনক ব্যাপার।

- ২য় দাবাড়ে—( প্রথমের মুখ খেলার দিকে ফিরিয়ে) এই যে, জোড়া ঘোড়া ছুইল টক্-টক্-টক্ —
- তরঙ্গিণী—সন্দেহ নয়। একেবারে প্রত্যক্ষ। এ ব্যাপার পুরোণো —-আমি জানি। সেবার মিথ্যে করে টেলিফোন পর্যন্ত করলাম।

ভোলা--আঃ!

ভর্ক্সিণী—কেন করেছিলাম ? ইনসিওর করবে, সেইজন্মে ডো! ওরা কথা রাথেনি —আমিই বা গোপন রাথব কেন ?

মহিম---দেশে এই রক্ষাের বড় প্রাত্নতাব হচ্ছে। তাড়া খেয়ে জোড়ে ড্যোড়ে হোটেলে এসে জোটে। প্রতিবিধান হওয়ার দরকার।

১ম দাবাড়ে—নি≖চয, প্রতিবিধান দরকার।

২য় দাবাড়ে--( প্রথমেব মুখ খেলাব দিকে ফেরাল) এই যে, আগে দাবা সামলাও।

ভোলা—(বিলাসকে) বিহিত্ককন মশায়, সোটেলে পরিবার নিয়ে উচি।

বিলাস-– গামি যাচ্ছি। এক্-ি দূব করে দেবো। হেণ্টেলের গুড-উইল বাঁচাতে হবে। সেবাবে কা বেকুবটাই না বানাল!

বিলাস ক্রত চলে গেল, তবক্ষিণীও গেলেন। সমীব এল।

স্মীৰ--ভদ্লোকটিৰ নাম কি মাানেজাৰ বাব ?

মহিম মাানেজাৰ বাব !

কুঞ্জ—বস্থন না, হছে। কন চাই তো ?

মহিম—( সমীবকে দেখালেন ) আমি জানতে চাই, এই লোক কোনদিন আপনাব হোটেলে এসে রাত্রিবাস কবেছিল কিনা ?

কুঞ্জ---বলতে বাধা নই।

মীরা-আপনারা বলেন না ব্ঝি ?

কুঞ্জ—বলি. এক পুলিদের লোকের কাছে। পুলিস যদি হন,
সভোষজনক প্রমাণ দিন।

মহিম-পুলিস নই, কিন্তু প্রমাণ দিচ্ছি।
টাকা দিলেন।

মীরা — সন্তোষজনক হয়েছে তো ?

কুঞ্জ—বস্থুন, বস্থুন। ওরে কে আছিস, এঁদের ছ-কাপ চা দিয়ে যা। মীরা—মাস ছয়েক আগে একটা মেয়ে আর একটা ছেলেকে আপনারা আহত অবস্থায় এনেছিলেন, মনে পড়ে १

কুঞ্জ---খুব, খুব---

মহিম তাদের নাম কি ?

কুঞ্জ-রস্থন। (খাতা দেখে) অমিতা দেবী আব সমীর দত্ত।

মহিম—( মীরাকে ) কেমন ? হয়, তুমি গল্প বানিয়েছ—আব নয়তে। অমিতা গল্প বানিয়ে তোমার কাহে ভালমানুষ হয়েছে।

মীরা—( সমীরকে দেখিয়ে ) একে চেনেন ?

মহিম-এই সেই সমার দত্ত।

ভোলা—কক্ষণো না। আমার ভিজিট বাকি ছিল, এবাব শোধ কবে দিয়েছেন। তিনি আট নম্বরে আছেন। সেই মেয়েটি স্কুদ্ধ।

মীরা—তারা আছে ? এখানে আছে

কুঞ্চ—এ ভাবে গোপন তথ্য কাঁস কবা সত্যস্ত সন্মায় ডাক্তাব।

মীরা—তারা আছে ? আসুন না ম্যানেজবিধাব্, আমরা দেখা করব। (কুঞ্জ ইতস্তত করছেন) এবার আরও সম্ভোষজনক হবে। বৃঝ্লেন ? আপনি আসুন—

মীরা মহিমেব হাত ধরে নিয়ে চলল। কুঞ্চও চললেন।

(b) হোটেলের বারানা। ক্রুডভাবে নীলান্তি আসছিল। সঙ্গে বিলাস,
অমিতা আর তরঙ্গি।
নীলান্তি—কে ? কারা নিন্দে রটাচ্ছে ? আমি দেখে নেবো।
বিলাস—সকলে। ঐ যে ওঁরাও—
মহিম, নিকুঞ্জ ও মীরার প্রবেশ।

কুল-এই যে, এ রাই।

মহিম---দাভা।

নীলাজি--কেন গ

অমিতা—বাবা, চলে যাচ্ছি আমরা। অনেক কণ্ট দিয়ে গেলাম। অমিতা প্রণাম করল।

- মহিম—( আগুন হয়ে উঠলেন) নবাবের বেটা। পবের মেয়ে প্রণাম করল, নিজের ছেলে তুই কাঠ হয়ে দাঁভিয়ে রইলি। মুখা গোঁয়ার কোথাকার। ভোকে পড়াতে হাজার হাজার টাকার অপবায় করেছি।
- নীলান্দ্রি—( ঠক কবে প্রণাম করল ) আপনারা এখানেও জ্বটে এসে কুকুরের মতো তাড়াবার ব্যবস্থা করছেন। ভেবেছেন, পৃথিবীতে আর জায়গা নেই ?

সমীব, প্রেশ, দাবাড়ে তুইজন, জোলানাথ বাইরের দিক দিয়ে এবং মিঃ বে ভিতবের দিক দিয়ে একের পর এক আসতেন।

সম্ব—এই যে ভাই নীলাছি। সেই পোড়োবাগানে অমিতার ১মংকার ফোটো আছে। ভোমার এক কপি পাওয়া দবকার।

মহিম—স্কাউণ্ডেল, মাথাব খুলি ভেডে দেবো। জানিস, অমিতা আমাব পুত্ৰবৃ ?

ভোলা-আপনার গ

মহিম—ইটা ট

তরঙ্গিনী-আপনার ছেলে আব ছেলের বৌ এখানে-বোর্ডিং-এ ?

মহিম — রাগ। দেখছেন না, রেগে ট:। রাগের পুক্ষ রাগ করে এসেছেন।

পবেশ — সমার, তুনি বলছিলে এই হোটেলে তুমি ছিলে। কই ? তা হলে যত সব মিথ্যে রটিয়ে এসেছ ?

মহিম—আমার বাড়ির বউ, তার নামে শ্বয়তান কত কি রটনা করেছে মশার! ২য় দাবাড়ে—কাল আলাপ হয়েছে। দেখলাম, ছেলেটি আর বউটি অভি ভদ্র, অভ্যস্ত সুশীল।

মিঃ রে—এ ছবু তকে ভালো করে শিক্ষা দেওয়া দরকার।

২য় দাবাড়ে—প্রহার, স্রেফ কিল-চড়-ঘুসি।

সমীর—শুমূন, শুমূন। আহা কথাটা শুমূন না, আমি দোষী নই।

তরঙ্গিনী—একশ' বার দোষী। আমার মেয়েকে বিয়ে করবার কথা। এখন সবে পড়ছে।

ভোলা-—আমি বলি কি, প্রহারের পরিবর্তে লতিকার সঙ্গেই ওর বিবাহ সংঘটিত হোক। পাত্রী এখানেই আছে।

২য় দাবাডে--সেটা তো শাস্তি হবে না।

১ম দাবাড়ে—হবে, হবে। বিয়ে তো বেশির ভাগ ক্ষেত্রেই শাস্তি।

সমীর-আমি বিয়ে করব না।

২য় দাবাড়ে—তোমার চোদ্দপুক্ষ বিয়ে করবে।

পরেশ—কববে না কেন হে ? মেয়ে তো সেই কাঁচা-সোনা !

মহিম – কথা দিয়েছ যথন করতেই হবে। এক্ষুণি পাকা-দেখা।

সমীর—আড়াই হাজার টাকা চাই আমার। এঁরা তা-না না-না করছেন।

২য় দাবাড়ে—আড়াই হাজার ঘুসি।

মহিম—হোক বিয়ে, আমি দেবো টাকা।

স্মীর--আপনি ?

মহিম—নিশ্চয়। এই মা-জননীর বিয়েয় দিতে চেয়েছিলাম।
মহিম চৌধুরি এক কথার লোক। অমিতার বিয়ে নি-খরচায় হয়ে
গেল—মেয়ের বিয়েয় খরচ করতে আমার বড্ড শথ।

তরঙ্গিনী—দেবেন ?

মহিম—হাাঁ হাা, যান। পাকা-দেখার উত্তোগ করুন এক্লি। যান—যান আপনারা।

সকলে চলে গেলেন; রইলেন মহিম আর অমিতা।

অমিতা—কী আনন্দ হচ্ছে যে বাবা!

মহিম---আনন্দ চোথে জল আস্ছে মা। আমি হেরে গেলাম।

অমিতা -- কিলে ?

মহিম -- হারলাম না ? ছেলে জিভল---

অমিতা--তবু আপনার জিত।

মহিম-আমার-কিসে ?

অমিতা—হাঁ।—আপনারই। সেকালে তেরেছিলেন মুকুন্দ চৌধুরির ছেলে, একালে জিতে গেল আপনার—এই মহিম চৌধুরির ছেলে। তা হলে ? আপনার জিত হল না ?

মহিম—তা তো বটে! মহিম চৌধুরির ছেলে না হলে কেমন জিতত দেখি! জিত আমারই। তুই মেয়ে হয়ে এসেছিলি, মা হয়ে চিরকাল ঘরে থাকবি। আমারই জিত—ধোলআনা জিত—হাঃ হাঃ হাঃ। হেরে গেছি বলবে কোন হতভাগা ?

(জ) হোটেলের ভুইংরাম। সকলে উপস্থিত। সর্বাদে বস্তাত্ত লতিকাকেও আনা হয়েছে। মহিম ও অমিতা প্রবেশ।

তরঙ্গিনী--আমুন আমুন, আমরা তৈরি-

মহিম—খোল, মথথানা থোল দিকি মা। কনের মুখটা তুলে ধরুন। (সমীরের প্রতি চাপা-গলায়) এই তোমার কাঁচা-সোনা ?

২য় দাবাড়ে—কি মশায়, চুপচাপ কেন ? বিয়ে হবে না কিল-চড়— মহিম—বিয়েয় অধিক শাস্তি বলে মনে হচ্ছে।

মীরা—হোক। রূপ যদি না-ও থাকে, আপনি তো রূপোর দিকে এগিয়ে দিচ্ছেন।

পরেশ—হাঁা, জমাথরচে ঠিক থাকলে হল।

সমীর — আমার আপত্তি নেই।

মহিম—তা হলে ? তাই তো! কিছু নিয়ে আসিনি, কি দিয়ে যে আশীর্বাদ করি—

অমিত। কানের হুল খুলে দিল।

- অমিতা—এই নিন বাবা। আপনি হীরে-বসানো নতুন একজোড়া তো গড়িয়ে দেবেন—
- মহিম—দেবোই তো। ওহে মানেজার, তোমার লোকজন কোথায় ?
- মহিম—যা বাপু, ছুটে যা। ক'জন আছেন এখানে, গুণে দেখে নে—এ'দের মতে। মিষ্টি নিয়ে আয়।

ठीका निरंग निरंग निरंगती इत्वे द्वकत।

প্রেক্ষাগৃহ থেকে একজন দর্শক—আমরাও তো আছি।

মহিম—তাই তো! ওঁরাও সব রয়েছেন, দেখতে পাইনি—

ভোলা—চশনা আপনাকেও বদলাতে হবে মশায়।

- ২য় দাবাড়ে—আগে বলতে হয়! এখন চলে গেছে, বাজার অনেক দূর।
- মহিম—অন্তায় হয়ে গেল। যাকগে, বিলাসকুঞ্জ বোডিং-এ বসে দোকানের মিটি খেতে যাবেন কেন মশায়রা ? সন্ধাবেলা আমার বেহালার বাড়ি যাখেন অন্তগ্রহ করে। সকলে যাবেন, নিমন্ত্রণ করে যাচ্ছি।
- ২য় দাবাড়ে—বাড়ি চেনা যাবে ভো ?
- মারা খুব, খুব। এই তো, আমিই গিয়ে পড়েছিলাম একটু আগে।
  সদর উঠানে জামরুলগাছ, গোয়ালা গাই তুইছে, ঝি বাসন
  মাজছে কলতলায়—
- ভোলা—ব্যস, ব্যস! চিনতে কোন অস্থবিধে হবে না। টুকে নিচ্ছি—বেহালার বাজি়িিংগায়ালা গাই ছইছেে বাসন মান্তছে কলতলায় ঠিক চিনে যাবো—

## **যবনিকা**